গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
পরিকল্পনা মন্ত্রণালয়।

"বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা

৩য় খসড়া চূড়ান্ত প্রতিবেদন

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিষয়	পৃষ্ঠা নম্বর
	নির্বাহী সারসংক্ষেপ	(i) – (ii)
	Acronym and Glossary	(iii-vi)
প্রথম অধ্যায়	**প্রকল্পের বিস্তারিত বর্ণনা**	
১.১	পটভূমি	১
১.২	উদ্দেশ্য	২
১.৩	অনুমোদন/ সংশোধন/ মেয়াদ বৃদ্ধি	৩
১.৪	অর্থায়নের অবস্থা (মূল/ সংশোধনের হ্রাস/ বৃদ্ধির হার)	৩
১.৫	প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	৩
১.৬	অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা	৪
১.৭	প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয়	৫
১.৮	লগ ফ্রেম	১২
১.৯	টেকসইকরণ পরিকল্পনা	১৫
দ্বিতীয় অধ্যায়	**নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক পরিকল্পনা**	
২.১	সমীক্ষার কার্যপরিধি (TOR)	১৬
২.২	এলাকা নির্বাচন	১৭
২.৩	নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ	১৭
২.৩.১	সংখ্যাগত জরিপের নমুনা-সংখ্যা নির্ধারণ	১৭
২.৩.২	উত্তরদাতার নমুনা চয়ন	১৮
২.৩.৩	উত্তরদাতার নমুনা বন্টন	১৮
২.৩.৪	গুণগত পদ্ধতির ব্যবহার	১৯
২.৩.৫	ফোকাস গ্রুপ ডিসকাশন’ বা দলীয় আলোচনা (FGD)	১৯
২.৩.৬	কি ইনফরমেন্ট ইন্টারভিউ (KII)	১৯
২.৪	তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	২০
২.৪.১	মাঠকর্মী এবং সুপারভাইজার প্রশিক্ষণ	২০
২.৪.২	তথ্য সংগ্রহের উপকরণ প্রণয়ন (প্রশ্নপত্র)	২০
২.৪.৩	স্থানীয় পর্যায়ের কর্মশালা	২১
২.৪.৪	তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং	২১
২.৪.৫	তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ	২১
২.৪.৬	প্রকল্পের সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ (SWOT Analysis)	২১
২.৪.৭	প্রতিবেদন উপস্থাপন	২৩
২.৫	সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন	২৩
তৃতীয় অধ্যায়	**ফলাফল পর্যালোচনা**	
৩.১	প্রকল্পের অগ্রগতি	২৬
৩.১.১	প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন	২৬
৩.১.২	অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়	২৬

ক্রমিক নম্বর	বিষয়	পৃষ্ঠা নম্বর
৩.১.৩	প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি	২৭
৩.১.৪	সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ	৩১
৩.২	ক্রয় কার্যক্রম	৩৬
৩.২.১	ক্রয় পরিকল্পনা, বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৩৬
৩.২.২	প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয়পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কি না তা পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৩৮
৩.২.৩	প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পন্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন, ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ	৩৯
৩.২.৪	প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/ হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৪২
৩.২.৫	ক্রয় কার্যক্রম পর্যালোচনা	৪৩
৩.৩	উদ্দেশ্য অর্জন	৪৫
৩.৩.১	প্রকল্পের উদ্দেশ্য ও লগফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৪৫
৩.৪	প্রকল্প ব্যবস্থাপনা	৪৬
৩.৪.১	প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ	৪৬
৩.৪.২	প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যাবেক্ষণ	৪৯
৩.৪.৩	অডিট সম্পর্কিত	৫০
৩.৫	প্রকল্প অনুমোদন, সংশোধন, অর্থ বরাদ্দ/ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৫০
৩.৬	প্রকল্পের ঝুঁকি সম্পর্কিত বিভিন্ন বিষয় বিশ্লেষণ	৫৩
৩.৭	প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতি এবং ভৌত কাজের বিষয়ে মতামত	৫৯
৩.৮	আইএমইডি’ র পরিদর্শন প্রতিবেদনসমূহের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা	৬০
৩.৯	মাঠ পর্যায়ের জরিপ, দলভিত্তিক আলোচনা, স্থানীয় পর্যায়ের কর্মশালা ও কেআইআই –এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা	৬২
৩.৯.১	বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকদের খানা জরিপ	৬২
৩.৯.২	দলভিত্তিক আলোচনা (এফজিডি) থেকে প্রাপ্ত তথ্য উপস্থাপন	৬৮
৩.৯.৩	বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত বানিজ্যিক গ্রাহকদের জরিপ	৭১
৩.৯.৪	স্থানীয় পর্যায়ে কর্মশালা থেকে প্রাপ্ত তথ্য উপস্থাপন	৭৫
চতুর্থ অধ্যায়	**প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা**	
৪.১	প্রকল্পের SWOT ANALYSIS	৭৭

ক্রমিক নম্বর	বিষয়	পৃষ্ঠা নম্বর
পঞ্চম অধ্যায়	**পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ**	
৫.১	প্রকল্পের সার্বিক পর্যালোচনা	৭৯
ষষ্ঠ অধ্যায়	**উপসংহার**	
৬.১	সুপারিশ সমূহ	৮০
৬.২	উপসংহার	৮২
	পরিশিষ্টসমূহ	
পরিশিষ্ট-১	উন্নয়ন প্রকল্প/ কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা	৮৩ – ১১০
পরিশিষ্ট-২	Beneficiary Questionnaire	১১১ – ১২৬
পরিশিষ্ট-৩	প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য প্রশ্নপত্র	১২৭ – ১২৯
পরিশিষ্ট-৪	উপকারভোগী খানা জরিপ সারণী সমূহ	১৩০ – ১৪৫
পরিশিষ্ট-৫	উপকারভোগী বাণিজ্যিক গ্রাহক জরিপ সারণী সমূহ	১৪৬ – ১৫৪
পরিশিষ্ট-৬	পরামর্শকের কার্যপরিধি (TOR)	১৫৫ – ১৫৯
পরিশিষ্ট-৭	পরামর্শকের কার্যপরিধি (TOR)-এর চেকলিস্ট	১৬০

নির্বাহী সারসংক্ষেপ

বৃহত্তর রাজশাহী বিভাগের জেলা সমূহের মানুষের বিদ্যুতের আবাসিক ও বাণিজ্যিক চাহিদা পূরণ ও আর্থসামাজিক উন্নয়নের জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে 'বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন' নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বৃহত্তর রাজশাহী বিভাগের ৮টি জেলার ১০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। এই অঞ্চলের মানুষের বর্তমান আর্থিক অবস্থা দেশের গড় মানের নিচে। এই অঞ্চলের মানুষের দারিদ্র্য দূর করার জন্য এবং তাদের জীবনের মান উন্নয়নের জন্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন খুবই জরুরী। প্রকল্পটি বাস্তবায়িত হলে রাজশাহী বিভাগের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধি পাবে, ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ হয়ে সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ হবে, সিস্টেম লস কমবে এবং লোড শেডিং কমবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য হলো প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রমের বর্তমান অবস্থা ও অগ্রগতির পর্যালোচনা করা, প্রকল্পটি বাস্তবায়নের আসল উদ্দেশ্য অর্জিত হচ্ছে কিনা সেটি দেখা, এর বাস্তবায়নকালীন দুর্বলতা সমূহ সনাক্ত করে প্রকল্পটি যথাসময়ে ও সঠিকভাবে শেষ করার বিষয়ে পরামর্শ ও নির্দেশনা দেয়া।

গত ২৪/০৩/২০১৫ তারিখে একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। মূল ডিপিপি-তে প্রকল্পের বাস্তবায়নকাল ধরা হয়েছিল জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮ পর্যন্ত ও প্রকল্প ব্যয় ধরা হয়েছিল ৯১৪৯৮.৮৭ লক্ষ টাকা। কিন্তু প্রকল্পের কাজ যথাসময়ে শেষ না হওয়াতে ডিপিপি সংশোধন করা হয় এবং প্রকল্পটি ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বর্ধিত করা হয়। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৯৬৪১৬.০১ লক্ষ টাকা (জিওবি ৯২৫৫৭.০৭ লক্ষ ও সংস্থার নিজস্ব ৩৮৫৮.৯৪ লক্ষ টাকা)। বিভিন্ন কারণে প্রকল্পটি এই সময়েও শেষ না হওয়াতে পুনঃসংশোধন করে অতিরিক্ত ব্যয় বৃদ্ধি ছাড়া প্রকল্পটি ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়।

সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারী ও সেকেন্ডারী উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারী তথ্যগুলি সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারী তথ্যগুলি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী জোন এবং সংশ্লিষ্ট সংস্থা থেকে সংগ্রহ করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিতরণ এলাকা রাজশাহীর অধীনস্থ ০৮ (আট)টি জেলা এবং ১৭ (সতেরো)টি স্টেশন এলাকা নিয়ে বৃহত্তর রাজশাহী, বৃহত্তর বগুড়া এবং বৃহত্তর পাবনা অঞ্চল নির্বাচন করা হয়েছে। সমীক্ষার জন্য মোট এফজিডি সংখ্যা ২০ টি। স্থানীয় পর্যায়ে কর্মশালা গত ১৪ জুন, ২০২০ তারিখে সম্পাদন করা হয়েছে। এই অঞ্চলের মোট ৮টি জেলায় বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত ৪০০ গ্রাহকের খানা জরিপ পরিচালনা করা হয়। জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে বেশ কিছু সংখ্যক আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের তুলনামূলক সন্তুষ্টির প্রমাণ পাওয়া গেছে।

প্রকল্পটির শুরু জুলাই, ২০১৫ থেকে মে, ২০২০ পর্যন্ত বাস্তব অগ্রগতি দেখা যায় ৮৮.৫০%, যা প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে কিছুটা পিছিয়ে আছে বলে প্রতীয়মান হয়। একই সময় পর্যন্ত প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৭০.৪৫%। প্রকল্পের আওতায় মূল ডিপিপি অনুযায়ী পণ্য , কার্য ও সেবা সংগ্রহের জন্য যে সমস্ত প্যাকেজ নির্ধারণ করা হয়, সেগুলোর প্রতিটি প্যাকেজের ক্রয়ের জন্য অনুমোদন লাভ ও ক্রয় প্রক্রিয়ায় প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন, ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে বলে

প্রতীয়মান হয়। প্রকল্পের জন্য বিভিন্ন মাপের বৈদ্যুতিক খুঁটি বা পোল বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতায় পিসি পোল নির্মাণ প্ল্যান্ট আরিচা/চট্টগ্রাম থেকে সংগ্রহে বিলম্ব হওয়া, ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের উদ্যেশ্যে GIS প্যাকেজটির চুক্তির মেয়াদ ০৯/০৪/২০২০ তারিখে শেষ হওয়া ও জমি অধিগ্রহণে বিলম্বের কারণে বেশি সময় লাগাতে প্রকল্পের মেয়াদ পুনরায় বৃদ্ধি করে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়। ক্রয় প্রক্রিয়ার বিভিন্ন দলিলপত্রাদি পরীক্ষা করে দেখা যায় যে, পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমান অনুযায়ী যাচাই করা হয়েছে। সংশ্লিষ্ট তথ্যাদি পরীক্ষা করে দেখা যায় যে, প্রকল্পের ক্রয় প্রক্রিয়ায় বিভিন্ন ধাপে এখন পর্যন্ত অর্থায়নে কোন বিলম্ব ঘটে নাই।

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার মাধ্যমে চলমান প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সুনির্দিষ্ট কিছু সুপারিশ করা হয়েছে। যেমন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজ বন্ধ থাকাতে প্রকল্পের সময়সীমা ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বৃদ্ধি, প্রকল্পের সময়সীমা বৃদ্ধি করা হলে প্রকল্প পরিচালকের অধীনে জনবল বৃদ্ধি, করোনা পরিস্থিতিতে প্রকল্পের কাজ চালিয়ে যাবার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া ও বিভিন্ন উদ্যোগ নেওয়া, প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হলেও আর্থিক ব্যয় প্রকল্পের বাকি অংশেও বজায় রাখার চেষ্টা করা, যথা সময়ে ও প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক পোল প্রাপ্তি নিশ্চিত করার জন্য বিকল্প উৎস রাখা, প্রকল্পটির সময়সীমা বৃদ্ধি পাওয়াতে প্রকল্পটির মূল্যায়নের জন্য লজিক্যাল ফ্রেমওয়ার্কের ইন্ডিকেটর সংশোধন করা, একটি কার্যকরী Exit Plan তৈরী করা, প্রকল্পের জিআইএস সহ কিছু উপকেন্দ্রের কাজের অগ্রগতি কম বিধায় এই কাজের সমস্যার অংশগুলো (Bottleneck) চিহ্নিত করা এবং এর সমাধান করা, জমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য কোনো কর্মকর্তাকে নিয়োগ দেওয়া, ডিপিপিতে সুনির্দিষ্ট ম্যাটেরিয়ালের জন্য প্যাকেজের আওতায় লটে বিভক্ত না করে প্যাকেজ অনুসারে বিভক্ত করা, লাইন নির্মাণের ম্যাটেরিয়ালসমূহ প্যাকেজওয়ারী বিভক্ত করা, কাজের অগ্রগতির স্বার্থে যথোপযুক্ত ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং অ্যাকাউন্টিং সফটওয়ার ব্যবহার করা, কিছু কিছু এলাকার সার্ভে রিপোর্ট দেখে অগ্রগতি বিশ্লেষণ করা ও উপযুক্ত ব্যবস্থা নেওয়া, প্রকল্পটি বিলম্বের ফলে ভিশন-২০২১ অনুযায়ী ২০২১ সালের মধ্যে ৫০০,০০০ গ্রাহককে সংযোগ দিবার লক্ষ্যমাত্রা সংশোধন করা এবং Feasibility Study Report – এ বছরভিত্তিক আর্থিক পরিকল্পনা অন্তর্ভুক্ত করা।

Acronym and Glossary

ACSR	:	Aluminium Conductor Steel-Reinforced
ADP	:	Anual Development Plan
AIT	:	Advance Income Tax
APP	:	Annual Procurement Plan
BOQ	:	Bill of Quantity
CCGP	:	Cabinet Committee on Government Purchase
CD	:	Custom Duty
CT	:	Current Transformer
DPP	:	Development Project Proforma/Proposal
ECNEC	:	Executive Committee of the National Economic Council
e-GP	:	Electronic Government Procurement
EMRD	:	Energy and Mineral Resources Division
EPC	:	Engineering, Procurement and Construction
FGD	:	Focus Group Discussion
GOB	:	Government of Bangladesh
IMED	:	Implementation Monitoring and Evaluation Division
KII	:	Key Informant Interview
LOI	:	Letter of Invitation
LS	:	Lump-Sum
NESCO	:	Northern Electricity Supply Company Limited
NOA	:	Notification of Award
ODK	:	Open Data Kit
OEM	:	Original Equipment Manufacturer
OTM	:	Open Tender Method
PDB	:	Power Development Board

PDSDP	:	Power Distribution System Development Project
PIC	:	Project Implementation Committee
PPA	:	Public Procurement Act
PPR	:	Public Procurement Rules
PSC	:	Project Steering Committee
PT	:	Power Transformer
R&I	:	Receive and Inspection
STOC	:	Standing Tender Opening Committee
SWOT	:	Strength, Weakness, Opportunities and Threats
TEC	:	Technical Evaluation Committee
TOC	:	Tender Opening Committee
TOR	:	Terms of Reference
VAT	:	Value Added Tax
VCB	:	Vacuum Circuit Breaker
XLPE	:	Cross-Linked Polyethylene
পাউবো	:	পানি উন্নয়ন বোর্ড
বিউবো	:	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Activity	:	Action taken or work performed within a project in order to transform inputs (funds, materials) into outputs (organizations, buildings).
Beneficieries	:	The direct (or intended) beneficiaries (target group) plus the indirect beneficiaries of a project
Communications management	:	Communications management is the systematic planning, implementing, monitoring, and revision of all the channels of communication within an organization, and between organizations
Evaluation	:	A systematic and independent examination of a project in order to determine its efficiency, effectiveness, impact, sustainability and the relevance of its objectives.
Focus group discussion	:	A focus group discussion involves gathering people from similar backgrounds or experiences together to discuss a specific topic of

		interest. It is a form of qualitative research where questions are asked about their perceptions attitudes, beliefs, opinion or ideas.
Indicator	:	In the context of logical framework analysis (LFA), an indicator defines the performance standard to be reached in order to achieve an objective.
Input	:	The funds, personnel, materials, etc. of a project which are necessary to produce the intended output
Key informant interview	:	Key informant interviews are qualitative in-depth interviews with people who know what is going on in the community.
Logical Framework Matrix (Logframe)	:	Management tool used to improve the design of interventions, most often at the project level. It involves identifying strategic elements (inputs, outputs, outcomes, impact) and their causal relationships, indicators, and the assumptions or risks that may influence success and failure. It thus facilitates planning, execution and evaluation of a development intervention. The matrix in which a project's Intervention Logic, Assumptions, Objectively Verifiable Indicators and Sources of Verification are presented.
Monitoring	:	Continuous or periodic surveillance of the physical implementation of a project to ensure that inputs, activities, outputs and external factors are proceeding according to plan.
Output	:	The results that can be guaranteed by the project as a consequence of its activities
Physical contigency	:	Physical contingency is to cover physical uncertainties beyond the base case to complete the project. Often calculated and expressed as. percentages of base costs
Project	:	A set of planned undertaking/activities designed to achieve certain specific objectives within a given budget and a specified period of time.
Qualitative survey	:	Qualitative survey research is a less structured research methodology used to gain in-depth information about people's underlying reasoning and motivations. The end goal is to develop a deep understanding of a topic, issue, or problem from an individual perspective.
Quantative survey data	:	Quantitative data is defined as the value of data in the form of counts or numbers where each data-set has a unique numerical value associated with it. Quantitative data is usually collected for statistical analysis using surveys, polls or questionnaires sent across to a specific section of a population.
Stakeholder management	:	Stakeholder management is the process by which you organise, monitor and improve your relationships with your stakeholders. It

		involves systematically identifying stakeholder; analysing their needs and expectations; and planning and implementing various tasks to engage with them.
Target Group (Direct beneficiaries)	:	The specific group for whose benefit the project or programme is undertaken; closely related to impact and relevance.

প্রথম অধ্যায়

প্রকল্পের বিস্তারিত বর্ণনা

১.১ পটভূমি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিতরণ এলাকা রাজশাহীর অধীনস্থ বৃহত্তর রাজশাহী, বৃহত্তর বগুড়া এবং বৃহত্তর পাবনার ০৮ (আট)টি জেলা এবং ৬০ (ষাট)টি উপজেলা নিয়ে গঠিত। এই এলাকার ভূমির মোট আয়তন ১৬,৪৯৩ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা ২ কোটি ১৭ লক্ষ (প্রায়)। এই অঞ্চলের সকল জেলাসমূহের বিদ্যুতের চাহিদা প্রধানত কৃষি ভিত্তিক। সেচে বিদ্যুতের ব্যবহার দিন দিন বাড়ছে। একই সাথে নতুন চাল কল, কোল্ড স্টোরেজ, হাঁস-মুরগীর খামার, কৃষি ভিত্তিক ও মৎস শিল্প সমূহ এখানে প্রতিষ্ঠিত হচ্ছে। এখন রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন ধরনের বড় শপিং মল, ব্যবসা কেন্দ্র এবং শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠছে। এছাড়া বগুড়া শহরের আশেপাশে মধ্যম ও ভারী শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে এবং ফল স্বরূপ বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। পাবনায় একটি রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল প্রতিষ্ঠিত হয়েছে। সেখানে স্থানীয় ও বিদেশী শিল্পকারখানা স্থাপিত হচ্ছে এবং এর ফলে বিদ্যুতের চাহিদা দিন দিন বেড়ে যাচ্ছে। এই অঞ্চলে ইতিমধ্যে বেশ কিছু বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ হয়েছে। বর্তমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা অনেক স্থানেই পুরাতন ও জরাজীর্ণ। এছাড়াও সরকারের লক্ষ্য ২০২১ সালের মধ্যে 'সবার জন্য বিদ্যুৎ' অর্জন করার লক্ষ্যে, বিতরণ ব্যবস্থার ধারণ ক্ষমতা উন্নয়নের জন্য নতুন বিতরণ লাইন ও এ সম্পর্কিত অবকাঠামো উন্নয়ন প্রয়োজন, যাতে আরো বেশি সংখ্যক মানুষকে এই সকল এলাকায় বিদ্যুতের আওতায় আনা যায়।

এই অঞ্চলের মানুষের বর্তমান আর্থিক অবস্থা দেশের গড় মানের নিচে। এই অঞ্চলের মানুষের দারিদ্র্য দূর করার জন্য এবং তাদের জীবনের মান উন্নয়নের জন্য বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন খুবই জরুরী। এই অঞ্চলে বিদ্যুতের প্রাপ্যতা প্রয়োজনীয় সংখ্যক সেচ পাম্পের ব্যবহার নিশ্চিত করবে এবং ফলস্বরূপ কৃষি সম্পদের উন্নয়ন ও শাক-সবজি উৎপাদন বাড়াবে।

এই এলাকার মানুষের দীর্ঘ সময়ের চহিদা পূরণ এবং এই অঞ্চলের ও একই সাথে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য, এই বিতরণ প্রকল্পটির বাস্তবায়ন অপরিহার্য। এই পরিপ্রেক্ষিতে বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক 'বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন' শীর্ষক প্রকল্পটি বাস্তবয়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার পর উত্তরাঞ্চলের রাজশাহী ও রংপুর বিভাগের ১৬ টি জেলার বিদ্যুৎ বিতরণের দায়িত্বে প্রতিষ্ঠিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর একটি প্রতিষ্ঠান নর্দার্ন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড এর নিকট হস্তান্তর করা হবে।

১.২ উদ্দেশ্য

প্রকল্পটির বিস্তারিত উদ্দ্যেশ্য নিচে দেওয়া হলঃ

- বিতরণ জোন, রাজশাহীর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বর্ধিতকরণ;
- সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা;
- ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ;
- সিস্টেম লস কমানো এবং
- বিদ্যুৎ ব্যবস্থার দুর্বলতাহেতু লোড শেডিং কমানো।

বাংলাদেশের মানচিত্রে প্রকল্প এলাকার অবস্থান

১.৩ অনুমোদন/ সংশোধন/ মেয়াদ বৃদ্ধি

সরকারি অর্থায়নে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড আওতাধীন "বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন" এর ডিপিপি গত ২৪/০৩/২০১৫ ইং তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। মূল ডিপিপি-তে প্রকল্পের বাস্তবায়নকাল ধরা হয়েছিল জুন, ২০১৮ পর্যন্ত। কিন্তু প্রকল্পের কাজ শেষ না হওয়াতে সংশোধিত ডিপিপি-তে প্রকল্পটি ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বর্ধিত করা হয়। বিভিন্ন কারণে প্রকল্পটি এই সময়েও শেষ না হওয়াতে পুনঃসংশোধন করে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়। নিচে ছক আকারে বিস্তারিত দেওয়া হলঃ

অনুমোদনের তারিখ	প্রকল্প শুরুর তারিখ	প্রকল্প সমাপ্তির তারিখ
মূল অনুমোদিত	জুলাই, ২০১৫	জুন, ২০১৮
সংশোধিত	জুলাই, ২০১৫	ডিসেম্বর, ২০১৯
পুনঃসংশোধিত	জুলাই, ২০১৫	ডিসেম্বর, ২০২০

১.৪ অর্থায়নের অবস্থা (মূল/ সংশোধনের হ্রাস/ বৃদ্ধির হার)

১ম সংশোধিত ডিপিপি ৯৬৪১৬.০১ লক্ষ টাকা ব্যয়ে (জিওবি ৯২৫৫৭.০৭ লক্ষ টাকা, বিউবো'র নিজস্ব ৩৮৫৮.৯৪ লক্ষ টাকা) ২৭/০৯/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

প্রকল্পটির অর্থায়নের মূল ও সংশোধনের হ্রাস/ বৃদ্ধির হার নিচের সারণিতে দেখানো হলঃ

	মোট	টাকা (লক্ষ)	
		জিওবি	বিপিডিবি
মূল অনুমোদিত	৯১৪৯৮.৮৭	৮৮০০৪.৯৭	৩৪৯৩.৯০
সর্বশেষ সংশোধিত অনুমোদিত	৯৬৪১৬.০১	৯২৫৫৭.০৭	৩৮৫৮.৯৪
সংশোধনের হ্রাস/ বৃদ্ধির হার	৫.৩৭% (বৃদ্ধি)	৫.১৭% (বৃদ্ধি)	১০.৪৫% (বৃদ্ধি)

১.৫ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্প কাজের বিবরণঃ

- নতুন ১৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ;
- বিদ্যমান ২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশন/ রিনোভেশন;
- নতুন ১২৯৯ কিঃমিঃ বিতরণ লাইন নির্মাণ;
- বিদ্যমান ১৭১৪ কিঃমিঃ বিতরণ লাইন রিনোভেশন;
- অফিস ভবন, উপকেন্দ্র ভবন, বাউন্ডারী ওয়াল, অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন নির্মাণ এবং
- ১১/০.৪ কেভি ৯৫০টি বিতরণ উপকেন্দ্র স্থাপন।

১.৬ অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রকল্পের অগ্রগতি বাধাগ্রস্ত হওয়ায় প্রকল্পের কাজ শেষ হওয়ার পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা সংশোধন করা হয়েছে। নিচে প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা দেখানো হলঃ

ক্রমিক নং	অঙ্গের নাম	পরিমাণ	বাস্তব অগ্রগতি (মে/২০২০ পর্যন্ত)	বাস্তব অগ্রগতির শতকরা হার (%)	কাজ শেষ হওয়ার সম্ভাব্য তারিখ
১	ভূমি অধিগ্রহণ	১০.৫৮ একর	১০.৫৮ একর	১০০.০০	-
২	ভূমি উন্নয়ন	১২৬,২০৪ ঘন মিঃ	৮০,৭৪২ ঘন মিঃ	৭০.০০	মার্চ, ২০২১
৩	ফাংশনাল বিল্ডিং	৪৪৪০ বর্গ মিঃ	৪,২৪০ ঘন মিঃ	৮৯.০০	মার্চ, ২০২১
৪	সাব-স্টেশন বিল্ডিং	২৭০০ বর্গ মিঃ	২,৫০০ ঘন মিঃ	৯১.০০	মার্চ, ২০২১
৫	রাস্তা, বাউন্ডারী ওয়াল, ইত্যাদি	LS	LS	৫০.০০	মার্চ, ২০২১
৬	স্টোর হাউস, গার্ডরুম, ইত্যাদি	LS	LS	৯৫.৫০	মার্চ, ২০২১
৭	৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি কম্পোজিট লাইন	২৯ কিঃমিঃ	২৩.০০ কিঃমিঃ	৭৯.৩১	মার্চ, ২০২১
৮	৩৩ কেভি লাইন (নতুন)	১৪৬ কিঃমিঃ	১২৫.০০ কিঃমিঃ	৮৫.৭১	মার্চ, ২০২১
৯	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১২৩ কিঃমিঃ	২৪.৯৪ কিঃমিঃ	৭০.২৭	মার্চ, ২০২১
১০	১১ কেভি লাইন (নতুন)	৩৪১ কিঃমিঃ	২৩৮.০০ কিঃমিঃ	৬৯.৭৯	মার্চ, ২০২১
১১	১১ কেভি লাইন (রিনোভেশন)	৩৭৫ কিঃমিঃ	৩২০.৪৪ কিঃমিঃ	৮৫.৪৫	মার্চ, ২০২১
১২	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৩৮৭ কিঃমিঃ	২৭৩.৩০ কিঃমিঃ	৭১.০০	মার্চ, ২০২১
১৩	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৩৪৪ কিঃমিঃ	৩০০ কিঃমিঃ	৮৭.২১	মার্চ, ২০২১
১৪	০.৪ কেভি লাইন (নতুন)	৩৯৬ কিঃমিঃ	৩৮৬.৯৫ কিঃমিঃ	৯৮.৪০	মার্চ, ২০২১
১৫	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৮৭১ কিঃমিঃ	৬৯৪.৬০ কিঃমিঃ	৭৯.৬৭	মার্চ, ২০২১
১৬	২×১৬/২০ এমভিএ এআইএস (নতুন)	১ টি	-	৫৩.০০	সেপ্টেম্বর, ২০২১
১৭	১×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	১ টি	-	৫২.০০	জুলাই, ২০২১
১৮	১×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	২ টি	১টি	৮০.০০	জুন, ২০২১
১৯	২×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	৬ টি	-	২৯.০০	সেপ্টেম্বর, ২০২১
২০	২×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	৪ টি	-	৫২.০০	জুন, ২০২১
২১	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৩ টি	-	৮৯.০০	জুন, ২০২১
২২	২×২০/২৬ এমভিএ (রিনোভেশন)	২ টি	১টি	৫০.০০	জুন, ২০২১
২৩	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২ টি	১টি	৫০.০০	জুন, ২০২১
২৪	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	১৭টি	১৪টি	৯৩.০০	জুন, ২০২১
২৫	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২টি	১টি	৮২.০০	জুন, ২০২১
২৬	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	১টি	-	৬৩.০০	জুন, ২০২১
২৭	৩×১০/১৩.৩৩ এমভিএ	৩টি	-	৬৬.০০	জুন, ২০২১

ক্রমিক নং	অঙ্গের নাম	পরিমাণ	বাস্তব অগ্রগতি (মে/২০২০ পর্যন্ত)	বাস্তব অগ্রগতির শতকরা হার (%)	কাজ শেষ হওয়ার সম্ভাব্য তারিখ
	(আপগ্রেডেশন/ রিনোভেশন)				
২৮	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৫৩৫টি	৪৮৯টি	৯১.৪০	-
২৯	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	২০০টি	১৮৯টি	৯৪.৫০	-
৩০	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	২১৫টি	১৮১টি	৮৪.১৯	-
৩১	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৩৭৬টি	২৬৫টি	৭০.৪৮	-
৩২	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	২৬২টি	১৫৬টি	৫৯.৫৪	-
৩৩	পরামর্শক	২৮৮ জন/মাস	-	৭০.০০	ডিসেম্বর, ২০২১
৩৪	প্রশিক্ষণ	LS	-	০.০০	ডিসেম্বর, ২০২১
৩৫	অভ্যন্তরীণ পরিবহন	৫০,৯৫০টি এর মধ্যে ৩৯,৮৬৮টি	৩৪,৯৬৭টি	৮৭.৭১	ডিসেম্বর, ২০২১
৩৬	ইন্টলেশন কস্ট	৩০১৩ কিঃমিঃ	২,৪০০ কিঃমিঃ	৭৯.৬৫	ডিসেম্বর, ২০২১
৩৭	কাস্টম ডিউটি, ট্যাক্স ও ভ্যাট	-	-	৮৫.০০	মার্চ, ২০২১
৩৮	কস্ট এসকেলেশন	-	-	০.০০	-
৩৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	-	০.০০	--
	মোট		-	৮৮.৫০	-

১.৭ প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয়

<u>প্রকল্পের কর্মপরিকল্পনা</u>

সংশোধিত ডিপিপিতে উল্লেখিত প্রকল্পের প্রধান ৮টি প্যাকেজের ক্রয় ও কর্মপরিকল্পনা নিচে দেখানো হলঃ

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
১	Design, Supply, Intallation, Testing & Commissioning of 33/11 kV 06 Nos. of New 2×10/13.33 MVA & 1 No. of new 1×10/13.33 MVA GIS Substation on Turnkey Basis (GIS)	০১/০৪/ ২০১৮	০৯/০৪/ ২০২০
২	Design, Supply, Intallation, Testing & Commissioning, Upgration & Renovation of 33/11 kV, 2×10/13.33 MVA Talaimari & Katakhali, 2×10/13.33 MVA Shalbagan & Airport and Renovation of 2×20/26.66 MVA City Center AIS Substation on Turnkey Basis (AIS-1)	১৬/০৩/ ২০১৮	১৫/০৩/ ২০১৯
৩	Design, Supply, Erection, Testing & Commissioning and Construction of 01 No. of 1×10/13.33 MVA AIS Substation, 01 No. of 2×5/6.67 MVA 33/11 KV Rural Type Substation, Renovation of 02 Nos. 2×10/13.33 MVA 33/11 KV AIS Substation, 01 No. 2×20/26.66 33/11KC AIS Substation, Upgradation of 03 Nos. Regular Type 2×10/13.33 MVA 33/11 KV AIS Substation, From 2×5+5/6.67 MVA Rural type	০১/০৪/ ২০১৮	৩১/০৩/ ২০১৯

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
	Substation on Turnkey Basis (AIS-2)		
৪	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-3)	২৬/০৪/ ২০১৮	২৫/০৪/ ২০১৯
৫	Design, Supply, Installation, Up-gradation, Renovation, Testing and Commissioning of 33/11 KV Sub-station	০১/০৩/ ২০১৮	২৮/০২/ ২০১৯
৬	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-5)	২৬/০৪/ ২০১৮	২৫/০৪/ ২০১৯
৭	Design, Supply, Erection, Testing, Commissioning & Construction of 01 No. of 2×10/13.33 MVA AIS & 01 no. of 2×5/6.67 MVA Rural Type, Renovation of 02 Nos. 2×10/13.33 MVA & 01 No. 3×10/13.33 & Upgradation of 3×5/6.67 MVA 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-6)	০১/০৪/ ২০১৮	৩১/০৩/ ২০১৯
৮	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning & Upgradation of 01 No. 2×10/13.33 MVA & 01 No. 2×20/26.66 MVA, Renovation of 04 Nos, 2×10/13.33 MVA, 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-7)	০৬/০৩/ ২০১৮	০৫/০৩/ ২০১৯

ডিপিপিতে উল্লেখিত প্রকল্পের বাকি প্যাকেজসমূহের কর্মপরিকল্পনা ও ক্রয় নিচে দেখানো হলঃ

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
১	Construction of new 33KV Line from Naogaon Grid Sub-Station to Polytechnic (Chwak Dowlat) New Sub-station	২৫/০৩/ ২০১৭	০৫/১১/ ২০১৮
২	Construction of new 33KV Line from Chapainowabganj Grid Sub-station to Noyagola New Sub-station	২৫/০২/ ২০১৭	৩১/১২/ ২০১৮
৩	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Line at Godagari ESU under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	০২/০৫/ ২০১৭	৩০/০৪/ ২০১৯
৪	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Line at Tanor ESU under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০৪/২০১৭	৩০/০৪/ ২০১৯
৫	Construction of new 33KV Lines from Bogra 132/33KV Grid Sub-station to Dupchanchaia proposed 33/11KV Sub-station at Dupchanchia S&D under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	২৫/০৪/ ২০১৭	০৫/১১/ ২০১৮
৬	Construction of new 33KV, 11KV, 11/0.4KV, 0.4KV Lines and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at Shibganj (Bogra) ESU under PDSDP, Rajshahi Zone, PDB, Bograi	০৭/০৫/ ২০১৭	০৫/১০/ ২০১৮
৭	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at Shibganj (Chapai) ESU under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০৭/ ২০১৭	৩০/১০/ ২০১৮
৮	Construction and renovation of new 33KV, 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at Sherpur S&D under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	০১/০৬/ ২০১৭	৩০/১০/ ২০১৯
৯	Construction of 33KV, 11KV, 11/0.4 KV & 0.4KV Lines and	২৬/০৭/ ২০১৭	৩০/১০/ ২০১৯

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
	installation & renovation 11/0.4KV distribution transformer at Dupchanchia S&D under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra		
১০	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines and installation & renovation of 11/0.4KV distribution transformer at Santahar S&D under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	০১/০৮/ ২০১৭	৩০/১০/ ২০১৯
১১	Construction of new 11KV, 11/0.4KV & 0.4KV Lines and renovation of 11KV, 11/0.4KV, 0.4KV Lines at Bogra S&D-3 under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	২৬/০৭/ ২০১৭	১৫/১০/ ২০১৯
১২	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-2, Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৫/১২/ ২০১৭	৩১/১২/ ২০১৯
১৩	Construction and renovation of new 33KV, 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at Sherpur S&D under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০১/ ২০১৮	২১/০১/ ২০২০
১৪	Renovation of new 33KV lines from Talaimary 33/11KV S/S to City Central 33/11KV S/S at S&D-1 and 3 Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১০/১২/ ২০১৭	১৫/১০/ ২০১৮
১৫	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-3, Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB,	১৬/০১/ ২০১৮	২০/১২/ ২০১৯
১৬	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-5 Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	২৬/০১/ ২০১৮	২০/১০/ ২০১৯
১৭	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-Naogaon under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০২/ ২০১৮	২০/০৩/ ২০১৯
১৮	Construction of new 33KV Lines from Chalkdoulot new 33/11KV S/S to Baludanga 33/11KV S/S at S&D-Naogaon under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	২০/১০/ ২০১৮	১৫/০৯/ ২০১৯
১৯	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-Chapainoabganj under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১০/১২/ ২০১৭	৩০/১০/ ২০১৮
২০	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-1, Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০১/ ২০১৮	৩০/১১/২০১৯
২১	Construction of new and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-4, Rajshahi under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১০/০২/ ২০১৮	১৫/০৯/ ২০১৯
২২	Renovation of 33KV Lines from Huzrapur 33/11KV S/S at S&D-Gomostapur under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১০/১১/ ২০১৮	৩১/১২/ ২০১৯
২৩	Renovation of 33KV Lines from Haripur Grid to Godaigari 33/11KV S/S & from Haripur Grid to Bottala 33/11KV S/S and from Bottala 33/11KV S/S to Huzrapur 33/11KV S/S at Chapainowabganj under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০৩/ ২০১৮	২০/০৫/ ২০১৯
২৪	Construction of new and renovation of 33 KV, 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D, Natore under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/০৬/ ২০১৮	৩১/১২/ ২০১৯

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
২৫	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D, Ishurdi under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৮/১২/ ২০১৭	৩০/১০/ ২০১৯
২৬	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-1, Pabna under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০১/ ২০১৮	০৫/১১/ ২০১৯
২৭	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-2, Pabna under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০১/ ২০১৮	০৫/১১/ ২০১৯
২৮	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-1, Bogra under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৮/১২/ ২০১৭	৩০/১০/ ২০১৯
২৯	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D-2, Bogra under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	২০/১২/ ২০১৭	৩০/১০/২০১৯
৩০	Construction and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D, Sirajganj under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০১/ ২০১৮	৩০/১০/ ২০১৯
৩১	Construction of new 33 KV, 11KV, 11/0.4 KV & 0.4KV Lines and renovation of 11KV, 11/0.4 KV & 0.4KV Lines at S&D, Joypurhat under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০১/২০১৮	১৫/০৯/ ২০১৯
৩২	Construction of 33/11/0.4 KV composite line from Ishurdi 132/33KV Grid to Patilakhali to Babupara at S&D, Ishurdi under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৮/১২/ ২০১৭	০৫/০৩/ ২০১৯
৩৩	Construction of new 33KV line from Naogaon 132/33KV Grid S/S to Proposed Santahar & Adomdighi 33/11KV S/S at S&D, Santahar under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	২০/০৬/ ২০১৮	২৮/০২/ ২০১৯
৩৪	Construction of new 33KV line from Sirajganj 132/33KV Grid S/S to Puthiabari 33/11KV S/S and renovation of 33KV line from Raipur S/S to Bahirgola S/S at S&D, Sirajganj under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/১০/ ২০১৮	০৫/১২/ ২০১৯
৩৫	Renovation/upgradation of 33KV line from Nurpur to Laskarpur, Chatiani to Laskarpur, Nurpur grid to Nurpur Feeder & Nurpur Grid to Chatiani Feeder at S&D-1 &2, Pabna under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	২০/১০/ ২০১৮	০৫/১২/ ২০১৯
৩৬	Construction of 33KV line from 132/33KV Grid S/S to proposed Banani 33/11KV S/S to Shakharia proposed 33/11KV S/S and to proposed Godarpara 33/11 KV S/S & 33KV line renovation from 132/Shibbati S/S at S&D-1, 2 &3 , Bogra under PDSDP, Rajshahi Zone, PDB, Bogra	১৬/০৬/ ২০১৮	৩০/১১/ ২০১৯
৩৭	Construction of new & renovation of 11KV, 11/0.4KV & 0.4KV Lines at Gomostapur (Chapai) ESU under PDSDP, Rajshahi Zone, PDB, Rajshahi	১৬/১০/ ২০১৭	৩১/১২/ ২০১৯

<u>প্রকল্পের ক্রয়</u>

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির ক্রয় পরিকল্পনা বিস্তারিত পরিশিষ্ট-১ এ দেওয়া হয়েছে।

এখানে উল্লেখযোগ্য যে, প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ৯৬৪,১৬.০১ লক্ষ টাকা, যার মধ্যে সরকারের অংশ ৯২৫,৫৭.০৭ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থ ৩৮,৫৮.৯৪ লক্ষ টাকা। প্রকল্পটিতে ৫৩টি ক্রয় প্যাকেজের মোট পণ্য ক্রয়ের পরিমাণ ৭৩৬,৩৯.৭৫ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৭৬.৩৮%। এছাড়া কার্য ও সেবার মোট মূল্য ৭৫,০৫.৩৯ (= ৭০৫৫.৩৯ + ৪৫০.০০), যা মোট প্রকল্প ব্যয়ের ৭.৭৮%।

প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট ৫৩টি প্যাকেজের মধ্যে ৩৫টি প্যাকেজকে ৮টি প্যাকেজে রূপান্তরিত করে ক্রয় করা হয়। প্রকল্পের প্যাকেজভিত্তিক ক্রয়ের একটি সারসংক্ষেপ নিচে দেওয়া হলঃ

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
GIS	রাজশাহী, চাপাইনবাবগঞ্জ ও বগুড়া বিবিবি-সমূহের অধীনে নতুন ৩৩/১১ কেভি, ২×১০/১৩.৩৩ এমভিএ ৭টি জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস), প্রশিক্ষণ সহ	আইসিটি	সিসিজিপি	জিওবি	১১৮৭২.৪৯
AIS-১	রাজশাহী বিবিবি-এর অধীনে ৩৩/১১ কেভি, ২×১০/১৩.৩৩ এমভিএ ৫টি এআইএস সাবস্টেশন এর ক্ষমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	আইসিটি	সিসিজিপি	জিওবি	৩৬৩৩.১৭
AIS-২	রাজশাহী, নওগাঁ, নাটোর, গোদাগাড়ি, গোমস্তাপুর ও শিবগঞ্জ বিবিবি-সমূহের এর অধীনে বিভিন্ন ক্যাপাসিটির ৩৩/১১ কেভি, ৮টি সাবস্টেশন নতুন/ পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজের ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৪৮৩৬.৬২
AIS-৩	বিবিবি দুপচাচিয়া ও সান্তাহারের অধীনে ৩টি নতুন ৩৩/১১ কেভি, বিভিন্ন ক্যাপাসিটির রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	সিসিজিপি	জিওবি	২৬৬০.৪৩
AIS-৪	ঈশ্বরদী, পাবনা, নিরাজগঞ্জ, জয়পুরহাট বিবিবি সমূহের অধীনে ৫টি বিভিন্ন ক্যাপাসিটির নতুন/ পুনর্বাসন সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	বিপিডিবি	জিওবি	১৯২৬.৫০
AIS-৫	শেরপুর বিবিবি এর অধীনে মির্জাপুরে একটি নতুন ৩৩/১১ কেভি, ২×১৬/২০ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	সিসিজিপি	জিওবি	৩৬৬৬.৫২
AIS-৬	জয়পুরহাট, বগুড়া, শেরপুর ও নওগাঁ বিবিবি সমূহের অধীনে মোট ৬টি বিভিন্ন ক্যাপাসিটির ৩৩/১১ কেভি এআইএস ও রুরাল সাবস্টেশন এর নতুন/ পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজের ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	বিপিডিবি	জিওবি	২৫০৪.৩০
AIS-৭	চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও ঈশ্বরদী বিবিবি সমূহের অধীনে বিভিন্ন ক্যাপাসিটির মোট ৬টি ৩৩/১১ কেভি এআইএস সাবস্টেশনের পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	আইসিটি	সিসিজিপি	জিওবি	২৪৬৯.৬০
	ক্রয়কৃত উপকেন্দ্রের প্যাকেজের মোট মূল্য				৩৩,৫৬৯.৬৩
৩৬ (৩টি লটে)	১৫ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ৪,৬৮৩ টি)	ডিপিএম	বিপিডিবি	জিওবি	২৪৯৯.৮৪
৩৭ (৩টি লটে)	১২ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ২৬,৩৮৯ টি)	ডিপিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৭৭৫৪.৪০
৩৮ (২টি লটে)	৯ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ১৯,৮৭৮ টি)	ডিপিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৩৫৫০.৭২
৩৯ (৪টি লটে)	এসিএসআর ডগ/মার্লিন কন্ডাক্টর সরবরাহ	ওটিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৩০৯৮.৫৯
৪০ (৫টি	এসিএসআর ডগ কন্ডাক্টর সরবরাহ	ওটিএম	বিজ্ঞাখস	জিওবি	৩৭৮৬.১০

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
লটে)			মন্ত্রণালয়		
৪১ (৪টি লটে)	এসিসি ওয়াসপ (ইন্সুলেটেড) কন্ডাক্টর	ওটিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৩৮৮৩.৬৯
৪২ (৩টি লটে)	এসিসি এন্ট (ইন্সুলেটেড) কন্ডাক্টর	ওটিএম	বিপিডিবি	জিওবি	৮৪১.৪৪
৪৩ (৩টি লটে)	গাই ওয়্যার কন্ডাক্টর	ওটিএম	বিপিডিবি	জিওবি	১০৭৬.৬৫
৪৪ (১টি লটে)	আর্থ ওয়্যার কন্ডাক্টর	ওটিএম	বিপিডিবি	জিওবি	১২৮.৬৫
৪৫ (৫টি লটে)	৩৩ কেভি লাইনের ফিটিং সহ পিন/ ডিস্ক ইনসুলেটর ও গাই ইনসুলেটর	ওটিএম	বিপিডিবি	জিওবি	১০৩২.৮৫
৪৬ (৫টি লটে)	১১ কেভি লাইনের ফিটিং সহ পোস্ট/ ডিস্ক ইনসুলেটর ও গাই ইনসুলেটর	ওটিএম	বিপিডিবি	জিওবি	১৪৪৮.২৯
৪৭ (২টি লটে)	০.৪ কেভি লাইনের শ্যাকেল/ গাই ইনসুলেটর	ওটিএম	বিপিডিবি	জিওবি	১০৫.৫৫
৪৮ (২টি লটে)	৩৩ কেভি লাইনের আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	বিপিডিবি	জিওবি	১৪৯৩.৪৮
৪৯ (৩টি লটে)	১১ কেভি লাইনের আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	বিপিডিবি	জিওবি	৫০৭.৫০
৫০ (৩টি লটে)	১১/০.৪ কেভি আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	বিপিডিবি	জিওবি	৩৩৭৮.২৬
৫১ (২টি লটে)	১১/০.৪ কেভি আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	বিপিডিবি	জিওবি	৭৫০.৭৩
৫২ (৫টি লটে)	১১/০.৪ কেভি, এক্সেসরিস সহ ২৫০ ও ২০০ কেভিএ-এর বিতরণ ট্রান্সফর্মার, বিভিন্ন সাইজের পিভিসি কপার ক্যাবল, ট্রান্সফর্মার প্ল্যাটফর্ম, বিভিন্ন সাইজের টার্মিনাল লাগ, এমসিসিবি, লাইটনিং অ্যারেস্টর, ড্রপ আউট ফিউজ কানেক্টর, এইচ টাইপ কানেক্টর	ওটিএম	সিসিজিপি	জিওবি	৪৪৮০.৫৮
৫৩	যানবাহন (জিপ, ডবল কেবিন পিক আপ, মোটর সাইকেল) মোট ১২টি	ওটিএম	বিপিডিবি	জিওবি	২৫২.৮০
ক্রয়কৃত উপকেন্দ্র ব্যতীত পণ্যের মোট মূল্য					৪০০,৭০.১২
ক্রয়কৃত পণ্যের মোট মূল্য					৭৩৬,৩৯.৭৫
১ (ক)	ভূমি অধিগ্রহণ	ডিসি	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	২২৫০.০০
১ (খ)	ভূমি উন্নয়ন	ওটিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৭২০.৮৯
২ (ক, খ, গ ও ঘ)	নির্মাণ কাজ (ফাংশনাল ভবন, সাবস্টেশন ভবন, অন্যান্য পূর্ত কাজ, সীমানা প্রাচীর, রাস্তা ড্রেন, ভান্ডার, গার্ড রুম, ইত্যাদি	ওটিএম	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	২৯১৪.৬
আরডি-৪ ও ৫; ৮ডব্লিউ, আরডব্লিউ-৭, ৮, ১১, ১৭, ১৮,১৯, ২০/১, ২১, ২২, ২৩, ২৪, ২৫/১, ২৬/১, ২৭,	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন, বিউবোর অধীনে ৩৩ কেভি, ১১ কেভি, ১১/০.৪ কেভি ও ০.৪ কেভি লাইন নির্মাণ ও পুনর্বাসন/উন্নয়ন কাজ, বিভিন্ন ক্যাপাসিটির বিতরণ ট্রান্সফর্মার স্থাপন ও পুনর্বাসন কাজ।	ওটিএম	বিপিডিবি	জিওবি	৫৩৫৯.৫

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
২৮,২৯/১, ৪২ ও ৪৩; বিডব্লিউ-৯, ১০, ১৩, ১৪, ১৫, ১৬, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪১					
	অভ্যন্তরীন পরিবহন				
৬২, ৫৪-সি ও ৬৩	পোল পরিবহন	ওটিএম	বিপিডিবি	জিওবি	১,৯৮৫.০০
পূর্ত কাজের মোট ক্রয় মূল্য					৭,০৫৫.৩৯
	সেবা				
১	ইঞ্জিনীয়ারিং কনসালটেন্সি (স্থানীয়)	আরএফপি (কিউসিবিএস)	বিপিডিবি	জিওবি	৪৫০.০০

প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান আটটি ক্রয় প্যাকেজের সার-সংক্ষেপ নিম্নরুপঃ

সারণি – ১.১ : সম্পাদিত প্রধান চুক্তিসমূহের ও কাজের অবস্থার সারসংক্ষেপ

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি কার্যকরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ	মন্তব্য
১	Design, Supply, Installation, Testing & Commissioning of GIS (GIS)	২৪/০১/২০১৮	১০/০৪/২০১৮	০৯/০৪/২০২০	কাজটি চলমান
২	Design, Supply, Installation, Testing & Commissioning, Up gradation & Renovation of AIS Substation (AIS-1)	০৯/০১/২০১৮	১৫/০৩/২০১৮	১৪/০৩/২০১৯	কাজটি শেষ হয়েছে
৩	Design, Supply, Erection, Testing & Commissioning and Construction of Rural Type Substation, Renovation of AIS Substation, Up-gradation of AIS Substation, Rural type Substation (AIS-2)	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৮	০৩/০৪/২০১৯	কাজটি চলমান
৪	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of AIS Substation on Turnkey Basis (AIS-3)	২৮/১২/২০১৭	২২/০৪/২০১৮	২১/০৪/২০১৯	কাজটি চলমান
৫	Design, Supply, Installation, Up-gradation, Renovation, Testing and Commissioning of 33/11 KV Sub-station (AIS-4)	০১/০৩/২০১৮	০১/০৩/২০১৮	২৮/০২/২০১৯	কাজটি শেষ হয়েছে

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি কার্যকরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ	মন্তব্য
৬	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-5)	২৮/১২/ ২০১৭	২২/০৪/ ২০১৮	২১/০৪/ ২০১৯	কাজটি চলমান
৭	Design, Supply, Erection, Testing, Commissioning & Construction of Rural Type, Renovation & Up-gradation of AIS Substation (AIS-6)	০৪/০৪/ ২০১৮	০৪/০৪/ ২০১৮	০৩/০৪/ ২০১৯	কাজটি চলমান
৮	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning & Up-gradation & Renovation of AIS Substation (AIS-7)	০১/০৩/ ২০১৮	০১/০৩/ ২০১৮	২৮/০২/ ২০১৯	কাজটি শেষ হয়েছে

উপরের সারণি পরীক্ষা করলে দেখা যায় যে, সংশোধিত ডিপিপিতে যে কর্ম পরিকল্পনা প্রাক্কলিত করা হয়েছিল, প্রকল্পটির টার্ণ কী ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরের কর্ম পরিকল্পনা তার চেয়ে কোনো কোনো ক্ষেত্রে এগিয়ে আছে। কিন্তু নানাবিধ কারণে প্রকল্পটির সামগ্রিক কার্যক্রম সংশোধিত ডিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ে (ডিসেম্বর, ২০১৯) সম্পাদন করা সম্ভব হয় নাই। তাই প্রকল্পের মেয়াদ পরবর্তীতে সংশোধিত করে ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

১.৮ লগ ফ্রেম

নিচে প্রকল্পটির ডিজাইন এবং প্রকল্পের লজিক্যাল ফ্রেমওয়ার্ক সম্পর্কিত বিশ্লেষণ করা হলো।

<u>প্রকল্পটির ডিজাইন সম্পর্কিত আলোচনা ও বিশ্লেষণঃ</u>

প্রকল্পের ডিজাইন হিসাবে ধরা হয়, প্রকল্পের প্রাথমিক পর্যায়ে যে সকল বিষয়কে বিবেচনা করা হয়, যেমন, প্রকল্পের মূল অঙ্গসমূহ, কাঠামো, সফলতার বৈশিষ্ট্য এবং যেসব প্রতিশ্রুতি রক্ষা করা হবে সেসবের পরিকল্পনা।

প্রকল্পটির লক্ষ্য হলো বৃহত্তর রাজশাহী বিভাগের জেলা সমূহের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ঘটানো যাতে রাজশাহী বিভাগের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধি পায় ও ফলে মানুষের বিদ্যুতের আবাসিক ও বাণিজ্যিক চাহিদা পূরণ হয় ও আর্থসামাজিক উন্নয়ন ঘটে। এছাড়া এটি বাস্তবায়িত হলে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ হয়ে সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ হবে, সিস্টেম লস কমবে এবং লোড শেডিং কমবে। এর ফলে সরকারের লক্ষ্য ভিশন-২০২১ অনুযায়ী সবার জন্য বিদ্যুৎ লক্ষ্যমাত্রায় অন্তত ৭৫০ মেগাওয়াট ক্ষমতা বৃদ্ধি এবং নতুন ২,০০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগের আওতায় আনা যাবে।

প্রকল্পটির উপরোল্লেখিত লক্ষ্য প্রাথমিক পর্যায়ে নির্ধারণ করা হয়েছে এবং সেই অনুযায়ী এর অঙ্গসমূহ নির্ধারণ করা হয়েছে। প্রকল্পটি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বাস্তবায়ন করছে। বাস্তবায়নের জন্য এর শুরুতে প্রকল্প পরিচালকের

অধীনস্ত একটি টীম ছাড়াও আন্তঃমন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের সদস্যদের দ্বারা গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (Project Implementation Committee) এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় অধীনস্ত প্রকল্প স্টীয়ারিং কমিটি (Project Steering Committee) গঠন করা হয়েছে। এছাড়া পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি বিভাগ কর্তৃক প্রকল্পটির নিরীক্ষা কাজ তদারকি করা হচ্ছে।

প্রকল্পটির সফলতার বৈশিষ্ট্য প্রকল্পের লজিক্যাল ফ্রেমওয়ার্কের মাধ্যমে যাচাই করা যাবে, যা প্রকল্পের ডিপিপিতে উল্লেখ আছে।

প্রকল্পের যেসকল প্রতিশ্রুতি রক্ষা করা হবে সেগুলোর কর্মপরিকল্পনা ডিপিপিতে বারচার্ট আকারে দেওয়া আছে।

<u>প্রকল্পটির লজিক্যাল ফ্রেমওয়ার্ক সম্পর্কিত বিশ্লেষণঃ</u>

সংশোধিত ডিপিপিতে প্রকল্পটির একটি লজিক্যাল ফ্রেমওয়ার্ক দেওয়া আছে, যা নিচে দেখানো হলঃ

সংক্ষিপ্ত বর্ণনা		বস্তুনিষ্ট যাচাই নির্দেশক	যাচাইয়ের মাধ্যম	গুরুত্বপূর্ণ অনুমান
লক্ষ্য	সরকারের ভিশন ২০২১ অর্জনে বিতরণ জোন, রাজশাহী বিতরণ ব্যবস্থার ক্ষমতা বর্ধিতকরণ, সম্প্রসারণ, নবায়ন ও পুনর্বাসন।	জুন, ২০২১ সালের মধ্যে বিতরণ জোন, বিউবো, রাজশাহী আওতাধীন সকল স্থানে বিদ্যুৎ সংযোগ প্রাপ্তির জন্য বিতরণ লাইন বিদ্যমান থাকা।	(১) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা। (২) পরিকল্পনা শাখা, বিদ্যুৎ বিভাগ। (৩) বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর, বিউবো।	
উদ্দেশ্য	(ক) বিতরণ জোন, বিউবো, রাজশাহী এর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার ক্ষমতা বর্ধিতকরণ। (খ) গ্রাহকদেরকে নির্ভরযোগ্য ও মানসম্মত নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা।	বিতরণ অঞ্চল রাজশাহীর রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বর্ধিতকরণ। (ক) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭টি ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র নির্মাণ। (খ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের আপগ্রেডেশন/ রিনোভেশন। (গ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১২৯৯ কিঃমিঃ নতুন বিতরণ লাইন নির্মাণ। (ঘ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭১৪ কিঃমিঃ বিদ্যমান বিতরণ লাইন রিনোভেশন। (ঙ) ডিসেম্বর, ২০১৯ সালের মধ্যে ৫০০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া।	(ক) ফিজিবিলিটি রিপোর্ট। (খ) মাস্টার প্ল্যান-২০১৬ এর লোড পূর্বাভাস।	(ক) মাস্টার প্ল্যান-২০১৬ এর লোড পূর্বাভাস সঠিক আছে। (খ) প্রয়োজনীয় অর্থ যথাসময়ে পাওয়া যাবে।
আউটপুট	(ক) নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ। (খ) কতিপয় বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশন/	বিতরণ অঞ্চল, রাজশাহীর রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ জেলায় বর্ধিত ক্ষমতায় উন্নত বিদ্যুৎ বিতরণ	(ক) প্রকল্প সমাপ্ত প্রতিবেদন। (খ) আইএমইডি এর প্রতিবেদন।	(ক) সকল মালামাল ও সরঞ্জাম সঠিক সময়ে পৌঁছাবে। (খ) কোন প্রাকৃতিক দুর্যোগ ঘটবে না।

সংক্ষিপ্ত বর্ণনা		বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক	যাচাইয়ের মাধ্যম	গুরুত্বপূর্ণ অনুমান
	রিনোভেশন। (গ) নতুন বিতরণ লাইন নির্মাণ। (ঘ) কতিপয় পুরাতন বিতরণ লাইন রিনোভেশন। (ঙ) নতুন গ্রাহকের বিদ্যুৎ সংযোগ। (চ) ফাংশনাল ভবন, উপকেন্দ্র ভবন, বাউন্ডারি ওয়াল, রাস্তা এবং ড্রেন নির্মাণ।	ব্যবস্থা। (ক) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭টি ৩৩/১১ কেভি নির্মিত উপকেন্দ্র। (খ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ২৭টি ৩৩/১১ কেভি উন্নীতকৃত উপকেন্দ্র। (গ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১২৯৯ কিঃমিঃ নির্মিত বিতরণ লাইন। (ঘ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭১৪ কিঃমিঃ রিনোভেশনকৃত বিতরণ লাইন। (ঙ) ডিসেম্বর, ২০১৯ সালের মধ্যে ৫০০,০০০ নতুন গ্রাহক। (চ) ফেব্রুয়ারী, ২০১৯ সালের মধ্যে ৪৪৪০ বঃমিঃ ফাংশনাল ভবন, ২৭০০ বঃমিঃ উপকেন্দ্র ভবন, বাউন্ডারি ওয়াল, রাস্তা এবং ড্রেন নির্মিত।		(গ) প্রকল্প এলাকার জনগন বাধা সৃষ্টি করবে না। (ঘ) প্রকল্প বাস্তবায়নে সর্বমহলের সহযোগিতা পাওয়া যাবে। (ঙ) প্রকল্প বাস্তবায়নে উপযুক্ত লোকবল নিয়োজিত থাকবে। (চ) গুণগত মানসম্পন্ন কাজ সম্পাদন করা হবে।
ইনপুট	(ক) ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র।	(ক) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭টি ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র নির্মাণ।	১৯৯৯৯.০২ লক্ষ টাকা।	(ক) সকল তহবিল সময়মত পাওয়া যাবে। (খ) ক্রয় প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন হবে। (গ) পরামর্শকের নিয়োগ সময়মত সম্পন্ন হবে। (ঘ) দক্ষ জনবল সময়মত নিয়োগ হবে।
	(খ) কতিপয় বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্র রিনোভেশন।	(খ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র রিনোভেশন।	৯৮৬৫.৯৫ লক্ষ টাকা।	
	(গ) নতুন বিতরণ লাইন।	(গ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১২৯৯ কিঃমিঃ নতুন বিতরণ লাইন নির্মাণ।	২৪০৫৮.৩৯ লক্ষ টাকা।	
	(ঘ) কতিপয় পুরাতন বিতরণ লাইন রিনোভেশন।	(ঘ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭১৪ কিঃমিঃ বিতরণ লাইন রিনোভেশন।	১১৪৫৬.৩৯ লক্ষ টাকা।	
	(ঙ) অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন।	(ঙ) ডিসেম্বর, ২০১৮ সালের মধ্যে ১০.৪৩ একর জমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন।	২৯৭০.৮৯ লক্ষ টাকা।	
	(চ) পূর্ত কাজ।	(চ) ফেব্রুয়ারী, ২০১৯ সালের মধ্যে ৪৪৪০ বঃমিঃ ফাংশনাল ভবন, ২৭০০ বঃমিঃ উপকেন্দ্র ভবন এবং অন্যান্য পূর্তকাজ।	২৯১৪.৬০ লক্ষ টাকা।	
	(ছ) যানবাহন।	(ছ) জুন, ২০১৮ সালের মধ্যে ১টি জীপ, ৪টি ডাবল কেবিন পিক-আপ ও ৭টি মোটর সাইকেল ক্রয়।	২৫২.৮০ লক্ষ টাকা।	
	(জ) প্রকল্প বাস্তবায়নের জন্য দক্ষ জনশক্তি।	(জ) ২০১৫-১৬ (জুন, ২০১৬) সালের মধ্যে প্রকল্প পরিচালনার জন্য ২৬ জন জনবল প্রেষণে/ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ।	৬৩৬.৯৬ লক্ষ টাকা।	

উপরের লজিক্যাল ফ্রেমওয়ার্কটি পরীক্ষা করে দেখা যায় যে, প্রকল্পের অঙ্গসমূহের সাথে এবং প্রকল্পের লক্ষ্যের সাথে ফ্রেমওয়ার্কের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট ও ইনপুট এবং বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক সমূহ সঠিকভাবে নির্বাচন করা হয়েছে।

আগস্ট, ২০১৬ সালে সম্পাদিত মূল ডিপিপিতে লক্ষ্য সমূহের মধ্যে ৫০০,০০০ নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগের আওতায় আনার কথা বলা আছে। পরবর্তীতে ১ অক্টোবর, ২০১৬ সাল থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে সকল সম্পদ ও দায়-দায়িত্ব গ্রহণ করে নর্দার্ন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড ঐ অঞ্চলে বিদ্যুৎ বিতরণের বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। ফলে উপরে উল্লেখিত ৫০০,০০০ নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগের আওতায় আনার বিষয়টি নেসকোর অধীনস্ত হওয়ায় সেপ্টেম্বর, ২০১৮ সালে সংশোধিত ডিপিপিতে এটি প্রকল্পের লক্ষ্য হিসাবে উল্লেখ নাই। তবে প্রকল্পটির লজিক্যাল ফ্রেমওয়ার্কে নতুন গ্রাহকের সংযোগের বিষয়টি নির্দেশক হিসাবে উল্লেখ আছে।

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি শেষ হবার কথা ডিসেম্বর, ২০১৯ সালে। সুতরাং প্রকল্পটির লজিক্যাল ফ্রেমওয়ার্ক এই সময়ের ভিত্তিতে করা হয়েছে। প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটি পরিবীক্ষণ ও মূল্যায়নে সুবিধার জন্য উপরের লজিক্যাল ফ্রেমওয়ার্ক সংশোধন করা প্রয়োজন।

১.৯ টেকসইকরণ পরিকল্পনা

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন "বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন" এর মূল ডিপিপি গত ২৪/০৩/২০১৫ ইং তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। সেই সময় রাজশাহী বিভাগের বিদ্যুৎ বিতরণের দায়িত্ব বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে ছিল। সুতরাং প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার পর পরিচালন পর্যায়ে এটি বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনেই থাকার কথা ছিল। ফলে প্রকল্পটির সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মূল ডিপিপিতে Exit Plan সম্পর্কে সুনির্দিষ্ট কিছু উল্লেখ করা হয় নাই। কিন্তু পরে ১ অক্টোবর, ২০১৬ সাল থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে সকল সম্পদ ও দায়-দায়িত্ব গ্রহণ করে উত্তরাঞ্চলের রাজশাহী ও রংপুর বিভাগের ১৬ টি জেলায় নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড বিদ্যুৎ বিতরণের বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। এখানে উল্লেখযোগ্য যে, নর্দার্ন ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো) লিমিটেড বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর একটি প্রতিষ্ঠান।

বর্তমান প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সকল সম্পদ ও দায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) থেকে নেসকো লিঃ-এর নিকট হস্তান্তরিত হবে।

দ্বিতীয় অধ্যায়

নিবীড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক পরিকল্পনা

২.১। সমীক্ষার কার্যপরিধি (TOR):

সমীক্ষায় পরামর্শকের কার্যপরিধি নিচে দেওয়া হলঃ

২.১.১	প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য);
২.১.২	প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
২.১.৩	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
২.১.৪	প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না - সে বিষয়ে পর্যবেক্ষণ;
২.১.৫	প্রকল্পের আওতায় সংগৃহীত/ ভবিষ্যতে সংগ্রহ করা হবে এমন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যবেক্ষণ;
২.১.৬	প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না, সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
২.১.৭	প্রকল্পের ঝুঁকি সম্পর্কিত বিভিন্ন সমস্যা, যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি, ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যলোচনা ও পর্যবেক্ষণ;
২.১.৮	প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে), অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
২.১.৯	উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
২.১.১০	প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মতামত প্রদান;
২.১.১১	SWOT Analysis;
২.১.১২	সার্বিক পর্যালোচনা;
২.১.১৩	সুপারিশ;
২.১.১৪	রাজশাহী বিভাগে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ভৌগলিক এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সার্বিক অবস্থা সম্পর্কে আলোকপাত ও মতামত প্রদান; এবং
২.১.১৫	কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

২.২ এলাকা নির্বাচন

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিতরণ এলাকা রাজশাহীর অধীনস্থ বৃহত্তর রাজশাহী, বৃহত্তর বগুড়া এবং বৃহত্তর পাবনা অঞ্চলে ০৮ (আট) টি জেলায় ১৭ (সতেরো) টি স্টেশন এলাকায় বর্তমানে বিদ্যুৎ উন্নয়ন কাজ চলমান রয়েছে। এ সকল এলাকাকে সমীক্ষা অঞ্চল হিসাবে নির্বাচন করা হয়েছে।

সমীক্ষা এলাকা প্রকল্প এলাকার প্রতিনিধিত্বমূলক করার লক্ষ্যে নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের পরামর্শ গ্রহণ করা হয়েছে।

সারণী ২.১ - বিভাগ, জেলা, উপজেলা অনুসারে প্রকল্প অঞ্চল

বিভাগ	জেলা	স্টেশন এলাকা
রাজশাহী	রাজশাহী	রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী সদর, গোদাগাড়ী, তানোর
	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ সদর, গোমস্তাপুর, শিবগঞ্জ
	নাটোর	নাটোর সদর
	পাবনা	পাবনা সদর, ঈশ্বরদী
	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর
	বগুড়া	বগুড়া সদর, শেরপুর, দুপচাঁচিয়া, শিবগঞ্জ
	জয়পুরহাট	জয়পুরহাট সদর
	নওগাঁ	নওগাঁ সদর

২.৩ নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ

সমীক্ষার তথ্য সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুনগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারী এবং সেকেন্ডারী উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারী তথ্যগুলি সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারী তথ্যগুলি পিডিএসডিপি (Power Distribution System Development Project), রাজশাহী জোন সহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা এবং সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে।

২.৩.১ সংখ্যাগত জরিপের নমুনা-সংখ্যা নির্ধারণ

বিদ্যুৎ সংযোগ গ্রাহক সুবিধাভোগী এলাকা থেকে নমুনা আকার নিম্নলিখিত ফর্মূলার মাধ্যমে নির্ণয় করা হয়েছে।

$$\boldsymbol{n = \frac{z^2 PQ}{e^2} . (d.eff)}$$

Where,

n = Sample size

Z = Value of the standard normal variety

P = Proportion/ Probability of success

Q = 1 - P

e = Margin of error (precision level)

d.eff= Design effect

Assumptions:

Z = 1.96 (The value of the standard variation at 95% confidence level)

P = 0.5

Q = 0.5

e = 0.05 (precision level 5%)

d.eff=design effect = 1.00, considering homogeneity of sample

n = (1.96^2)*(0. 5)*(0.5)/(0.05 ^2) =(3.8416*0.25)/(0.0025)*1.0 = (0.9604/0.0025)*1.0 = 384.16 = 384

উপরের ফর্মুলা থেকে সমুনা সংখ্যা n=৩৮৪ পাওয়া গেল। জরিপের সুবিধার্থে মোট নমুনা সংখ্যা ৩৮৪ এর পরিবর্তে ৪০০ বিবেচনা করা হয়েছে। নমুনা গ্রহণের ক্ষেত্রে নির্বাচিত সমীক্ষা এলাকার সবগুলোতে আনুপাতিক হারে নমুনা সংখ্যা নির্ধারণ করা হয়েছে।

২.৩.২ উত্তরদাতার নমুনা চয়ন

উপরে বর্ণিত প্রকল্প এলাকার সুবিধাভোগী গ্রাহক নমুনা সিস্টেমেটিক দৈবচয়ন পদ্ধতির (Random sampling) মাধ্যমে নির্বাচন করা হয়েছে।

২.৩.৩ উত্তরদাতার নমুনা বন্টন

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের সময় বিদ্যুৎ বিতরণ কোম্পানি নেসকো থেকে গ্রাহক তালিকা নিয়ে এলাকা ভিত্তিক আনুপাতিক হারে সংখ্যা নির্ধারণ করে খানা পর্যায়ে সুবিধাভোগী ৪০০ জনের নমুনা নেওয়া হয়েছে ।

উত্তরদাতা নির্বাচন

গ্রাহক	উত্তরদাতা
আবাসিক	✓ খানা প্রধান; অথবা ✓ তাঁর উপযুক্ত প্রতিনিধি (স্ত্রী, পুত্র, কন্যা বা অন্য যে কোন নিকট আত্মীয়, যিনি সার্বক্ষণিক ঐ বাসায় বসবাস করেন এবং যার বয়স ন্যূনতম ১৮ বছর।
বাণিজ্যিক	✓ প্রতিষ্ঠান প্রধান

২.৩.৪ গুণগত পদ্ধতির ব্যবহার:

সমীক্ষায় গুণগত পদ্ধতি হিসেবে 'ফোকাস গ্রুপ ডিসকাশন' বা দলীয় আলোচনা (FGD) এবং 'কী ইনফরমেন্ট ইন্টারভিউ' (KII) ব্যবহার করা হয়েছে।

২.৩.৫ ফোকাস গ্রুপ ডিসকাশন' বা দলীয় আলোচনা (FGD)

- সমীক্ষার জন্য নির্বাচিত সারণি ২.১ -এ বর্ণিত ১৭ টি এলাকার মধ্যে ১৬ টি এলাকায় ১৬ টি এবং রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ৪টি এফজিডি করা হয়েছে। অর্থাৎ মোট এফজিডি সংখ্যা ২০ টি। এফজিডিতে খানা পর্যায়ের আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকদের আমন্ত্রণ জানানো হয়েছে। প্রতি এফজিডিতে ৮-১০ জন মহিলা/পুরুষ অংশগ্রহণ করেছেন। প্রতিটি ফোকাস গ্রুপ আলোচনায় বিদ্যুৎ সংশ্লিষ্ট সকল Stakeholder-এর প্রতিনিধিত্ব নিশ্চিত করা হয়েছে;
- প্রকল্প এলাকায় সুবিধাভোগীদের/ তথ্য প্রদানকারীদের যথাযথভাবে নির্বাচন তথা কাজে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে অংশীজন ব্যবস্থাপনা (Stakeholder management) –এর সকল ক্ষেত্র বিবেচনা করা হয়েছে;
- প্রতিটি FGD প্রকল্প এলাকার এমন একটি জায়গায় করা হয়েছে, যেখানে সকল অংশগ্রহণকারী সহজে আসতে পারেন এবং অবাধে মতামত প্রদান করতে পারেন। এফজিডি সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত হয়েছে যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে কথা বলার জন্য উৎসাহিত করেছেন;
- এফজিডি গাইডলাইন অনুসারে প্রস্তাবিত এফজিডিগুলি পরিচালিত হয়েছে এবং গাইডলাইনে উল্লেখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে, এবং
- তথ্য সংগ্রহকালে সুবিধাভোগী ছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য সকল সংস্থা ও ব্যক্তির সাথে নিবিড় ও কার্যকরী যোগাযোগের জন্য যোগাযোগ ব্যবস্থাপনার (Communication management)-এর সকল ক্ষেত্র বিবেচনা করা হয়েছে।

২.৩.৬ কী ইনফরমেন্ট ইন্টারভিউ (KII)

KII পদ্ধতিতে সংগৃহীত তথ্যে জন্য পিডিএসডিপি এবং স্টেক-হোল্ডার হিসাবে নেসকোর সংশ্লিষ্ট কর্মকর্তাদের তালিকা দেওয়া হলঃ

- প্রকল্প পরিচালক, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন;
- নির্বাহী প্রকৌশলী-১, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন;
- নির্বাহী প্রকৌশলী-২, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন;
- সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন;
- প্রধান প্রকৌশলী, নেসকো, রাজশাহী এবং
- নির্বাহী প্রকৌশলী, নেসকো, রাজশাহী।

২.৪ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

এই সমীক্ষা দলে ৪ জন পরামর্শক, ৬ জন সুপারভাইজার, ১২ জন তথ্য সংগ্রহকারী, ১ জন কম্পিউটার অপারেটর, ২ জন ডাটা এন্ট্রি অপারেটর এবং ১ জন অফিস সহকারী কর্মরত রয়েছেন।

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের প্রতিবেদনে সন্নিবেশের জন্য নিম্নবর্ণিত তথ্য/দলিলপত্রাদি সংগ্রহ, পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছেঃ

- প্রকল্পের অনুমোদিত পিপি/ডিপিপি, সংশোধিত পিপি/ডিপিপি এবং তৎসংশ্লিষ্ট অনুমোদনপত্র; বিভিন্ন ক্রয়, কার্য এবং সেবা সংক্রান্ত দরপত্র দলিল;
- কারিগরী ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন এবং এতদসংক্রান্ত কারিগরী কমিটি, দরপত্র কমিটি এবং পরিচালনা পর্ষদের অনুমোদনপত্র; সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত মূল্যায়ন কমিটির অনুমোদনপত্র;
- বিভিন্ন ক্রয়, কার্য এবং সেবা সংক্রান্ত ক্রয়াদেশ/কার্যাদেশের ইচ্ছাপত্র (NoA) ও চুক্তিপত্র;
- ক্রয় সংক্রান্ত প্যাকেজ/লট বিস্তারিতভাবে পরীক্ষা;
- প্রকল্পের P.I.C এবং P.S.C সভার কার্যবিবরণী;
- বিউবো-তে অনুষ্ঠিত উন্নয়ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী;
- বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত উন্নয়ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী;
- অডিট প্রতিবেদন এবং
- প্রয়োজনীয় নক্সা/ডিজাইন/দলিলপত্রাদি।

২.৪.১ মাঠকর্মী এবং সুপারভাইজার প্রশিক্ষণ

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ কর্মী এবং সুপারভাইজার নিয়োগের পর তাঁদের ৩ (তিন) দিনের প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা করা হয়েছে। পরামর্শকগণ মাঠ কর্মী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদান করেছেন। উক্ত কর্মসূচীতে আইএমইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

একজন তথ্যসংগ্রহকারী দিনে ৩-৪ জনের সাক্ষাৎকার গ্রহণ করেছেন। সে অনুযায়ী আনুমানিক ২ সপ্তাহের মধ্যে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। ৬ জন সুপারভাইজার তথ্য সংগ্রহকারীদের প্রশ্নমালার গুণগত মান যাচাই ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেছেন। সুপারভাইজারগণ FGD সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করেছেন।

২.৪.২ তথ্য সংগ্রহের উপকরণ প্রণয়ন (প্রশ্নপত্র)

সমীক্ষার উদ্দেশ্য, কার্য-পরিধি অনুযায়ী প্রস্তাবিত কর্মপদ্ধতির আলোকে প্রয়োজনীয় ও প্রাসঙ্গিক প্রশ্নপত্র ও চেকলিস্ট তৈরী করা হয়েছে। প্রশ্নপত্র ও চেকলিস্টসমূহ টেকনিক্যাল ও ষ্টিয়ারিং কমিটির সভায় আলোচনার মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। খানা পর্যায়ের তথ্য বর্তমান আধুনিক প্রযুক্তি ODK (Open data kit) বা অনলাইন সার্ভারের মাধ্যমে স্মার্ট ফোন বা ট্যাব ব্যবহার করে সংগ্রহ করা হয়েছে। যার ফলে প্রত্যেকটি

ইন্টারভিউ এর জিপিএস পাওয়া গেছে এবং তথ্য সংগ্রহ চলাকালীন রিয়েল টাইম মনিটরিং করা হয়েছে। তথ্য-উপাত্ত সংগ্রহের উপকরণসমূহ নিম্নরূপ:

- বিদ্যুৎ সংযোগকৃত আবাসিক গ্রাহকদের জন্য প্রশ্নপত্র;
- বিদ্যুৎ সংযোগকৃত বাণিজ্যিক গ্রাহকদের জন্য প্রশ্নপত্র;
- দলভিত্তিক আলোচনার (FGD) জন্য প্রশ্নপত্র; এবং
- প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য প্রশ্নপত্র।

২.৪.৩ স্থানীয় পর্যায়ের কর্মশালা

গত ১৪ জুন, ২০২০ তারিখে স্থানীয় পর্যায়ে কর্মশালা সম্পাদন করা হয়েছে।

২.৪.৪ তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং

পূরণকৃত প্রশ্নপত্র সমূহ সার্ভারে জমা হওয়ার পর সেই ডাটা পরামর্শক প্রতিষ্ঠানের কার্যালয়ে ডাউনলোড করে কোডিং, এডিটিং করা হয়েছে এবং এসপিএসএস (ডাটাবেজ সফটওয়্যার) প্রোগ্রামের সাহায্যে ডাটা অ্যানালাইসিস করা হয়েছে।

২.৪.৫ তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ

তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ের প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয়েছেঃ

(১) সংগৃহীত ডাটার যথার্থতা এবং গ্রহণযোগ্যতা যথাযথভাবে বিশ্লেষণের জন্য উন্নত প্রযুক্তি সম্পন্ন সার্ভার (ODK) পদ্ধতি ব্যবহার করা হয়েছে; এবং

(২) সংগৃহীত তথ্য বা ডাটা এসপিএসএস সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ (Univariate analysis, Bivariate analysis, etc.) করা হয়েছে।

২.৪.৬ প্রকল্পের সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ (SWOT Analysis):

কর্ম-পরিকল্পনায় যে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে, সে সকল তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল (Strength) ও দুর্বল (Weakness) দিক, সুযোগ (Opportunity) ও ঝুঁকি (Threat) সমূহ সনাক্ত করে বর্তমানে তার সমাধানের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। নিম্ন লিখিত নির্দেশক মাত্রা (Indicator) অনুযায়ী প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগ (Opportunity) ও ঝুঁকি (Threat) পর্যালোচনা করা হয়েছে।

প্রকল্পের সবল দিক (Strength) সমূহের নির্দেশক (Indicator)

প্রকল্পটির সবল দিক যাচাই করার জন্য নিচের নির্দেশকসমূহ ব্যবহার করা হয়েছেঃ

(১) প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করণ;
(২) প্রকল্পের প্রয়োজন অনুযায়ী যথাযথ জনবল নিয়োগ;
(৩) প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে একই প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন;
(৪) প্রয়োজনীয় অর্থের সংস্থান;
(৫) যথাসময়ে অর্থ ছাড়;
(৬) বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন;
(৭) খাতওয়ারী বাজেট চাহিদা ও বরাদ্দ;
(৮) বিভাগ ও মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত মনিটরিং; এবং
(৯) প্রকল্পের ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সামগ্রিক কার্যক্রম সম্পাদন করা।

প্রকল্পের দুর্বল দিক (Weakness) **সমূহের নির্দেশক (**Indicator**)**

প্রকল্পটির দুর্বল দিক যাচাই করার জন্য নিচের নির্দেশকসমূহ ব্যবহার করা হয়েছেঃ

(১) প্রকল্পের প্রয়োজন অনুযায়ী যথাযথ জনবল নিয়োগ না করা;
(২) প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্টভাবে চিহ্নিত না করা;
(৩) বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন না করা;
(৪) মালামাল ক্রয়ে জটিলতা ও দীর্ঘসময় ব্যয়;
(৫) প্রকল্পটির যন্ত্রপাতি ও সরঞ্জামের ত্রুটিপূর্ণ ডিজাইন ও স্পেসিফিকেশন প্রস্তুত;
(৬) বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব;
(৭) ঠিকাদারের কর্ম-পরিকল্পনায় দুর্বলতা;
(৮) ঠিকাদারের বাস্তব কাজের (Physical Execution) ধীরগতি; এবং
(৯) প্রকল্পের Exit Plan না থাকা।

প্রকল্পের সুযোগ (Opportunity) **নির্দেশক (**Indicator**)**

প্রকল্পটির সুযোগ যাচাই করার জন্য নিচের নির্দেশকসমূহ ব্যবহার করা হয়েছেঃ

(১) প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি;
(২) কৃষিক্ষেত্রে সেচ, কৃষিজাত পণ্য সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ ব্যবস্থার আধুনিকিকরণ;
(৩) শিল্প কারখানা স্থাপনের সুযোগ সৃষ্টির ফলে এলাকার সামগ্রিক উন্নয়ন; এবং
(৪) হাসপাতাল এবং স্কুল/কলেজ স্থাপনের মাধ্যমে শিক্ষা এবং স্বাস্থ্য সেবার উন্নতির সুযোগ।

প্রকল্পের ঝুঁকির (Threat) **নির্দেশক (**Indicator**)**

প্রকল্পটির ঝুঁকির দিক যাচাই করার জন্য নিচের নির্দেশকসমূহ ব্যবহার করা হয়েছেঃ

(১) প্রকল্পের কাজ বাস্তবায়নে স্থানীয় প্রভাব;

(২) খন্ডকালীন/অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক নিয়োগ বা ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন;

(৩) অর্থ ছাড়ে বিলম্ব;

(৪) কাজের তুলনায় অপর্যাপ্ত অর্থ বরাদ্দ;

(৫) প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি;

(৬) ভবিষ্যতে জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ; এবং

(৭) যথাযথ গ্রাহক সাড়া না পাওয়া।

২.৪.৭ প্রতিবেদন উপস্থাপন

প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report):

প্রারম্ভিক প্রতিবেদন চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে দাখিল। প্রারম্ভিক প্রতিবেদন টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদনের পর স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন। স্টিয়ারিং কমিটি কর্তৃক প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের পর মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহ শুরু।

১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report):

প্রারম্ভিক প্রতিবেদনের ভিত্তিতে ৭৫ দিনের মধ্যে মাঠ পর্যায়ে সংগৃহীত সকল তথ্য সম্বলিত ডাটা পর্যবেক্ষণ, বিশ্লেষণপূর্বক ১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি বরাবর দাখিল।

২য় খসড়া প্রতিবেদন (2nd Draft Report):

১ম খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রদত্ত মতামত সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন। জরিপকৃত তথ্যের উপর স্টীয়ারিং কমিটির মতামতের ভিত্তিতে যাবতীয় তথ্য সম্বলিত একটি চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুত পূর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন।

চূড়ান্ত প্রতিবেদন (Final Report):

জাতীয় পর্যায়ের কর্মশালায় আগত বিশেষজ্ঞগণ, আইএমইডি ও সংশ্লিষ্ট দপ্তর সমূহের মতামত ও নির্দেশনা অনুসারে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত ও চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে দাখিল। চূড়ান্ত প্রতিবেদনের প্রিন্ট কপি (বাংলায় ৬০ কপি ও ইংরেজীতে ২০ কপি) ও সফট্ কপি নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল।

২.৫ সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন

০৬-০১-২০২০ তারিখে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) সাথে উপদেষ্টা প্রতিষ্ঠানের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ০৬/০১/২০২০ থেকে ১০০ দিন অর্থাৎ ১৫-০৪-২০২০ তারিখের মধ্যে সমীক্ষা কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে একটি সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা নিম্নে প্রদান করা হলঃ

সারণি ২.২ - সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা

ক্রমিক নং	কার্যাবলী	সময়
(১)	আইএমইডি এবং পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর	০৬/০১/২০২০
(২)	চুক্তি কার্যকর এবং খসড়া ইনসেপশন রিপোর্ট প্রণয়ন	০৬/০১/২০২০ - ২১/০১/২০১৯
(৩)	খসড়া ইনসেপশন রিপোর্ট দাখিল	২১/০১/২০২০
(৪)	আইএমইডি ও সংশ্লিষ্ট অন্যান্য সদস্যদের সমন্বয়ে গঠিত টেকনিক্যাল কমিটির সভা। সভায় কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা ও সুপারিশ প্রদান	২২/০১/২০২০-২৬/০১/২০২০
(৫)	সুপারিশের ভিত্তিতে পুনঃবিন্যাসকৃত ইনসেপশন রিপোর্ট দাখিল। স্টীয়ারিং কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্ট পর্যালোচনা ও সুপারিশ/অনুমোদন	২৭/০১/২০২০- ১৮/০২/২০২০
(৬)	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ ও প্রশিক্ষণ, সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে প্রাইমারী তথ্য সংগ্রহ, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান হতে সেকেন্ডারী তথ্য সংগ্রহ, দলীয় আলোচনা (এফজিডি) ও কী ইনফরমেন্ট ইন্টারভিউ (কেআইআই) আয়োজন। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে সাইট পরিদর্শন	১৮/০২/২০২০-১০/০৩/২০২০
(৭)	ডাটা এন্ট্রি, ডাটা ভেরিফিকেশন, ডাটাপ্রসেসিং ও ডাটা অ্যানালাইসিস পূর্বক ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ	১০/০৩/২০২০-২২/০৩/২০২০
(৮)	১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটির নিকট দাখিল	২২/০৩/২০২০
(৯)	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে মতামত ও সুপারিশ প্রদান	২২/০৩/২০২০-২৯/০৩/২০২০
(১০)	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদনের উপর প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন	২৯/০৩/২০২০-০৫/০৪/২০২০
(১১)	২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন ও স্টীয়ারিং কমিটিতে উপস্থাপন	০৫/০৪/২০২০
(১২)	স্টীয়ারিং কমিটি কর্তৃক ২য় খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে চুড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় উপস্থাপন	০৫/০৪/২০২০-০৯/০৪/২০২০
(১৩)	কর্মশালায় আগত বিশেষজ্ঞ, আইএমইডি ও সংশ্লিষ্ট দপ্তর সমূহের অন্যান্য কর্মকর্তাদের মতামত সন্নিবেশিত করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন	০৯/০৪/২০২০-১৫/০৪/২০২০
(১৪)	চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	১৫/০৪/২০২০

সময় ভিত্তিক কর্ম পরিকল্পনা বার চার্ট আকারে নিম্নে সংযোজন করা হলো।

বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা (Indepth Monioring)

সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা (Implementation Schedule)

ক্রমিক নং	কাজের বিশদ বিবরণ	জানুয়ারী, ২০২০	ফেব্রুয়ারী, ২০২০	মার্চ, ২০২০	এপ্রিল, ২০২০
১	আইএমইডি এবং কনসালটেন্ট প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর	০৬/০১/২০২০			
২	চুক্তি কার্যকর এবং খসড়া ইনসেপশন রিপোর্ট প্রণয়ন	০৬/০১/২০২০ – ২১/০১/২০২০			
৩	খসড়া ইনসেপশন রিপোর্ট দাখিল	২১/০১/২০২০			
৪	আইএমইডি ও সংশ্লিষ্ট অন্যান্য সদস্যদের সমন্বয়ে গঠিত টেকনিক্যাল কমিটির সভা। সভায় কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা ও সুপারিশ প্রদান	২২/০১/২০২০ – ২৬/০১/২০২০			
৫	সুপারিশের ভিত্তিতে পুনঃবিন্যাশকৃত ইনসেপশন রিপোর্ট দাখিল। স্টিয়ারিং কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্ট পর্যালোচনা ও সুপারিশ/অনুমোদন	২৭/০১/২০২০ – ১৮/০২/২০২০			
৬	তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ ও প্রশিক্ষণ, সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে প্রাইমারী তথ্য সংগ্রহ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান হতে সেকেন্ডারী তথ্য সংগ্রহ, দলীয় আলোচনা (এফজিডি) ও কী ইনফরমেন্টস ইন্টারভিউ (কেআইআই) আয়োজন। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে সাইট পরিদর্শন		১৮/০২/২০২০ – ১০/০৩/২০২০		
৭	ডাটা এন্ট্রি, ডাটা ভেরিফিকেশন, ডাটাপ্রসেসিং ও ডাটা এ্যানালাইসিস পূর্বক ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ		১০/০৩/২০২০ – ২২/০৩/২০২০		
৮	১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটির নিকট দাখিল		২২/০৩/২০২০		
৯	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১মখসড়া প্রতিবেদন পরীক্ষান্তে মতামত ও সুপারিশ প্রদান		২২/০৩/২০২০ – ২৯/০৩/২০২০		
১০	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদনের উপর প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন			২৯/০৩/২০২০ – ০৫/০৪/২০২০	
১১	২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন ও স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন			০৫/০৪/২০২০	
১২	স্টিয়ারিং কমিটি কর্তৃক ২য় খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন ও জাতিয় কর্মশালায় উপস্থাপন			০৫/০৪/২০২০ – ০৯/০৪/২০২০	
১৩	কর্মশালায় আগত বিশেষজ্ঞ, আইএমইডি ও সংশ্লিষ্ট দপ্তর সমূহের অন্যান্য কর্মকর্তাদের মতামত সন্নিবেশিত করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন			০৯/০৪/২০২০ – ১৫/০৪/২০২০	
১৪	চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল			১৫/০৪/২০২০	

তৃতীয় অধ্যায়

ফলাফল পর্যালোচনা

৩.১ প্রকল্পের অগ্রগতি

৩.১.১ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অর্থবছর ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিচের ছকে দেখানো হলঃ

অর্থবছর	ভৌত অগ্রগতি
২০১৫-১৬	(১২%) (৩০.০৬.২০১৬)
২০১৬-১৭	(৩৫.৫%) (৩০.০৬.২০১৭)
২০১৭-১৮	(৫১%) (০১.০৭.২০১৮)
২০১৮-১৯	৭৩% (৩০.০৬.২০১৯)
২০১৯-২০	৮৮.৫০% (৩১.০৫.২০২০)

প্রকল্পটির শুরু জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ধরলে, প্রকল্পের মোট মেয়াদ হয় ২০১১ দিন। ৩১ মে, ২০২০ পর্যন্ত (১৭৯৭ দিন) প্রকল্পের বাস্তব অগ্রগতি হওয়া প্রয়োজন ৮৯.৩৬%।

উপরের সারণি থেকে দেখা যাচ্ছে যে, ৩১ মে, ২০২০ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮৮.৫০%। দেখা যাচ্ছে যে, প্রকল্পটি বাস্তবায়নের অগ্রগতির ক্ষেত্রে কিছুটা পিছিয়ে আছে।

৩.১.২ অর্থবছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

এই প্রকল্পটির ক্ষেত্রে অর্থবছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় একই। নিচের সারণির মাধ্যমে অর্থবছর ভিত্তিক অর্থ ছাড় ও ব্যয় উপস্থাপন ও পর্যালোচনা করা হলো।

(লক্ষ টাকা)

অর্থবছর	ক্রমপুঞ্জিত অর্থ ছাড় ও ব্যয়
২০১৫-১৬	৭৯৩৮.০০ (৯.০১%) (৩০.০৬.২০১৬)
২০১৬-১৭	২৮৬১৮.০০ (৩২.৫%) (৩০.০৬.২০১৭

অর্থবছর	ক্রমপুঞ্জিত অর্থ ছাড় ও ব্যয়
২০১৭-১৮	৪১৬১৮.০০ (৪৭.৩০%) (০১.০৭.২০১৮)
২০১৮-১৯	৬০৬১৮.০০ ৬৫.৫০% (৩০.০৬.২০১৯)
২০১৯-২০	৬৫২১৮.০০ ৭০.৪৬% (৩১.০৫.২০২০)

উপরের ছক থেকে দেখা যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থবছরে প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৯.০১%, যা দৃশ্যতঃ যথেষ্ট কম বলে ধারণা করা যায়। তবে পরবর্তী ২০১৬-২০১৭ অর্থবছরে আর্থিক অগ্রগতির ক্ষেত্রে উন্নতি লক্ষ্য করা যায়, যা ছিল ৩২.৫০%। এর পরবর্তী বছরগুলোতে এই অগ্রগতির হার বজায় থাকে, যেমন ২০১৭-২০১৮ অর্থবছরে ৪৭.৩০%, ২০১৮-২০১৯ অর্থবছরে ৬৫.৫০% এবং ২০১৯-২০২০ অর্থবছরে ৭০.৪৫%।

দলিল পত্রাদি পরীক্ষা করে প্রকল্পটির বরাদ্দ, অর্থছাড়ে ও ব্যয়ে কোন প্রকার অসামঞ্জস্য দেখা যায় না।

৩.১.৩ প্রধান প্রধান কার্যক্রমের অগ্রগতি

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গভিত্তিক কার্যক্রমের মে, ২০২০ পর্যন্ত অগ্রগতি নিচের ছকে দেখানো হলঃ

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম			মাসিক অগ্রগতি		ক্রমপুঞ্জিত অগ্রগতি (%)			মন্তব্য
						আর্থিক অগ্রগতি			
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)	আর্থিক ব্যয় (মে, ২০২০) (লক্ষ টাকা)	ভৌত	ক্রমপুঞ্জিত ব্যয় (মে, ২০২০ পর্যন্ত) (লক্ষ টাকা)	শতকরা হার (%)	ভৌত	
১	ভূমি অধিগ্রহণ	১০.৫৮ একর	২২৫০.০০	০	০	২০৪৫.৪৯	৯০.৯১	১০০.০০	-
২	ভূমি উন্নয়ন	১২৬,২০৪ ঘন মিঃ	৭২০.৮৯	০	০	২৮৭.৮১	৩৯.৯২	৭০.০০	নির্মাণাধীন ১৬টি উপকেন্দ্রের মাটি ভরাট কাজ চলছে।
৩	ফাংশনাল বিল্ডিং	৪৪৪০ বর্গ মিঃ	১৩১৪.৬৭	০	০	৯৩০.০০	৭০.৭৪	৮৯.০০	কাজ চলমান।
৪	সাব-স্টেশন বিল্ডিং	২৭০০ বর্গ মিঃ	১১৭৮.৮৬	০	০	৯১৪.১৫	৭৭.৫৫	৯১.০০	কাজ চলমান।
৫	রাস্তা, বাউন্ডারী ওয়াল, ইত্যাদি	LS	৪১১.৪৭	০	০	৭৬.৯৯	১৮.৭১	৫০.০০	নির্মাণাধীন ১৬টি উপকেন্দ্রের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলছে।
৬	স্টোর হাউস,	LS	৯.৬০	০	০	৪.৫০	৪৬.৮৮	৯৫.৫০	নির্মাণ কাজ চলছে।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম			মাসিক অগ্রগতি		ক্রমপুঞ্জিত অগ্রগতি (%)			মন্তব্য
						আর্থিক অগ্রগতি			
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)	আর্থিক ব্যয় (মে, ২০২০) (লক্ষ টাকা)	ভৌত	ক্রমপুঞ্জিত ব্যয় (মে, ২০২০ পর্যন্ত) (লক্ষ টাকা)	শতকরা হার (%)	ভৌত	
	গার্ডরুম, ইত্যাদি								
৭	৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি কম্পোজিট লাইন	২৯ কিঃমিঃ	১৩৫৩.১০	০	০	১২৯৩.১০	৯৫.৫৭	৭৯.৩১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ চলমান।
৮	৩৩ কেভি লাইন (নতুন)	১৪৬ কিঃমিঃ	৪৬৮০.৭৪	০	০	৪৬৬২.৩৫	৯৯.৬২	৮৫.৭১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
৯	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১২৩ কিঃমিঃ	১৩০৪.৬১	০	০	১২৯৮.৭৬	৯৯.৫৫	৭০.২৭	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১০	১১ কেভি লাইন (নতুন)	৩৪১ কিঃমিঃ	৪৮৩৫.৫২	০	০	৪৭১০.৮৮	৯৭.৪২	৬৯.৭৯	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১১	১১ কেভি লাইন (রিনোভেশন)	৩৭৫ কিঃমিঃ	২২৬৬.৯৩	০	০	১৮৮১.৮৯	৮৩.০১	৮৫.৪৫	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১২	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৩৮৭ কিঃমিঃ	৮৮৯৫.৪৬	০	০	৮৮৬৪.৬৩	৯৯.৬৫	৭১.০০	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৩	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৩৪৪ কিঃমিঃ	৪৪৫৭.৮৪	০	০	৩৫০৮.৭১	৭৮.৭১	৮৭.২১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৪	০.৪ কেভি লাইন (নতুন)	৩৯৬ কিঃমিঃ	৪২৯৩.৫৮	০	০	৪২৪৩.৫৮	৯৮.৮৪	৯৮.৪০	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৫	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৮৭১ কিঃমিঃ	৩৪২৭.০১	০	০	৩৩৭৭.১৬	৯৮.৫৫	৭৯.৬৭	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৬	২×১৬/২০ এমভিএ এআইএস (নতুন)	১ টি	১৫৭৪.৩১	০	০	৫৩৩.৮৭	৩৩.৯১	৫৩.০০	ক) Energypac Ltd.–এর সাথে ৩টি প্যাকেজে ১৬টি উপকেন্দ্রের ১টি বাদে সমস্ত কাজ শেষ হয়েছে। খ) Sterling & Wilsons Pvt. Ltd.,
১৭	১×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	১ টি	১২১৬.১৫	০	০	৩৩০.৫২	২৭.১৮	৫২.০০	

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম			মাসিক অগ্রগতি		ক্রমপুঞ্জিত অগ্রগতি (%)			মন্তব্য
						আর্থিক অগ্রগতি			
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)	আর্থিক ব্যয় (মে, ২০২০) (লক্ষ টাকা)	ভৌত	ক্রমপুঞ্জিত ব্যয় (মে, ২০২০ পর্যন্ত) (লক্ষ টাকা)	শতকরা হার (%)	ভৌত	
১৮	১×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	২ টি	১৩৮৯.২৪	০	০	১০৮০.৯৭	৭৭.৮১	৮০.০০	India এর সাথে ২টি প্যাকেজের ৭টি Substation এর কাজ চলমান। সমস্ত মালামাল সাইটে পৌঁছেছে। গ) Huayi International Power Co, Ltd., China এর সাথে ২টি প্যাকেজের ১৪টি উপকেন্দ্রের সিভিল কাজ ৭০% শেষ হয়েছে। ৩৩ কেভি উপকেন্দ্রের ট্রান্সফর্মার, ৩৩ কেভি VCB ও ১১ কেভি Switchgear সহ অন্যান্য মালামাল সাইটে পৌঁছেছে। ঘ) CEC & Fortune JV, China এর GIS প্যাকেজের ৭টি উপকেন্দ্রের সিভিল কাজ চলমান। GIS উপকেন্দ্রের ৩৩ কেভি ও ১১ কেভি GIS Switchgear & Substation Automation System (SAS) Germany থেকে আমদানি করা হবে যা এখনো সাইটে পৌঁছায় নাই এবং Transformer সহ অন্যান্য মালামাল চীন থেকে আমদানি করা হবে।
১৯	২×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	৬ টি	১১১৬২.৩৬	০	০	১৭৪৮.১৫	১৫.৬৬	২৯.০০	
২০	২×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	৪ টি	৪১১২.৯০	০	০	২৪৯৯.১৮	৬০.৭৬	৫২.০০	
২১	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৩ টি	১৪৪৯.০৬	০	০	১০৯৯.২০	৭৫.৮৬	৮৯.০০	
২২	২×২০/২৬ এমভিএ (রিনোভেশন)	২ টি	৫৬৯.৬৯	০	০	৯৩.৬৫	১৬.৪৪	৫০.০০	
২৩	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২ টি	৫৭১.৬২	০	০	১৪৯.৪৯	২৬.১৫	৫০.০০	
২৪	২×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	১৭টি	৫৫৬৪.৪১	০	০	৫০৭৮.০৮	৯১.২৬	৯৩.০০	
২৫	১×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২টি	৬১০.৭১	০	০	৪২৪.৮৭	৬৯.৫৭	৮২.০০	
২৬	৩×৫ এমভিএ রুরাল টাইপ	১টি	৬৬৯.৭৯	০	০	৩৯৮.৯০	৫২.০৯	৬৩.০০	
২৭	২×৫ এমভিএ (আপগ্রেডেশন)	৩টি	১৯৭৪.৭৫	০	০	১০৫৭.৭৮	৫১.০৩	৬৬.০০	
২৮	১১/০.৪ কেভি,	৫৩৫টি	২৫৯৫.৯০	০	০	২৫৯৫.৯০	১০০.০০	৯১.৪০	সরবরাহ কাজ শেষ।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম			মাসিক অগ্রগতি		ক্রমপুঞ্জিত অগ্রগতি (%)			মন্তব্য
						আর্থিক অগ্রগতি			
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)	আর্থিক ব্যয় (মে, ২০২০) (লক্ষ টাকা)	ভৌত	ক্রমপুঞ্জিত ব্যয় (মে, ২০২০ পর্যন্ত) (লক্ষ টাকা)	শতকরা হার (%)	ভৌত	
	২৫০ কেভি (নতুন)								স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
২৯	১১/০.৪ কেভি, ২০০ কেভি (নতুন)	২০০টি	৮৩১.৪২	০	০	৮৩১.৪২	৯১.৭৩	৯৪.৫০	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩০	১১/০.৪ কেভি, ১০০ কেভি (নতুন)	২১৫টি	৬৩৮.২৬	০	০	৬৩৮.২৬	৯২.৬১	৮৪.১৯	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩১	১১/০.৪ কেভি, ২০০ কেভি (রিনোভেশন)	৩৭৬টি	১৮৬.৪৬	০	০	১৮৬.৪৬	১০০.০০	৭০.৪৮	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩২	১১/০.৪ কেভি, ১০০ কেভি (রিনোভেশন)	২৬২টি	১০৩.২৭	০	০	১০৩.২৭	১০০.০০	৫৯.৫৪	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩৩	পরামর্শক	২৮৮ জন/মাস	৩০৮.১৭	০	০	৩০৮.১৭	৬৮.৪৮	৭০.০০	মাঠ পর্যায়ে কাজ চলমান।
৩৪	প্রশিক্ষণ	LS	০.০০	০	০	০.০০	০.০০	০.০০	GIS উপকেন্দ্রের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে।
৩৫	অভ্যন্তরীণ পরিবহন	৫০,৯৫০টি এর মধ্যে ৩৯,৮৬৮টি	১০৮৬.৬৮	০	০	১০৮৬.৬৮	৫৪.৭৪	৮৭.৭১	পোল পরিবহন কাজ চলমান।
৩৬	ইন্সটলেশন কস্ট	৩০১৩ কিঃমিঃ	৫৩০০.৮৮	০	০	১৮৭৩.১০	৩৫.৩৪	৭৯.৬৫	লাইন নির্মাণ কাজ চলমান।
৩৭	কাস্টম ডিউটি, ট্যাক্স ও ভ্যাট	-	৭৩০১.৭৫	০	০	৫০০০.০৮	৬৮.৪৮	৮৫.০০	
৩৮	কস্ট এসকেলেশন	-	৬০০.০০	০	০	০.০০	০.০০	০.০০	
৩৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	৫০.০০	০	০	০.০০	০.০০	০.০০	
	মোট		৯২৫,৫৭.০৭	০	০	৬৫২১৮.০০	৭০.৪৬	৮৮.৫০	

উপরে উল্লেখিত প্রকল্পের প্রধান প্রধান অঙ্গভিত্তিক বরাদ্দ ও অগ্রগতির ছকটি মে, ২০২০ পর্যন্ত দেখানো আছে। ধেখা যাচ্ছে যে, মে, ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭০.৪৬% এবং ভৌত অগ্রগতি ৮৮.৫০%।

৩.১.৪ সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ

বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি নিচের সারণিতে দেখানো হলঃ

(লক্ষ টাকা)

অর্থবছর	ক্রমপুঞ্জিত অগ্রগতি	
	আর্থিক অগ্রগতি)	ভৌত অগ্রগতি
২০১৫-১৬	৭৯৩৮.০০ (৯.০১%) (৩০.০৬.২০১৬)	(১২%) (৩০.০৬.২০১৬)
২০১৬-১৭	২৮৬১৮.০০ (৩২.৫%) (৩০.০৬.২০১৭	(৩৫.৫%) (৩০.০৬.২০১৭)
২০১৭-১৮	৪১৬১৮.০০ (৪৭.৩০%) (০১.০৭.২০১৮)	(৫১%) (০১.০৭.২০১৮)
২০১৮-১৯	৬০৬১৮.০০ ৬৫.৫% (৩০.০৬.২০১৯)	৭৩% (৩০.০৬.২০১৯)
২০১৯-২০	৬৫২১৮.০০ (৭০.৪৬%) (৩১.০৫.২০২০)	৮৮.৫০% (৩১.০৫.২০২০)

প্রকল্পটির জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বাস্তব অগ্রগতি হওয়া প্রয়োজন ১০০%। ৩১ মে, ২০২০ পর্যন্ত বাস্তব অগ্রগতি হওয়া প্রয়োজন ৮৯.৩৬%। উপরের সারণী থেকে দেখা যাচ্ছে যে, ৩১ মে, ২০২০ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি হয়েছে ৮৮.৫০%। এমতাবস্থায় প্রকল্পটি বাস্তবায়নের অগ্রগতির ক্ষেত্রে কিছুটা পিছিয়ে আছে।

সারণী থেকে দেখা যাচ্ছে যে, ৩১ মে, ২০২০ পর্যন্ত প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৭০.৪৬% যা প্রকল্পটির বাস্তব অগ্রগতি (৮৮.৫০%) থেকে পিছিয়ে আছে ।

এখানে উল্লেখ্য যে, প্রকল্পের অগ্রগতি অঙ্গভিত্তিক প্রতিটি কাজের ভৌত অগ্রগতির শতকরা হার বের করে প্রকল্পের সার্বিক অগ্রগতির waightage average করা হয়। প্রকল্পের আর্থিক অগ্রগতি নির্ণয়ের জন্য অর্থ ব্যয়ের হার থেকে নির্ণয় করা হয়।

প্রকল্পের অর্থবছর ভিত্তিক সার্বিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি নিচে লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলঃ



প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব) সারণির মাধ্যমে নিচে উপস্থাপন করা হলঃ

ক্রমিক নং	অঙ্গসমূহ	ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি (শতকরা হার)			
		জুন, ১৭ পর্যন্ত	জুলাই, ২০১৮ পর্যন্ত	জুন, ২০১৯ পর্যন্ত	মে, ২০২০ পর্যন্ত
১	৩৩ কেভি, ১১ কেভি, ০.৪ কেভি কম্পোজিট লাইন	২০.০০	৩০.৩৩	৭৪.০০	৭৯.৩১
২	৩৩ কেভি লাইন (নতুন)	২৩.০০	২৯.৪০	৫৫.০০	৮৫.৭১
৩	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১৩.০০	১৭.৯৩	৬৫.০০	৭০.২৭
৪	১১ কেভি লাইন (নতুন)	১০.০০	১৯.৮০	৪৩.০০	৬৯.৭৯
৫	১১ কেভি লাইন (রিনোভেশন)	১০.০০	১৯.৭৮	৪২.০০	৮৫.৪৫
৬	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৮.০০	২৫.৫৩	৪৫.০০	৭১.০০
৭	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৬.০০	৪৯.২৩	৬৭.০০	৮৭.২১
৮	০.৪ কেভি লাইন (নতুন)	৪.০০	৩০.৩৩	৭০.০০	৯৮.৪০
৯	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	১০.০০	২৯.৪০	৫৪.০০	৭৯.৬৭
১০	২×১৬/২০ এমভিএ এআইএস উপকেন্দ্র (নতুন)	-	-	-	৫৩.০০
১১	১×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস উপকেন্দ্র (নতুন)	-	-	৩০.০০	৫২.০০
১২	১×১০/১৩.৩৩ এমভিএ এআইএস উপকেন্দ্র (নতুন)	-	-	৬০.০০	৮০.০০
১৩	২×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস উপকেন্দ্র (নতুন)	-	-	১৮.০০	২৯.০০
১৪	২×১০/১৩.৩৩ এমভিএ এআইএস উপকেন্দ্র (নতুন)	-	-	১৮.০০	৫২.০০
১৫	২×৫ এমভিএ রুরাল টাইপ উপকেন্দ্র (নতুন)	-	-	৫০.০০	৮৯.০০
১৬	২×২০/২৬ এমভিএ উপকেন্দ্র (রিনোভেশন)	-	-	২০.০০	৫০.০০
১৭	৩×১০/১৩.৩৩ এমভিএ উপকেন্দ্র (পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন)	-	-	২০.০০	৫০.০০
১৮	২×১০/১৩.৩৩ এমভিএ উপকেন্দ্র (পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন)	-	-	৮০.০০	৯৩.০০
১৯	১×১০/১৩.৩৩ এমভিএ উপকেন্দ্র (পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন)	-	-	৮০.০০	৮২.০০
২০	৩×৫ এমভিএ রুরাল টাইপ উপকেন্দ্র	-	-	৬০.০০	৬৩.০০
২১	২×৫ এমভিএ রুরাল টাইপ উপকেন্দ্র (ক্ষমতান্নোয়ন)	-	-	৪০.০০	৬৬.০০
২২	১১/০.৪ কেভি ২৫০কেভিএ (নতুন)	০.০০	৪৪.৫০	৬০.০০	৯১.৪০

ক্রমিক নং	অঙ্গসমূহ	ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি (শতকরা হার)			
		জুন, ১৭ পর্যন্ত	জুলাই, ২০১৮ পর্যন্ত	জুন, ২০১৯ পর্যন্ত	মে, ২০২০ পর্যন্ত
২৩	১১/০.৪ কেভি ২০০কেভিএ (নতুন)	০.০০	৩.৫০	৪০.০০	৯৪.৫০
২৪	১১/০.৪ কেভি ১০০কেভিএ (নতুন)	০.০০	০.০০	৫০.০০	৮৪.১৯
২৫	১১/০.৪ কেভি ২০০কেভিএ (পুনর্বাসন)	-	৭.৯৮	৫০.০০	৭০.৪৮
২৬	১১/০.৪ কেভি ১০০কেভিএ (পুনর্বাসন)	-	৯.৫৪	৫০.০০	৫৯.৫৪
২৭	ভূমি অধিগ্রহণ	৭১.০০	৯২.৪৪	১০০.০০	১০০.০০
২৮	ভূমি উন্নয়ন	-	৮.০০	৫০.০০	৭০.০০
২৯	ফাংশনাল বিল্ডিং	-	-	৭৫.০০	৮৯.০০
৩০	সাব-স্টেশন বিল্ডিং	-	১১.৭৬	৮০.০০	৯১.০০
৩১	রাস্তা, বাউন্ডারী ওয়াল, ইত্যাদি	-	-	৪০.০০	৫০.০০
৩২	স্টোর হাউস, গার্ড রুম, ইত্যাদি	-	-	৪০.০০	৯৫.৫০
৩৩	ট্রেনিং	-	-	-	০.০০
৩৪	উপদেষ্টা কাজ	-	-	৬০.০০	৭০.০০
৩৫	অভ্যন্তরীণ পরিবহন	-	২৭.৩১	৬৩.৪০	৮৭.৭১
৩৬	ইন্সটলেশন ব্যয়	-	১৭.৭৬	৫২.০০	৭৯.৬৫
৩৭	সিডি ভ্যাট	-	-	-	৮৫.০০
৩৮	বিবিধ	-	-	-	০.০০
৩৯	কস্ট এস্কেলেশন @ সরাসরি খরচের ১%	-	-	-	০.০০
৪০	ফিজিক্যাল কন্টিনজেন্সি @ সরাসরি খরচের ১%	-	-	-	০.০০
	সর্বমোট =	১২.০০	৫১.০০	৭৩.০০	৮৮.৫০

প্রকল্পের সার্বিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রথম ২০১৫-১৬ অর্থবছরে প্রকল্পের বাস্তব ও আর্থিক উভয়ই যথেষ্ট কম, আর্থিক অগ্রগতি ৯.০১% এবং বাস্তব অগ্রগতি ১২%। শুরুর দিকে অনুমোদন ও ক্রয় প্রক্রিয়ায় বিলম্বের কারণে এই বিলম্ব ঘটতে পারে বলে অনুমিত হয়।

পরবর্তী বছরগুলিতে, যেমন, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ -তে বাস্তব ও আর্থিক উভয়ই সন্তোষজনক বলে প্রতীয়মান হয়।

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনা করলে দেখা যায় যে, নিম্নলিখিত অঙ্গগুলোর বাস্তব অগ্রগ্রতি মে, ২০২০ পর্যন্ত অগ্রগতির হার ৫০% বা তার নিচে-

- রাস্তা, বাউন্ডারি ওয়াল, ইত্যাদি – ৫০%
- ২×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস উপকেন্দ্র (নতুন) – ২৯%
- ২×২০/২৬ এমভিএ (রিনোভেশন) – ৫০%
- ৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন) – ৫০%

ট্রেইনিং-এর কার্যক্রম প্রকল্পের শেষ পর্যায়ে থাকে বলে এর অগ্রগতি এখানে বিবেচনা করা হয় নাই।

নিচের সারণিতে মে, ২০২০ পর্যন্ত প্রকল্পের কাজ কতটুকু অর্জিত হওয়ার কথা ছিল অর্থাৎ কাজের পরিকল্পনায় কতটুকু ছিল এবং বাস্তবে কতটুকু কাজ করা হয়েছে তার অগ্রগতির হার ও অগ্রগতি না হওয়ার কারণ দেখানো হলঃ

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%), মে, ২০২০ পর্যন্ত		অগ্রগতি অর্জিত না হওয়ার কারণ
	অঙ্গের নাম	পরিমাণ	পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি	অর্জিত অগ্রগতি	
১	ভূমি অধিগ্রহণ	১০.৫৮ একর	১০০.০০	১০০.০০	-
২	ভূমি উন্নয়ন	১২৬,২০৪ ঘন মিঃ	১০০.০০	৭০.০০	ভূমি অধিগ্রহণে দেরী হওয়ায় বিভিন্ন পূর্ত কাজে দেরী হওয়ার প্রধান কারণ। পরবর্তীকালে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩	ফাংশনাল বিল্ডিং	৪৪৪০ বর্গ মিঃ	১০০.০০	৮৯.০০	
৪	সাব-স্টেশন বিল্ডিং	২৭০০ বর্গ মিঃ	১০০.০০	৯১.০০	
৫	রাস্তা, বাউন্ডারী ওয়াল, ইত্যাদি	LS	৯০.০০	৫০.০০	
৬	স্টোর হাউস, গার্ডরুম, ইত্যাদি	LS	৯৮.০০	৯৫.৫০	
৭	৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি কম্পোজিট লাইন	২৯ কিঃমিঃ	৯০.০০	৭৯.৩১	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৮	৩৩ কেভি লাইন (নতুন)	১৪৬ কিঃমিঃ	৯০.০০	৮৫.৭১	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৯	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১২৩ কিঃমিঃ	৯০.০০	৭০.২৭	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
১০	১১ কেভি লাইন (নতুন)	৩৪১ কিঃমিঃ	৯০.০০	৬৯.৭৯	করোনার কারণে কাজের ক্ষতি হয়েছে।
১১	১১ কেভি লাইন (রিনোভেশন)	৩৭৫ কিঃমিঃ	৯০.০০	৮৫.৪৫	বিউবো-র পিসি পোল নির্মাণ প্ল্যান্ট আরিচা/ চট্টগ্রাম থেকে পোল সরবরাহে বিলম্ব হয়েছে। পরবর্তীকালে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
১২	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৩৮৭ কিঃমিঃ	৯০.০০	৭১.০০	করোনার কারণে কাজের ক্ষতি হয়েছে।
১৩	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৩৪৪ কিঃমিঃ	৯০.০০	৮৭.২১	বিউবো-র পিসি পোল নির্মাণ প্ল্যান্ট আরিচা/ চট্টগ্রাম থেকে পোল সরবরাহে বিলম্ব হয়েছে। পরবর্তীকালে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
১৪	০.৪ কেভি লাইন (নতুন)	৩৯৬ কিঃমিঃ	৯০.০০	৯৮.৪০	-
১৫	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৮৭১ কিঃমিঃ	১০০.০০	৭৯.৬৭	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
১৬	২x১৬/২০ এমভিএ এআইএস (নতুন)	১ টি	৮০.০০	৫৩.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
১৭	১x১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	১ টি	৮০.০০	৫২.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিদেশ থেকে জিআইএস প্যাকেজের মালামাল আসতে দেরী হচ্ছে। এছাড়া একই কারণে ঠিকাদারের বিদেশী কর্মীরা সাইটে আসতে পারছেন না।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%), মে, ২০২০ পর্যন্ত		অগ্রগতি অর্জিত না হওয়ার কারণ
	অঙ্গের নাম	পরিমাণ	পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি	অর্জিত অগ্রগতি	
১৮	১x১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	২ টি	৮০.০০	৮০.০০	-
১৯	২x১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	৬ টি	৮০.০০	২৯.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিদেশ থেকে জিআইএস প্যাকেজের মালামাল আসতে দেরী হচ্ছে। এছাড়া একই কারণে ঠিকাদারের বিদেশী কর্মীরা সাইটে আসতে পারছেন না।
২০	২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	৪ টি	৮০.০০	৫২.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২১	২x৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৩ টি	১০০.০০	৮৯.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২২	২x২০/২৬ এমভিএ (রিনোভেশন)	২ টি	১০০.০০	৫০.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৩	৩x১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২ টি	৮০.০০	৫০.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৪	২x১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	১৭টি	১০০.০০	৯৩.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৫	১x১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২টি	১০০.০০	৮২.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৬	৩x৫ এমভিএ রুরাল টাইপ	১টি	৮০.০০	৬৩.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৭	২x৫ এমভিএ (আপগ্রেডেশ)	৩টি	৮০.০০	৬৬.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৮	১১/০.৪ কেভি, ২৫০ কেভি (নতুন)	৫৩৫টি	১০০.০০	৯১.৪০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
২৯	১১/০.৪ কেভি, ২০০ কেভি (নতুন)	২০০টি	১০০.০০	৯৪.৫০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩০	১১/০.৪ কেভি, ১০০ কেভি (নতুন)	২১৫টি	১০০.০০	৮৪.১৯	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩১	১১/০.৪ কেভি, ২০০ কেভি (রিনোভেশন)	৩৭৬টি	১০০.০০	৭০.৪৮	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩২	১১/০.৪ কেভি, ১০০ কেভি (রিনোভেশন)	২৬২টি	১০০.০০	৫৯.৫৪	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩৩	পরামর্শক	২৮৮ জন/মাস	৮০.০০	৭০.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের ক্ষতি হয়েছে।
৩৪	প্রশিক্ষণ	LS	০.০০	০.০০	-

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি (%), মে, ২০২০ পর্যন্ত		অগ্রগতি অর্জিত না হওয়ার কারণ
	অঙ্গের নাম	পরিমাণ	পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি	অর্জিত অগ্রগতি	
৩৫	অভ্যন্তরীণ পরিবহন	৫০,৯৫০টি এর মধ্যে ৩৯,৮৬৮টি	৯০.০০	৮৭.৭১	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে পোল পরিবহন কাজের ক্ষতি হয়েছে।
৩৬	ইন্সটলেশন কস্ট	৩০১৩ কিঃমিঃ	৮৫.০০	৭৯.৬৫	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে লাইন নির্মাণ কাজের ক্ষতি হয়েছে।
৩৭	কাস্টম ডিউটি, ট্যাক্স ও ভ্যাট	-	৯০.০০	৮৫.০০	করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিদেশ থেকে মালামাল আসতে না পারায় লক্ষ্য পূরণ হয় নাই।
৩৮	কস্ট এসকেলেশন	-	০.০০	০.০০	-
৩৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	০.০০	০.০০	-
	মোট		৮৯.৩৬	৮৮.৫০	

দেখা যাচ্ছে যে, জিআইএস সহ কিছু উপকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে কাজের অগ্রগতি তুলনামূলকভাবে কম। ধারণা করা যায় যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতিতে কাজ বন্ধ থাকায় এবং বিদেশ থেকে মালামাল সাইটে পৌঁছানো ও ঠিকাদারদের বিদেশী কর্মীদের সাইটে অনুপস্থিতির কারণে এই অঙ্গে কাজের অগ্রগতি তুলনামূলকভাবে কম। এছাড়াও এই সকল উপকেন্দ্র নির্মাণের কাজে পিছিয়ে থাকার জন্য আরো কোনো কারণ আছে কিনা তা নির্ণয় করার জন্য এইসব কাজের ক্ষুদ্র ক্ষুদ্র অংশের বিস্তারিত বিশ্লেষণ (Detail Work Breakdown) করা এবং সমস্যার অংশগুলো (Bottleneck) চিহ্নিত করে সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

৩.২ ক্রয় কার্যক্রম

৩.২.১ ক্রয় পরিকল্পনা, বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ

সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনার বিস্তারিত পরিশিষ্ট-১ এ দেওয়া হয়েছে।

প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপির মেয়াদ ছিল ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত, যা ৯৬৪,১৬.০১ লক্ষ টাকা ব্যয়ে (জিওবি ৯২৫,৫৭.০৭ লক্ষ টাকা, বিউবি'র নিজস্ব ৩৮,৫৮.৯৪ লক্ষ টাকা) ২৭/০৯/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়। মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৯১৪,৯৮.৮৭ লক্ষ টাকা (জিওবি ৮৮০,০৪.৯৭ লক্ষ ও সংস্থার নিজস্ব ৩৪,৯৩.৯০ লক্ষ টাকা) ও মেয়াদ ছিল জুন, ২০১৮ পর্যন্ত। মূল ডিপিপি থেকে সংশোধিত ডিপিপিতে প্রকল্পটির কিছু ক্ষেত্রে ব্যয় হ্রাস ও কিছু ক্ষেত্রে ব্যয়বৃদ্ধি করে ব্যয় সমন্বয় করা হয়। নিচে সংক্ষেপে ব্যয় সংশোধনের কারণ উল্লেখ করা হলঃ

১। সংশোধিত ডিপিপিতে ৩৩ কেভি (নতুন) লাইনের কাজের পরিমাণ হ্রাস করে এবং প্রাক্কলিত মূল্য হ্রাস করে প্রস্তাব করা হয়েছে। সংশোধিত ডিপিপিতে বৈদ্যুতিক পোলের মূল্যবৃদ্ধির কারণে আনুপাতিক হারে লাইন নির্মাণ ব্যয় হ্রাস পায় নাই।

২। আন্তঃখাত সমন্বিত ডিপিপিতে ২১৮ কিঃমিঃ ৩৩ কেভি (রিনোভেশন) লাইনের কাজের অর্থের সংস্থান ভুলক্রমে কম দেখানো হয়েছিল। সংশোধিত ডিপিপিতে ৩৩ কেভি (রিনোভেশন) লাইনের কাজের পরিমাণ বাস্তব চাহিদার ভিত্তিতে কম হওয়াতে প্রস্তাবিত প্রাক্কলিত মূল্য হ্রাস করা হয়েছ। অন্যদিকে পোলের মূল্যবৃদ্ধির কারণে আনুপাতিক হারে লাইন রিনোভেশন ব্যয় হ্রাস পায় নাই।

৩। আন্তঃখাত সমন্বিত ডিপিপির ৩৭৬ কি.মি. ১১ কেভি লাইন রিনোভেশন কাজের টাকার প্রস্তাবটি ভুলক্রমে কম দেখানো হয়েছিল, যা সংশোধিত ডিপিপিতে সমন্বয় করা হয়েছে।

৪। আন্তঃখাত সমন্বিত ডিপিপির ৩৪৪ কি.মি. ১১/০.৪ কেভি লাইন রিনোভেশন কাজের টাকার প্রস্তাবটি ভুলক্রমে কম দেখানো হয়েছিল, যা সংশোধিত ডিপিপিতে সমন্বয় করা হয়েছে।

৫। ১৫টি অধিগৃহীতব্য জমির মধ্যে ৫টি জমি নতুন আইনের আওতায় অধিগ্রহণ করায় উক্ত অঙ্গে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৬। দুপচাঁচিয়া উপকেন্দ্রটির লোড ডিমান্ড বেড়ে যাওয়ায় উপকেন্দ্রটিকে বিদ্যমান অবস্থায় রেখে সেখানে স্থাপিতব্য ২×১০/১৩.৩৩ এমভিএ ট্রান্সফর্মার ২টি দ্বারা লোড সেন্টার এবং সহজতর পাওয়ার ইভাকুয়েশন বিবেচনায় নিকটবর্তী চেঙ্গা স্থানে নতুন ২×১০/১৩.৩৩ এমভিএ উপকেন্দ্র স্থাপন করার প্রস্তাব করা হয়েছে।

৭। অধিগ্রহণকৃত জমি ডোবা শ্রেণীর হওয়ায় ভূমি উন্নয়ন অঙ্গে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৮। টার্ণ কী চুক্তি মূল্যের ভিত্তিতে সংশোধিত ডিপিপিতে ফাংশনাল বিল্ডিং-এর কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ফলে প্রাক্কলিত মূল্য বৃদ্ধি পেয়েছে।

৯। টার্ণ কী ঠিকাদারের উদ্ধৃত মূল্যের ভিত্তিতে সংশোধিত ডিপিপিতে সাব-স্টেশন বিল্ডিং-এর মূল্য বৃদ্ধি প্রস্তাব করা হয়েছে।

১০। স্টোর হাউস, গার্ড রুম, ইত্যাদি অঙ্গে বাস্তবতার আলোকে কাজের পরিমাণ হ্রাস করায় প্রাক্কলিত মূল্য হ্রাস করা হয়েছে।

১১। চলমান প্রকল্পগুলোর ব্যয়ের প্রবণতার উপর ভিত্তি করে সংশোধিত ডিপিপিতে সিডি ভ্যাট এবং ট্যাক্স অঙ্গে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

১২। নতুন পে-স্কেলে কর্মকর্তা/ কর্মচারীগণের বকেয়া সহ বার্ষিক বর্ধিত বেতন পরিশোধ এবং প্রকল্প মেয়াদ বৃদ্ধির কারণে সংশোধিত ডিপিপিতে এই খাতে বেশি টাকা ধরা হয়েছে।

১৩। পরিবহন খাতে ব্যয় বৃদ্ধি হওয়ায় সংশোধিত ডিপিপিতে ব্যয় বৃদ্ধি ধরা হয়েছে।

১৪। সংশোধিত ডিপিপিতে ইন্সটলেশন অঙ্গে বিদ্যুৎ বিভাগের ২০১৪ সালের দর তালিকার উপর ভিত্তি করে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

উপরে বর্নিত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির বিষয়ে PIC এবং PSC সভার কার্যবিবরণী পর্যালোচনা করে দেখা যায় যে, যে সকল কারণে প্রকল্পটির চলমান কাজে বিঘ্ন ঘটেছে, সেগুলো বিস্তারিতভাবে সেই সব সভায় আলোচিত হয়েছে।

প্রকল্পের ব্যয় বৃদ্ধির বিষয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, উভয় ক্ষেত্রেই প্রকল্প ব্যবস্থাপনার নিয়ন্ত্রণের বাইরে ছিল। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, উপরে বর্ণিত ব্যয় বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করার পর সংশোধিত ডিপিপি হিসাবে অনুমোদিত হয়েছিল।

পরবর্তীকালে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হলে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের সময় ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বাড়ানো হয়। এক্ষেত্রে প্রকল্পের আর্থিক ব্যয় টাকার ইনফ্লেশন রেট অনুসারে সমানুপাতিক হারে বাড়ানো হয় নাই।

বর্তমানে প্রকল্প বিলম্ব হওয়ার কারণে স্বাভাবিকভাবে ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে ব্যত্যয় ঘটেছে ও প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যার জন্য ক্রয় পরিকল্পনা অনুযায়ী অগ্রগতি সম্ভবপর হয় নাই। এক্ষেত্রে জমি অধিগ্রহণে বিলম্ব, ৪টি প্যাকেজের পুনঃটেন্ডার, যথা সময়ে শাটডাউন না পাওয়া ও পোল প্রাপ্তিতে বিলম্বের কারণে প্রকল্পের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন হয় নাই।

৩.২.২ প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয়পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কি না তা পর্যালোচনা ও পর্যবেক্ষণ।

নিচে সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রধান ৮টি প্যাকেজের ক্রয় পরিকল্পনা ও চুক্তি স্বাক্ষরের তারিখ দেখানো হলঃ

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি কার্যকরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
১	Design, Supply, Installation, Testing & Commissioning of GIS (GIS)	২৪/০১/ ২০১৮	১০/০৪/ ২০১৮	০৯/০৪/ ২০২০
২	Design, Supply, Installation, Testing & Commissioning of Up-gradation & Renovation of AIS Substation (AIS-1)	০৯/০১/ ২০১৮	১৫/০৩/ ২০১৮	১৪/০৩/ ২০১৯
৩	Design, Supply, Erection, Testing & Commissioning and Construction of Rural Type Substation, Renovation of AIS Substation, Up-gradation of AIS Substation, Rural type Substation (AIS-2)	০৪/০৪/ ২০১৮	০৪/০৪/ ২০১৮	০৩/০৪/ ২০১৯
৪	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of AIS Substation on Turnkey Basis (AIS-3)	২৮/১২/ ২০১৭	২২/০৪/ ২০১৮	২১/০৪/ ২০১৯
৫	Design, Supply, Installation, Up-gradation, Renovation, Testing and Commissioning of 33/11 KV Sub-station (AIS-4)	০১/০৩/ ২০১৮	০১/০৩/ ২০১৮	২৮/০২/ ২০১৯
৬	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning of 33/11 KV AIS Substation on Turnkey Basis (AIS-5)	২৮/১২/ ২০১৭	২২/০৪/ ২০১৮	২১/০৪/ ২০১৯
৭	Design, Supply, Erection, Testing, Commissioning & Construction of Rural Type, Renovation & Up gradation of AIS Substation (AIS-6)	০৪/০৪/ ২০১৮	০৪/০৪/ ২০১৮	০৩/০৪/ ২০১৯

ক্রমিক নং	চুক্তির নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি কার্যকরের তারিখ	চুক্তি অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ
৮	Design, Supply, Erection, Installation, Testing & Commissioning & Up gradation & Renovation of AIS Substation (AIS-7)	০১/০৩/ ২০১৮	০১/০৩/ ২০১৮	২৮/০২/ ২০১৯

উপরের ছকটি পরীক্ষা করলে দেখা যায় যে, সংশোধিত ডিপিপি অনুযায়ী উপরে বর্ণিত গুরুত্বপূর্ণ ৮টি প্যাকেজের ক্রয়পরিকল্পনা ক্রয় চুক্তি সাক্ষরের মাধ্যমে প্রতিপালিত হয়েছে।

প্রকল্পের আওতায় ৩৩/১১ কেভি ৪৪টি উপকেন্দ্রের নির্মাণ, পুনর্বাসন ও ক্ষমতান্নোয়নের জন্য মূল ডিপিপির ৩৫টি প্যাকেজকে ৮টি প্যাকেজে রূপান্তর করে দরপত্র আহবান করা হয়। এই প্যাকেজগুলো হলো – GIS, AIS-1, AIS-2, AIS-3, AIS-4, AIS-5, AIS-6 এবং AIS-7। সর্বশেষ GIS প্যাকেজের চুক্তি সাক্ষরিত হয় ০৪/০৪/২০১৮ তারিখে।

অন্যদিকে, ৩৬ নং থেকে ৫৩ নং পর্যন্ত প্যাকেজগুলির বিভিন্ন লটের চুক্তি ঠিকাদারের সাথে স্বাক্ষরিত হয়েছে পর্যায়ক্রমে ০২/০২/২০১৬ থেকে ০৯/০৫/২০১৭ এর মধ্যে।

প্রকল্পের কার্যপরিধির এবং প্রকল্প বাস্তবায়নে ব্যয় পরিকল্পনায় বিলম্ব ঘটার কারণ সমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, ৪টি প্যাকেজের পুনঃটেন্ডারকে বিবেচনায় রেখে সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া, অনুমোদন প্রক্রিয়া, ইত্যাদি অনুসরণ করার পর ও ঠিকাদারের সাথে চুক্তি সইয়ের পর কাজ শুরু পর্যন্ত সময় লেগেছে জুলাই, ২০১৫ থেকে এপ্রিল, ২০১৮ পর্যন্ত অর্থাৎ প্রায় ২ বৎসর ১০ মাস।

প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (Feasibility Study Report) পরীক্ষা করে দেখা যায় যে, সমীক্ষাটিতে কারিগরী দিক বিস্তারিতভাবে থাকলেও এর আর্থিক পরিকল্পনার দিক বিস্তারিতভাবে নাই। সমীক্ষা প্রতিবেদনটিতে একটি বছর ভিত্তিক আর্থিক পরিকল্পনা থাকলে ডিপিপি তৈরীর সময়ে এটি যাচাই করা যেত এবং প্রকল্পের আর্থিক পরিকল্পনা তৈরীতে এই সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনটি থেকে সাহায্য পাওয়া যেত। এর ফলে প্রকল্প দলিলে ক্রয়পরিকল্পনা সন্নিবেশিত করা এবং এর প্রতিপালন সহজ হত।

৩.২.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন, ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় মূল ডিপিপি অনুযায়ী পণ্য, কার্য ও সেবা সংগ্রহের জন্য মোট ৫৩টি প্যাকেজ নির্ধারণ করা হয়। এর মধ্যে ৩৩/১১ কেভি ৪৪টি উপকেন্দ্র নির্মাণ, পুনর্বাসন ও ক্ষমতান্নোয়নের জন্য মূল ডিপিপির ৩৫টি প্যাকেজকে ৮টি (GIS, AIS-1, AIS-2, AIS-3, AIS-4, AIS-5, AIS-6 এবং AIS-7) প্যাকেজে রূপান্তর করে দরপত্র আহবান করা হয়। এছাড়া বাকি ১৮টি প্যাকেজ আলাদাভাবে দরপত্র আহবান করা হয়।

উপরোক্ত ৮টি প্যাকেজের ৪৪টি উপকেন্দ্র ক্রয়ের জন্য প্রাক-যোগ্যতা নোটিস পিপিআর ২০০৮ ও পিপিএ ২০০৬ এর বিধি অনুযায়ী নিম্নোক্ত জাতীয় দৈনিক পত্রিকা ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়ঃ

১। New Age
২। The Daily Star
৩। দৈনিক জনকন্ঠ
৪। বিউবো ওয়েবসাইট
৫। সিপিটিইউ
৬। দরপত্র বুলেটিন (সংখ্যা নং ৫৩৭)

বিউবো পরবর্তীতে আহবানকৃত দরপত্রের উপর সময় বর্ধিত করণের জন্য সংশোধনী প্রকাশ করে (মেমো নং 2106-BPDB(Sec.)/Dev-101/92, dated -11/08/2015 – Time Extension)।

১০টি দরপত্রদাতা প্রাক-যোগ্যতা আবেদন করে। এই ১০টি দরদাতাদের মধ্যে ৮টি দরদাতা প্রাক-যোগ্যতা প্রক্রিয়ায় রেসপনসিভ হয় যা বিউবো বোর্ড কর্তৃক ১২/০১/২০১৬ তারিখে অনুমোদিত হয় (সাধারণ বোর্ড সভা নং-১৬৪৯)।

এর পরে প্রাক-যোগ্যতা আবেদনে আহবানকৃত Scope-কে ৮টি প্যাকেজে ভাগ করা হয় এবং প্রতিটি প্যাকেজের প্রাক্কলিত মূল্য বিউবো বোর্ড কর্তৃক অনুমোদিত হয় (সাধারণ সভা ১৬৬৩, তারিখ ০২/০৫/১৬)। এই ৮টি প্যাকেজ হলো - GIS, AIS-1, AIS-2, AIS-3, AIS-4, AIS-5, AIS-6 এবং AIS-7।

GIS প্যাকেজটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য মোট ১২৯,২৮.৩৩ লক্ষ টাকা।

AIS-1 প্যাকেজটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য মোট ২৯,৩৩.০৯ লক্ষ টাকা।

AIS-3 প্যাকেজটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য মোট ২৮,১৩.৭৬ লক্ষ টাকা।

AIS-5 প্যাকেজটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য মোট ২৯,৭১.০৫ লক্ষ টাকা।

উপরে বর্ণিত প্রাক-যোগ্য আবেদনকারীগণকে এক ধাপ এক খাম (Single stage single envelope) পদ্ধতিতে তাদের কারিগরী ও আর্থিক প্রস্তাব প্রদান করার জন্য ১৫/০৫/২০১৫ তারিখে দরপত্র দলিল সহ Letter of Invitation (LOI) প্রদান করা হয় (Memo no. 1432- BPDB(Sec.)/Dev-209/2015, dated 15.05.2016 এবং এর পরবর্তী সংশোধনীসমূহের এর মাধ্যমে)।

দরপত্র উন্মুক্তকরণের জন্য বিউবো কর্তৃক ৩ সদস্যবিশিষ্ট Standing Tender Opening Committee (STOC) গঠিত হয়।

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে দরপত্র মূল্যায়নের জন্য বিউবো ৩ সদস্য বিশিষ্ট একটি দরপত্র মূল্যায়ন কমিটি-৩ (TEC - 3) গঠিত করে।

এছাড়াও পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ বিধিমালা অনুসরণ করে বিউবো একটি কারিগরী উপ-কমিটি -৩ (Technical Sub- Committee -3) গঠন করে।

LOI ও পরবর্তী সংশোধনী অনুসারে আগ্রহী দরদাতাগণ কারিগরী ও আর্থিক প্রস্তাব ২৪/০৮/২০১৬ তারিখে জমা প্রদান করে। GIS প্যাকেজের জন্য ৮টি প্রাক-যোগ্যতাসম্পন্ন দরদাতার মধ্যে ৬টি এবং বাকি AIS-1, AIS-3 এবং AIS-5 প্যাকেজসমূহের জন্য ৮টি প্রাক-যোগ্যতাসম্পন্ন দরদাতার মধ্যে ৫টি করে দরদাতা অংশগ্রহণ করে। সচিব, বিউবো কে প্রধান করে গঠিত প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি একই দিনে কারিগরী ও আর্থিক প্রস্তাব খুলেন এবং দরদাতাদের নাম পড়েন। ঐ সভায় সকল দরদাতা উপস্থিত ছিলেন।

এর পর পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ বিধিমালার আলোকে দরদাতাদের দাখিলকৃত দরপত্রের জামানতের সঠিকতা যাচাই করা হয়।

কারিগরী মূল্যায়ন কমিটি (Technical Evaluation Committee) দরপত্র খোলার পরপরই মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে। দরপত্র দলিলে উল্লেখিত বৈশিষ্ট্যসমূহ থেকে দরপত্রসমূহের মূল্যায়ন ও বিশ্লেষণ করা হয়। উক্ত কমিটি দরপত্রের খুঁটিনাটি পরীক্ষা করে এবং বিশ্লেষণ করে কারিগরীভাবে রেসপনসিভ ও নন-রেসপনসিভ দরদাতাদের তালিকা প্রকাশ করে। এছাড়াও কমিটি কারিগরীভাবে রেসপনসিভ দরদাতাদের আর্থিকভাবে মূল্যায়ন করার পর আর্থিকভাবে রেসপনসিভ দরদাতাদের তালিকা তৈরী করে। কারিগরী মূল্যায়ন কমিটি বিশদ পরীক্ষা করে নিম্নলিখিত দরদাতাদের দর গ্রহণ করেঃ

ক্রমিক নং	প্যাকেজের বিবরণ	TEC-3 কর্তৃক সুপারিশকৃত দরদাতা
১	GIS প্যাকেজ	CEC and Fortune JV, China
২	AIS-1 প্যাকেজ	Energypac Engineering Ltd., Bangladesh
৩	AIS-3 প্যাকেজ	Sterling and Wilson Pvt. Ltd., India
৪	AIS-5 প্যাকেজ	Sterling and Wilson Pvt. Ltd., India

২৫/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত বিউবো, বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উপরোক্ত ৪টি প্যাকেজ ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি উপরোক্ত প্যাকেজসমূহের অনুমোদনের পর পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ বিধিমালা এবং সংশ্লিষ্ট জারিকৃত পরিপত্রসমূহের আলোকে পরবর্তী প্রক্রিয়া অনুসরণের পর সংশ্লিষ্ট দরদাতাদের সাথে ক্রয় চুক্তি সম্পাদন করা হয়। উল্লেখ্য যে, ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি উপরোক্ত প্যাকেজসমূহের ক্রয় বিষয়ে কোনো অভিযোগ প্রদান করে নাই।

এছাড়া AIS-2, AIS-4, AIS-6 এবং AIS-7 প্যাকেজসমূহের দরপত্রে প্রস্তাবিত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা নির্দিষ্ট পরিমাণের চেয়ে বেশি হওয়ায় এই প্যাকেজসমূহ ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি পুনঃটেন্ডারের জন্য ফেরত প্রদান করে। এই প্যাকেজ সমূহের পুনঃটেন্ডারের জন্য বিধি মোতাবেক প্রক্রিয়া শুরু করা হয়।

প্রকল্পে নিচে উল্লেখিত লাইন নির্মাণের সকল কাজ e-GP এর মাধ্যমে ক্রয় করা হয়েছে।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)
১	৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি কম্পোজিট লাইন	২৯ কিঃমিঃ	১৩৫৩.১০
২	৩৩ কেভি লাইন (নতুন)	১৪৬ কিঃমিঃ	৪৬৮০.৭৪

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		
	অঙ্গের নাম	পরিমাণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকা)
৩	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১২৩ কিঃমিঃ	১৩০৪.৬১
৪	১১ কেভি লাইন (নতুন)	৩৪১ কিঃমিঃ	৪৮৩৫.৫২
৫	১১ কেভি লাইন (রিনোভেশন)	৩৭৫ কিঃমিঃ	২২৬৬.৯৩
৬	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৩৮৭ কিঃমিঃ	৮৮৯৫.৪৬
৭	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৩৪৪ কিঃমিঃ	৪৪৫৭.৮৪
৮	০.৪ কেভি লাইন (নতুন)	৩৯৬ কিঃমিঃ	৪২৯৩.৫৮
৯	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৮৭১ কিঃমিঃ	৩৪২৭.০১

ক্রয় প্রক্রিয়ার প্রাপ্ত দলিলসমূহ পরীক্ষা করে মতামত প্রকাশ করা যায় যে, প্রতিটি প্যাকেজের ক্রয়ের জন্য অনুমোদন লাভ, টেন্ডার আহবান, টেন্ডার মূল্যায়ন, খসড়া চুক্তির বিষয়ে সংশ্লিষ্ট মণ্ত্রণালয়, সংস্থা এবং কর্তৃপক্ষের ভেটিং, ইত্যাদি ধাপ অতিক্রম করে প্রতিটি প্যাকেজের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে। ফলে ক্রয় প্রক্রিয়ায় প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন, ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে বলে প্রতীয়মান হয়।

৩.২.৪ প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/ হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

<u>গুণগত মান যাচাইঃ</u>

প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুযায়ী পণ্য এবং কার্য প্যাকেজ সমূহকে একীভূত করে টার্ণ কী ভিত্তিতে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ইপিসি ঠিকাদার নিয়োগ করা হয়েছে। মালামাল শিপমেন্ট এর পূর্বে ঠিকাদার বিউবোকে প্রি-শিপমেন্ট পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানায়। মন্ত্রণালয় কর্তৃক গঠিত ৩ সদস্য বিশিষ্ট কমিটি প্রি-শিপমেন্ট পরিদর্শনের জন্য প্রতিটি প্যাকেজের জন্য আলাদাভাবে উৎপাদনকারীর দেশে ফ্যাক্টরী পরিদর্শন করে ও বোর্ডের কাছে মালামালের গুণগত মানের উপর রিপোর্ট প্রদান করে।

মালামাল প্রকল্প এলাকায় পৌঁছানোর পর Post-delivery Inspection করা হয়। উপরে উল্লিখিত ৩ সদস্য বিশিষ্ট একই কমিটি মালামালের স্পেসিফিকেশন থেকে কোনো ব্যতিক্রম ও ত্রুটি-বিচ্যুতি আছে কিনা ও পরিবহনের সময়ে মালামাল ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা দেখেন এবং মালামালের উপর সামগ্রিকভাবে রিপোর্ট প্রদান করেন।

<u>পরিমাণগত দিক যাচাইঃ</u>

পরিমাণগত দিক যাচাই এর ক্ষেত্রে প্রকল্প দপ্তর কর্তৃক নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন করা হয়ে থাকে। মালামাল শিপমেন্টের পর ঠিকাদার কর্তৃক বিউবো কর্তৃপক্ষকে মালামাল পৌঁছানোর তারিখ সম্পর্কে অবহিত করা হয়। বিউবো কর্তৃপক্ষ কর্তৃক সিডি ভ্যাট প্রদানপূর্বক তাদের

সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে মালামাল আনলোডিং এর পর ঠিকাদারের নিকট হস্তান্তর করা হয়। মালামাল ঠিকাদারের ওয়্যারহাউজে পৌঁছালে পরামর্শকগণ মালামালের পরিমাণগত দিক যাচাই করেন এবং প্রতিবেদন দাখিল করেন। উল্লেখ্য, কোন কারণে মালামালের সঠিকতা না পাওয়া গেলে ঠিকাদারের মাধ্যমে তা পরিবর্তন করে নেওয়া হয়। সঠিকতা যাচাই সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর R&I করত ভাণ্ডার লেজারে মালামাল অন্তর্ভুক্ত করা হয়।

ক্রয় প্রক্রিয়ার বিভিন্ন দলিলপত্রাদি পরীক্ষা করে দেখা যায় যে, পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমান অনুযায়ী যাচাই করা হয়েছে।

৩.২.৫ ক্রয় কার্যক্রম পর্যালোচনা

উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে প্রকল্পের যন্ত্রপাতি/মালামাল ইত্যাদি ক্রয় করা হয়েছে। ক্রয় পরিকল্পনা, ক্রয়, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন, শিপমেন্ট পরীক্ষা ইত্যাদি পর্যায়ে যে সকল পদ্ধতি অবলম্বন করা হয়েছে, তা নিচে বর্ণনা করা হলো-

(ক) চুক্তি স্বাক্ষর;

(খ) কন্ট্রাক্ট ডকুমেন্টের স্পেসিফিকেশন অনুযায়ী নকশা অনুমোদন পূর্বক যন্ত্রপাতি/মালামাল প্রস্তুত/ সংগ্রহ করা;

(গ) সংগৃহীত যন্ত্রপাতি/ মালামাল শিপমেন্টের জন্য প্রস্তুত করা;

(ঘ) শিপমেন্টের জন্য প্যাকিং করার পূর্বে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের জন্য আমন্ত্রণ জানানো;

(ঙ) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন (পিএসআই) কমিটি কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পরবর্তী প্রতিবেদন প্রস্তুত এবং অনুমোদনের পর সে অনুযায়ী প্যাকিং এর অনুমোদনপূর্বক শিপমেন্ট এর জন্য মালামাল প্রস্তুত করা;

(চ) প্যাকিং অবস্থায় মালামাল ওয়্যারহাউজে গুদামজাতের অনুমতি;

(ছ) নির্ধারিত সাইটে যন্ত্রপাতি ইন্সটলেশন উপযোগী হলে সাইটে পৌছানোর পূর্বে পরীক্ষা করার জন্য ঠিকাদার কর্তৃক বিউবো-কে আমন্ত্রণ জানানো;

(জ) প্যাকিং করা যন্ত্রপাতি ইন্সটলেশন সাইটে পৌঁছানোর পর পুনরায় টেস্টপূর্বক ইন্সটলেশনের অনুমতি প্রদান;

(ঝ) সাইটে ইন্সটলেশন পরবর্তী প্রি-কমিশনিং এবং কমিশনিং-এর জন্য ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক পুনরায় আমন্ত্রণ জানানো।

প্রকল্পে উল্লিখিত পদ্ধতিগুলো অনুসরণের কোন পর্যায়ে সন্তোষজনক না হওয়া পর্যন্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে পরবর্তী কার্য সম্পাদনের অনুমতি দেওয়া হয় নাই।

প্রকল্পের আওতায় সংগৃহীত ও সংগ্রহের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া সরকারের ক্রয় চুক্তি অনুসরণপূর্বক হয়েছে, যা নিচের ছকে দেখানো হলঃ

ক্রমিক নম্বর	কমপ্লায়েন্স ডোমেইন	পারফর্মেন্স সূচক
১	উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রস্তুত করা হয়েছে	প্রকল্পটির মূল লক্ষ্য ও উদ্দেশ্য, এবং প্রকল্পটির ফলাফল সম্পর্কিত বিষয়াদি সরকারের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, জাতীয় অগ্রাধিকার, উন্নয়নের মূলনীতি, পরিকল্পনা ও সম্পদ পরিস্থিতির সঙ্গে সংগতিপূর্ণ আছে।
২	প্রকিউরমেন্ট পদ্ধতি অনুসরণ করা হয়েছে	• বাজার অবস্থাসহ আগ্রহ প্রতিষ্ঠানের প্রাপ্যতা নিশ্চিত করা হয়েছে; • টেকনিক্যাল রেলিভেন্সি পর্যবেক্ষণ করা হয়েছে; • এজেন্সি নিরূপণ করা হয়েছে; এবং • আর্থিক সংগতি (Financial Threshold) বিবেচনা করা হয়েছে।
৩	অফিসিয়াল কস্ট এস্টিমেট	• বাজার মূল্যের সাথে সংগতি রেখে এস্টিমেট প্রস্তুত করা হয়েছে; • স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করা হয়েছে এবং • যথাযথভাবে ডকুমেন্টেশন করা হয়েছে।
৪	দরপত্র দলিল প্রস্তুত করণ	পিপিআর ২০০৮ মোতাবেক দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে।
৫	স্পেসিফিকেশন/ বিওকিউ/ টিওআর প্রস্তুত করণ	মালামালের গুণগতমান, নিরপেক্ষতা এবং সকল দরদাতার সুষম অংশগ্রহণ নিশ্চিত পূর্বক প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী মালামালের স্পেসিফিকেশন ও দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে।
৬	পরিমাণ	সঠিক ভাবে পরিমাণ নির্ধারণ করা হয়েছে।
৭	TOC, TEC ইত্যাদি কমিটি গঠন	পিপিআর অনুসরণপূর্বক সকল কমিটি গঠন করা হয়েছে।
৮	বিজ্ঞাপন প্রচার (দরপত্র আহবান)	পিপিআর অনুসরণপূর্বক জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করা হয়েছে।
৯	দরপত্র দাখিল	দরপত্র দাখিলের ক্ষেত্রে পিপিআর এর বিধি-বিধান অনুসরণ পূর্বক নির্ধারিত সময় প্রদান করা হয়েছে।
১০	দরপত্র খোলা	দরপত্র খোলার ক্ষেত্রে পিপিআর এর বিধি-বিধান অনুসরণ পূর্বক স্ট্যান্ডার্ড নিয়ম ও ধাপ অনুসরণ করা হয়েছে। আর্থিক প্রস্তাব দরপত্রের শর্ত অনুযায়ী সংরক্ষণ করা হয়েছে।
১১	দরপত্র মূল্যায়ন	দরপত্র মূল্যায়নের ক্ষেত্রেও পিপিআর এর বিধি-বিধান অনুসরণ পূর্বক স্ট্যান্ডার্ড নিয়ম ও ধাপ অনুসরণ করা হয়েছে।
১২	NOA প্রদান এবং চুক্তি স্বাক্ষর	NOA প্রদান এবং চুক্তি স্বাক্ষর এর ক্ষেত্রে পিপিআর এর বিধি-বিধান অনুসরণ পূর্বক স্ট্যান্ডার্ড নিয়ম ও ধাপ অনুসরণ করা হয়েছে।
১৩	অনুমোদন প্রক্রিয়া	অনুমোদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে পিপিআর এর বিধি-বিধান অনুসরণ করা হয়েছে।
১৪	চুক্তিপত্র ব্যবস্থাপনা	চুক্তিপত্রের Terms & Conditions পুরোপুরি অনুসরণ করা হয়েছে।
১৫	মালামাল হস্তান্তর (Delivery of Goods)	চুক্তিপত্রের Terms & Conditions পুরোপুরি অনুসরণ করা হয়েছে।
১৬	Quality Assurance	যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গঠিত কমিটির মাধ্যমে দরপত্র দলিলে প্রদত্ত স্পেসিফিকেশনের সাথে প্রতিটি পণ্যের গুণগত মান, পরিমাণ, টেস্টিং সনদপত্র যাচাই পূর্বক মালামাল সমূহ গ্রহণ করা হয়েছে এবং প্রয়োজনীয় ডকুমেন্টেশন করা হয়েছে।
১৭	কার্য সমাপ্তি	প্রকল্পটি বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে।
১৮	Delivery of Service	• চুক্তিপত্রের Terms & Conditions অনুসরণ করা হয়েছে; • স্পেসিফিকেশনের সাথে প্রতিটি সেবার পরিধি মিলিয়ে নেওয়া হয়েছে; এবং • সেবার গুণগত মান, পরিধি যাচাই করা সহ প্রয়োজনীয় ডকুমেন্টেশন করা হয়েছে।
১৯	চুক্তিপত্র ব্যবস্থাপনার সুক্ষ্ম দিকগুলো, অর্থাৎ • ভেরিয়েশন;	• স্ট্যান্ডার্ড পদ্ধতি এবং ধাপগুলো যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

ক্রমিক নম্বর	কমপ্লায়েন্স ডোমেইন	পারফর্মেন্স সূচক
	• সময় বর্ধিতকরণ; • Amendment to order ইত্যাদি।	
২০	Payment	• স্ট্যান্ডার্ড পদ্ধতি এবং ধাপগুলো যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।
২১	Documentation	• স্ট্যান্ডার্ড পদ্ধতি এবং ধাপগুলো যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

প্রকল্পটির ৩৫টি প্যাকেজকে ৮টি (GIS, AIS-1, AIS-2, AIS-3, AIS-4, AIS-5, AIS-6 এবং AIS-7) প্যাকেজে রূপান্তর করে দরপত্র আহবান করা হয়। এছাড়া বাকি ১৮টি প্যাকেজ আলাদাভাবে দরপত্র আহবান করা হয়। অর্থ মন্ত্রণালয় কর্তৃক ০৬ ডিসেম্বর, ২০১৬ তারিখে জারিকৃত আর্থিক ক্ষমতা সংক্রান্ত পরিপত্রের আলোকে পূর্ত কাজ, ভৌত ও সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদনের জন্য ১০০ কোটি টাকার উর্ধে সকল ক্রয় প্রস্তাব ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (CCGP) বিবেচনার জন্য প্রেরণ করে অনুমোদন নেওয়া প্রয়োজন। এই কারণে এই ৮টি প্যাকেজ এক সাথে দরপত্র আহবান করার ফলে প্রাক্কলিত মোট মূল্য ৩৩৫,৬৯.৬৩ লক্ষ টাকা হওয়াতে এটি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। এই কমিটি ৪টি প্যাকেজ পুনঃদরপত্রের জন্য ফেরত প্রদান করে এবং বাকি ৪টি প্যাকেজের জন্য অনুকুল মতামত দেয়। প্রকল্পের লাইন নির্মাণের জন্য ৯টি প্যাকেজের ক্রয় e-GP এর মাধ্যমে করা হয়। প্রকল্পের প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করে করা হয়েছে।

৩.৩ উদ্দেশ্য অর্জন

৩.৩.১ প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ

মাঠ পর্যায়ের জরিপ, দলভিত্তিক আলোচনা ও কেআইআই এর মাধ্যমে প্রাপ্ত প্রাইমারী ডাটা এবং বিভিন্ন উৎস হতে সংগৃহীত সেকেন্ডারি ডাটা পর্যবেক্ষণান্তে চলমান প্রকল্পের উদ্দেশ্য অর্জনের সার্বিক অবস্থা সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলো-

সংশোধিত অনুমোদিত ডিপিপি-র (প্রকল্প সমাপ্তি কাল ডিসেম্বর, ২০১৯) লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্যের বর্ণনা	উদ্দেশ্য অর্জনের বর্তমান অবস্থা
বিতরণ অঞ্চল রাজশাহীর রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ জেলায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বর্ধিতকরণ।	প্রকল্পটির সমাপ্তি কাল ডিসেম্বর, ২০১৯ থেকে সংশোধিত করে ডিসেম্বর, ২০২০ ধরা হয়েছে। তবুও গ্রাহক পর্যায়ে জরিপ ও সার্বিক পর্যবেক্ষণ হতে দেখা যায় যে, রাজশাহী বিভাগে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে বহু সংখ্যক গ্রাহককে বিদ্যুৎ সংযোগের আওতায় আনার ফলে গ্রাহকদের মধ্যে তুলনামূলক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি পেয়েছে, বহু সংখ্যক গ্রাহকের বিদ্যুৎ চাহিদা পূরণ হয়েছে ও লোড শেডিং কমেছে। নিচে উদ্দেশ্য অর্জনের বর্তমান অবস্থা বিস্তারিত দেওয়া হলঃ
(ক) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭টি ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র নির্মাণ।	(ক) প্রকল্পের ১৭টি ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্রের মধ্যে ১টির কাজ সম্পন্ন হয়েছে ও সেটি চালু হয়েছে। ৯টির সমস্ত মালামাল সাইটে আছে। কিন্তু ইন্টলেশন সম্পন্ন হয় নাই। ৫টির বিল্ডিং নির্মাণ ও ফিনিসিং এর কাজ চলছে, ৭০% পূর্ত কাজ সম্পন্ন হয়েছে। ২টির

সংশোধিত অনুমোদিত ডিপিপি-র (প্রকল্প সমাপ্তি কাল ডিসেম্বর, ২০১৯) লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্যের বর্ণনা	উদ্দেশ্য অর্জনের বর্তমান অবস্থা
	লেআউট প্ল্যান অনুমোদন হয়েছে, বাউন্ডারী ওয়াল নির্মাণ চলছে। এর মধ্যে GIS সাবস্টেশনের মালামাল সাইটে আসে নাই। উপরে ১৭টির মধ্যে ১৬টি উপকেন্দ্র এখনো চালু না হওয়াতে উদ্দেশ্য অর্জনের বেশিরভাগই বাকি আছে।
(খ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশন/ রিনোভেশন।	(খ) ২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের মধ্যে ১১টি উপকেন্দ্র আপগ্রেডশন কাজের অন্তর্ভুক্ত। এই ১১টির মধ্যে ৫টির কাজ সম্পন্ন হয়েছে। বাকি ৬টির কাজ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতি শুরু হওয়ার পূর্বে চলমান ছিল। এগুলোর মালামাল সাইটে আছে। ১৬টি উপকেন্দ্র রিনোভেশন কাজের মধ্যে ১০টির কাজ সম্পন্ন হয়েছে ও হস্তান্তরও সম্পন্ন হয়েছে। বাকি ৬টির ট্রান্সফর্মার বসানো হয়েছে, অন্যান্য কাজও সম্পন্ন হয়েছে, কিন্তু কমিশনিং শুরু করা যায় নাই। উপরে ২৭টি উপকেন্দ্রের মধ্যে মোট ১৫টির কাজ সম্পন্ন হয়েছে। ফলে এখানে উদ্দেশ্য অর্জনের বেশিরভাগই (৫৬%) সম্পন্ন হয়েছে।
(গ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১২৯৯ কিঃমিঃ নতুন বিতরণ লাইন নির্মাণ।	(গ) ১২৯৯ কিঃমিঃ নতুন বিতরণ লাইনের মধ্যে ১০৪০ কিঃমিঃ লাইনের কাজ সম্পন্ন হয়েছে ও হস্তান্তর করা হয়েছে। এখানে উদ্দেশ্য অর্জনের ৮০% সম্পন্ন হয়েছে।
(ঘ) নভেম্বর, ২০১৯ সালের মধ্যে ১৭১৪ কিঃমিঃ বিদ্যমান বিতরণ লাইন রিনোভেশন।	(ঘ) ১৭১৪ কিঃমিঃ নতুন বিতরণ লাইনের মধ্যে ১৩৭০ কিঃমিঃ লাইনের কাজ সম্পন্ন হয়েছে ও হস্তান্তর করা হয়েছে। এখানে উদ্দেশ্য অর্জনের ৮০% সম্পন্ন হয়েছে।
(ঙ) ডিসেম্বর, ২০১৯ সালের মধ্যে ৫০০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া।	(ঙ) এখন পর্যন্ত ২০০,০০০ থেকে বেশিরভাগ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে। এখানে উদ্দেশ্য অর্জনের বেশিরভাগই সম্পন্ন হয়েছে।

লগ ফ্রেমের আলোকে output অর্জনের অবস্থা পর্যালোচনা

দেখা যাচ্ছে যে, প্রকল্পটির সম্পন্ন হবার সময় ডিসেম্বর, ২০১৯ থেকে বৃদ্ধি করে ডিসেম্বর, ২০২০ করা হয়েছে। ফলে প্রকল্পটি মূল্যায়নের জন্য যে সমস্ত ইন্ডিকেটর বা নির্দেশক নির্ধারণ করা হয়েছে সে সমস্ত ইন্ডিকেটরের বেশিরভাগই অকার্যকর হয়ে গেছে। ফলে লগ ফ্রেমের আলোকে প্রকল্পটির output অর্জনের অবস্থা যাচাই করার জন্য নতুন ইন্ডিকেটর উল্লেখ করে একটি লগফ্রেম তৈরী করা প্রয়োজন।

৩.৪ প্রকল্প ব্যবস্থাপনা

৩.৪.১ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ

এই প্রকল্পের জন্য গত ০৬/০৮/২০১৪ তারিখে নিম্নলিখিত জনবল নির্ধারিত হয় এবং সেই অনুযায়ী প্রকল্পে জনবল দেওয়া হয়।

ক্রমিক নং	পদের নাম	সুপারিশকৃত পদের সংখ্যা
১	প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)	০১
২	নির্বাহী প্রকৌশলী	০২
৩	উপ-বিভাগীয় প্রকৌশলী	০৩
৪	সহকারী প্রকৌশলী	০২
৫	উপ-সহকারী প্রকৌশলী	০২
৬	হিসাব রক্ষক	০১
৭	এস এ এ-কাম ক্যাশিয়ার	০২
৮	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২
৯	স্টোর কীপার-বি	০২
১০	ড্রাইভার	০৩
১১	নিরাপত্তা প্রহরী	০২
১২	অফিস সহায়ক	০৩
১৩	পরিচ্ছন্নতা কর্মী	০১
মোট		২৬

প্রকল্পটির কর্মপরিধি রাজশাহী বিভাগের ৮টি জেলার ১০টি উপজেলায় বিস্তৃত। এই অঞ্চলের বিতরণ ব্যবস্থার উন্নয়নের জন্য ৪৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ, পুনর্বাসন ও ক্ষমতান্নোয়ন সহ বিভিন্ন ধরনের ৩০১৩ কিঃমিঃ লাইন নির্মাণ ও পুনর্বাসন এবং ৯৫০টি ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন এবং প্রতিস্থাপন কাজ রয়েছে। এই কাজের জন্য জমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, বিভিন্ন ধরনের ভবন নির্মাণ, কন্ট্রাক্টর নিয়োগ ও তাদের কাজের নিয়মিত তত্ত্বাবধান ও সমন্বয়, বিভিন্ন মালামাল ও পোল ক্রয় ও পরিবহন, ইত্যাদি অন্তর্ভুক্ত। ইতিমধ্যে জমি অধিগ্রহণ সম্পন্ন হলেও ভূমি উন্নয়ন, বিভিন্ন ধরনের ভবন নির্মাণ, উপকেন্দ্র নির্মাণ, পুনর্বাসন ও ক্ষমতান্নোয়ন, পোল পরিবহন, লাইন স্থাপন, ইত্যাদি কাজ চলমান আছে। কাজের প্রয়োজনে নেসকো সহ বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয়, স্থানীয় বিভিন্ন সমস্যা মোকাবিলা, ইত্যাদি রয়েছে।

প্রকল্পের বর্তমান অগ্রগতি ৮৮.৫%। ইতিমধ্যে প্রকল্পের যে সকল কাজ অবশিষ্ট আছে, তার একটি তালিকা নিচে দেওয়া হলো। এখানে মে, ২০২০ পর্যন্ত ভৌত অগ্রগতি ও কাজের বর্তমান অবস্থা উল্লেখ করা হয়েছে। এছাড়া প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পর্কে বলা হয়েছে, যা প্রকল্পের ১১.৫%।

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ভৌত অগ্রগতি (%)	মন্তব্য
	অঙ্গের নাম	পরিমাণ		
১	ভূমি অধিগ্রহণ	১০.৫৮ একর	১০০.০০	কাজ সম্পন্ন হয়েছে।
২	ভূমি উন্নয়ন	১২৬,২০৪ ঘন মিঃ	৭০.০০	নির্মাণাধীন ১৬টি উপকেন্দ্রের মাটি ভরাট কাজ চলছে।
৩	ফাংশনাল বিল্ডিং	৪৪৪০ বর্গ মিঃ	৮৯.০০	কাজ চলমান।
৪	সাব-স্টেশন বিল্ডিং	২৭০০ বর্গ মিঃ	৯১.০০	কাজ চলমান।
৫	রাস্তা, বাউন্ডারী ওয়াল, ইত্যাদি	LS	৫০.০০	নির্মাণাধীন ১৬টি উপকেন্দ্রের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলছে।
৬	স্টোর হাউস, গার্ডরুম, ইত্যাদি	LS	৯৫.৫০	নির্মাণ কাজ চলছে।
৭	৩৩ কেভি, ১১ কেভি এবং	২৯ কিঃমিঃ	৭৯.৩১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ভৌত অগ্রগতি (%)	মন্তব্য
	অঙ্গের নাম	পরিমাণ		
	০.৪ কেভি কম্পোজিট লাইন			চলমান।
৮	৩৩ কেভি লাইন (নতুন)	১৪৬ কিঃমিঃ	৮৫.৭১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
৯	৩৩ কেভি লাইন (রিনোভেশন)	১২৩ কিঃমিঃ	৭০.২৭	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১০	১১ কেভি লাইন (নতুন)	৩৪১ কিঃমিঃ	৬৯.৭৯	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১১	১১ কেভি লাইন (রিনোভেশন)	৩৭৫ কিঃমিঃ	৮৫.৪৫	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১২	১১/০.৪ কেভি লাইন (নতুন)	৩৮৭ কিঃমিঃ	৭১.০০	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৩	১১/০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৩৪৪ কিঃমিঃ	৮৭.২১	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৪	০.৪ কেভি লাইন (নতুন)	৩৯৬ কিঃমিঃ	৯৮.৪০	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৫	০.৪ কেভি লাইন (রিনোভেশন)	৮৭১ কিঃমিঃ	৭৯.৬৭	সরবরাহ কাজ শেষ। অবশিষ্ট লাইন নির্মাণ কাজ চলমান।
১৬	২×১৬/২০ এমভিএ এআইএস (নতুন)	১ টি	৫৩.০০	ক) Energypac Ltd.–এর সাথে ৩টি প্যাকেজে ১৬টি উপকেন্দ্রের ১টি বাদে সমস্ত কাজ শেষ হয়েছে। খ) Sterling & Wilsons Pvt. Ltd., India এর সাথে ২টি প্যাকেজের ৭টি Substation এর কাজ চলমান। সমস্ত মালামাল সাইটে পৌঁছেছে। গ) Huayi International Power Co, Ltd., China এর সাথে ২টি প্যাকেজের ১৪টি উপকেন্দ্রের সিভিল কাজ ৭০% শেষ হয়েছে। ৩৩ কেভি উপকেন্দ্রের ট্রান্সফর্মার, ৩৩ কেভি VCB ও ১১ কেভি Switchgear সহ অন্যান্য মালামাল সাইটে পৌঁছেছে। ঘ) CEC & Fortune JV, China এর GIS প্যাকেজের ৭টি উপকেন্দ্রের সিভিল কাজ চলমান। GIS উপকেন্দ্রের ৩৩ কেভি ও ১১ কেভি GIS Switchgear & Substation Automation System (SAS) Germany থেকে আমদানি করা হবে যা এখনো সাইটে পৌঁছায় নাই এবং Transformer সহ অন্যান্য মালামাল চীন থেকে আমদানি করা হবে।
১৭	১×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	১ টি	৫২.০০	
১৮	১×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	২ টি	৮০.০০	
১৯	২×১০/১৩.৩৩ এমভিএ জিআইএস (নতুন)	৬ টি	২৯.০০	
২০	২×১০/১৩.৩৩ এমভিএ এআইএস (নতুন)	৪ টি	৫২.০০	
২১	২×৫ এমভিএ রুরাল টাইপ (নতুন)	৩ টি	৮৯.০০	
২২	২×২০/২৬ এমভিএ (রিনোভেশন)	২ টি	৫০.০০	
২৩	৩×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২ টি	৫০.০০	
২৪	২×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	১৭টি	৯৩.০০	
২৫	১×১০/১৩.৩৩ এমভিএ (আপগ্রেডেশন/ রিনোভেশন)	২টি	৮২.০০	
২৬	৩×৫ এমভিএ রুরাল টাইপ	১টি	৬৩.০০	
২৭	২×৫ এমভিএ (আপগ্রেডেশন)	৩টি	৬৬.০০	

ক্রমিক নং	ডিপিপি অনুযায়ী প্রকল্পের মূল কার্যক্রম		ভৌত অগ্রগতি (%)	মন্তব্য
	অঙ্গের নাম	পরিমাণ		
২৮	১১/০.৪ কেভি, ২৫০ কেভি (নতুন)	৫৩৫টি	৯১.৪০	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
২৯	১১/০.৪ কেভি, ২০০ কেভি (নতুন)	২০০টি	৯৪.৫০	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩০	১১/০.৪ কেভি, ১০০ কেভি (নতুন)	২১৫টি	৮৪.১৯	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩১	১১/০.৪ কেভি, ২০০ কেভি (রিনোভেশন)	৩৭৬টি	৭০.৪৮	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩২	১১/০.৪ কেভি, ১০০ কেভি (রিনোভেশন)	২৬২টি	৫৯.৫৪	সরবরাহ কাজ শেষ। স্থাপন/ প্রতিস্থাপন কাজ চলছে।
৩৩	পরামর্শক	২৮৮টি	৭০.০০	মাঠ পর্যায়ে কাজ চলমান।
৩৪	প্রশিক্ষণ	LS	০.০০	GIS উপকেন্দ্রের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে।
৩৫	অভ্যন্তরীণ পরিবহন	৫০,৯৫০টি এর মধ্যে ৩৯,৮৬৮টি	৮৭.৭১	পোল পরিবহন কাজ চলমান।
৩৬	ইন্সটলেশন কস্ট	৩০১৩ কিঃমিঃ	৭৯.৬৫	লাইন নির্মাণ কাজ চলমান।
৩৭	কাস্টম ডিউটি, ট্যাক্স ও ভ্যাট	-	৮৫.০০	
৩৮	কস্ট এসকেলেশন	-	০.০০	
৩৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	০.০০	
	মোট		৮৮.৫০	

উপরে অবশিষ্ট কাজের তালিকা থেকে দেখা যায় যে, এখনো প্রকল্পের যে সকল কাজ বাকি আছে তাতে বর্তমান সীমিত জনবল পর্যাপ্ত নয়। সামগ্রিক বিচেনায় প্রকল্পের পণ্য, কার্য ও সেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের কাজের পরিধি, প্রকল্প এলাকার বিস্তার ও কাজ সংশ্লিষ্ট উদ্ভূত সমস্যা মোকাবিলা ও কাজের নিবিড় তত্তাবধানের বিষয়টি বিবেচনা করে প্রকল্প এলাকায় প্রকল্প পরিচালকের অধীনে আরো জনবল প্রয়োজন বলে প্রতীয়মান হয়।

৩.৪.২ প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টীয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যাবেক্ষণ

প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা ও প্রকল্প স্টীয়ারিং কমিটির সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট অন্যান্য দলিলপত্রাদি পরীক্ষা করে দেখা যায় যে, উভয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং প্রকল্পের সমস্যা ও গুরুত্বপূর্ণ বিষয়াদি সেখানে আলোচনা করা হয়েছে এবং প্রকল্পের কোন সমস্যা দেখা দিলে সেই সব সমস্যা দ্রুত সমাধানকল্পে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া পরবর্তী সভায় পূর্বের সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে।

প্রকল্পের ব্যবস্থাপনা কমিটির (PIC) সভার তালিকা নিচে দেওয়া হলঃ

ক্রমিক নং	সভার তারিখ	মন্তব্য
১	১০/০৫/২০১৮	১ম সভা
২	১৭/০৭/২০১৯	২য় সভা
৩	২৬/০১/২০২০	৩য় সভা
৪	১০/০৬/২০২০	৪র্থ সভা

প্রকল্প স্টীয়ারিং কমিটির (PSC) সভার তালিকা নিচে দেওয়া হলঃ

ক্রমিক নং	সভার তারিখ	মন্তব্য
১	২৬/০৯/২০১৭	১ম সভা
২	০১/০৪/২০১৮	২য় সভা
৩	২৯/০৮/২০১৮	৩য় সভা
৪	০৮/০৮/২০১৯	৪র্থ সভা

৩.৪.৩ অডিট সম্পর্কিত

প্রকল্পটির অডিট বা নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। এখন পর্যন্ত অডিট আপত্তি প্রদান করা হয় নাই। বিউবো ও প্রকল্প দপ্তরের সাথে মহাহিসাবনিরীক্ষকের দপ্তরের একটি সভা হওয়ার কথা ছিল। কিন্তু করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সভাটি এখনও হয় নাই।

৩.৫ প্রকল্প অনুমোদন, সংশোধন, অর্থ বরাদ্দ/ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে), অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ করে এখানে মতামত প্রদান করা হলো।

প্রকল্প অনুমোদন

প্রকল্পটি অনুমোদন করা হয় এই লক্ষ্যে যে, প্রকল্পটি বৃহত্তর রাজশাহী, বৃহত্তর পাবনা ও বৃহত্তর বগুড়া অঞ্চলের জেলা সমূহে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালী ও উন্নত করবে, ফলশ্রুতিতে এখানকার অধিবাসীদের আর্থসামাজিক অবস্থার উন্নতি সাধন হবে। এই লক্ষ্যকে বিবেচনায় রেখে গত ২৪/০৩/২০১৫ তারিখে ECNEC কর্তৃক প্রকল্পটির মূল ডিপিপি অনুমোদিত হয়। প্রকল্পটির কার্যক্রম ০১/০৭/২০১৫ তারিখে শুরু হয়।

প্রকল্প সংশোধন

মূল ডিপিপিতে প্রকল্পটির মেয়াদ ছিল ৩০/০৬/২০১৮ পর্যন্ত। কিন্তু লাইন নির্মাণ ও পুনর্বাসন কাজের পোল প্রাপ্তির সমস্যা ও উপকেন্দ্র নির্মাণ সময়কাল ২৪ মাস হওয়ায়, গত ০১/০৪/২০১৮ তারিখে প্রকল্প স্টীয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রস্তাব করা হয় এবং সেই অনুযায়ী পরিকল্পনা মন্ত্রণালয় ২৭/০৯/২০১৮ তারিখে ডিপিপির মেয়াদ বৃদ্ধি করে ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত অনুমোদন করে।

প্রকল্পটির মেয়াদ সংশোধনের সাথে প্রকল্পটির ব্যয় বৃদ্ধিরও প্রস্তাব করা হয়েছিল। মূল ডিপিপিতে প্রকল্প ব্যয় ছিল মোট ৯১৪,৯৮.৮৭ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপিতে ব্যয় বৃদ্ধি করে ৯৬৪,১৬.০১ লক্ষ টাকা ব্যয় ধরা হয়। যে সমস্ত অঙ্গের ব্যয় বৃদ্ধির কারণে প্রকল্পটির ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়, সেগুলো হলো ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন, ফাংশনাল বিল্ডিং ও সাব-স্টেশন বিল্ডিং নির্মাণ, বিভিন্ন ক্ষমতার উপকেন্দ্রের নতুন/ ক্ষমতান্নোয়ন/ পুনর্বাসন কাজের টার্ণ কী চুক্তিমূল্য বৃদ্ধি, বর্ধিত সিডি ভ্যাট ও ট্যাক্স, নতুন পে-স্কেল-২০১৫ এর কারণে কর্মকর্তা-কর্মচারীগণের বকেয়া বেতন-ভাতা ও বার্ষিক বর্ধিত বেতন, অভ্যন্তরীণ পরিবহন খাতে ব্যয় বৃদ্ধি, ইত্যাদি। এছাড়াও দেখা যায় যে, কোন কোন অঙ্গে ব্যয় কমায় সংশোধিত ডিপিপিতে প্রাক্কলিত ব্যয় সমন্বয় করা হয়।

পরবর্তীকালে প্রকল্পের জন্য বিভিন্ন মাপের বৈদ্যুতিক খুঁটি বা পোল বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতায় পিসি পোল নির্মাণ প্ল্যান্ট আরিচা/ চট্টগ্রাম থেকে সংগ্রহে বিলম্ব হওয়া, ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের উদ্যেশ্যে GIS প্যাকেজটির চুক্তির মেয়াদ ০৯/০৪/২০২০ তারিখে শেষ হওয়া, ইত্যাদি কারণে বেশি সময় লাগাতে প্রকল্পের মেয়াদ পুনরায় বৃদ্ধি করে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত নির্ধারণ করা হয়। এই মেয়াদ বৃদ্ধিতে প্রকল্পের অতিরিক্ত ব্যয় ধরা হয় নাই।

অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধঃ

প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধের বিষয়ে প্রাপ্ত তথ্য-উপাত্ত নিচের সারণিতে দেখানো হলঃ

বছর	সর্বশেষ অনুমোদিত ডিপিপিতে সংস্থান (লক্ষ টাকা)	এডিপি/ সংশোধিত এডিপি বরাদ্দ (লক্ষ টাকা)	আর্থিক ব্যয় (লক্ষ টাকা)
২০১৫-২০১৬	৭৯৩৮.০০	৭৯৩৮.০০	৭৯৩৮.০০
২০১৬-২০১৭	২০৬৮০.০০	২০৬৮০.০০	২০৬৮০.০০
২০১৭-২০১৮	১৩০০০.০০	১৩০০০.০০	১৩০০০.০০
২০১৮-২০১৯	২৪৪১৮.১৫	১৯০০০.০০	১৯০০০.০০
২০১৯-২০২০	২৬৫২০.৯১	২০০০০.০০	৬১০০.০০
সর্বমোট	৯২৫৫৭.০৭	৮০৬১৮.০০	৬৬৭১৮.০০

প্রকল্পের প্রতিটি প্যাকেজের জন্য ডিপিপি তে যে অর্থ সংস্থান আছে, এর বিপরীতে ঐ প্যাকেজসমূহের চুক্তি মূল্য একই। নিচের সারণিতে ডিপিপিতে আর্থিক সংস্থানের বিপরীতে ৫৩টি প্যাকেজের চুক্তি মূল্য দেখানো হলো, যেখানে ৩৫টি প্যাকেজকে রূপান্তরিত করে ৮টি প্যাকেজ করা হয়েছে।

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	ক্রয় পদ্ধতি এবং ধরন	ডিপিপিতে আর্থিক সংস্থান (লক্ষ টাকা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা)
GIS	রাজশাহী, চাপাইনবাবগঞ্জ ও বগুড়া বিবিবি-সমূহের অধীনে নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ ৭টি জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস), প্রশিক্ষণ সহ	আইসিটি	১১৮৭২.৪৯	১১৮৭২.৪৯
AIS-১	রাজশাহী বিবিবি-এর অধীনে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ ৫টি এআইএস সাবস্টেশন এর ক্ষমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	আইসিটি	৩৬৩৩.১৭	৩৬৩৩.১৭
AIS-২	রাজশাহী, নওগাঁ, নাটোর, গোদাগাড়ি, গোমস্তাপুর ও শিবগঞ্জ বিবিবি-সমূহের এর অধীনে বিভিন্ন ক্যাপাসিটির ৩৩/১১ কেভি, ৮টি সাবস্টেশন নতুন/ পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজের ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	৪৮৩৬.৬২	৪৮৩৬.৬২
AIS-৩	বিবিবি দুপচাচিয়া ও সান্তাহারের অধীনে ৩টি নতুন ৩৩/১১ কেভি, বিভিন্ন ক্যাপাসিটির রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	২৬৬০.৪৩	২৬৬০.৪৩
AIS-৪	ঈশ্বরদী, পাবনা, নিরাজগঞ্জ, জয়পুরহাট বিবিবি সমূহের অধীনে ৫টি বিভিন্ন ক্যাপাসিটির নতুন/ পুনর্বাসন সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	১৯২৬.৫০	১৯২৬.৫০
AIS-৫	শেরপুর বিবিবি এর অধীনে মির্জাপুরে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১৬/২০ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	৩৬৬৬.৫২	৩৬৬৬.৫২
AIS-৬	জয়পুরহাট, বগুড়া, শেরপুর ও নওগাঁ বিবিবি সমূহের অধীনে মোট ৬টি বিভিন্ন ক্যাপাসিটির ৩৩/১১ কেভি এআইএস ও রুরাল সাবস্টেশন এর নতুন/ পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজের ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	আইসিটি	২৫০৪.৩০	২৫০৪.৩০
AIS-৭	চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও ঈশ্বরদী বিবিবি সমূহের অধীনে বিভিন্ন ক্যাপাসিটির মোট ৬টি ৩৩/১১ কেভি এআইএস সাবস্টেশনের পুনর্বাসন/ ক্ষমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	আইসিটি	২৪৬৯.৬০	২৪৬৯.৬০
ক্রয়কৃত উপকেন্দ্রের প্যাকেজের মোট মূল্য			৩৩,৫৬৯.৬৩	৩৩,৫৬৯.৬৩
৩৬ (৩টি লটে)	১৫ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ৪,৬৮৩ টি)	ডিপিএম	২৪৯৯.৮৪	২৪৯৯.৮৪
৩৭ (৩টি লটে)	১২ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ২৬,৩৮৯ টি)	ডিপিএম	৭৭৫৪.৪০	৭৭৫৪.৪০
৩৮ (২টি লটে)	৯ মিঃ এসপিসি পোল সরবরাহ (মোট ১৯,৮৭৮ টি)	ডিপিএম	৩৫৫০.৭২	৩৫৫০.৭২
৩৯ (৪টি লটে)	এসিএসআর ডগ/মার্লিন কন্ডাক্টর সরবরাহ	ওটিএম	৩০৯৮.৫৯	৩০৯৮.৫৯
৪০ (৫টি লটে)	এসিএসআর ডগ কন্ডাক্টর সরবরাহ	ওটিএম	৩৭৮৬.১০	৩৭৮৬.১০
৪১ (৪টি লটে)	এসিসি ওয়াসপ (ইন্সুলেটেড) কন্ডাক্টর	ওটিএম	৩৮৮৩.৬৯	৩৮৮৩.৬৯
৪২ (৩টি লটে)	এসিসি এন্ট (ইন্সুলেটেড) কন্ডাক্টর	ওটিএম	৮৪১.৪৪	৮৪১.৪৪
৪৩ (৩টি লটে)	গাই ওয়্যার কন্ডাক্টর	ওটিএম	১০৭৬.৬৫	১০৭৬.৬৫
৪৪ (১টি লটে)	আর্থ ওয়্যার কন্ডাক্টর	ওটিএম	১২৮.৬৫	১২৮.৬৫
৪৫ (৫টি লটে)	৩৩ কেভি লাইনের ফিটিং সহ পিন/ ডিস্ক ইনসুলেটর ও গাই ইনসুলেটর	ওটিএম	১০৩২.৮৫	১০৩২.৮৫
৪৬ (৫টি লটে)	১১ কেভি লাইনের ফিটিং সহ পোস্ট/ ডিস্ক ইনসুলেটর ও গাই ইনসুলেটর	ওটিএম	১৪৪৮.২৯	১৪৪৮.২৯
৪৭ (২টি লটে)	০.৪ কেভি লাইনের শ্যাকেল/ গাই ইনসুলেটর	ওটিএম	১০৫.৫৫	১০৫.৫৫

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	ক্রয় পদ্ধতি এবং ধরন	ডিপিপিতে আর্থিক সংস্থান (লক্ষ টাকা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা)
৪৮ (২টি লটে)	৩৩ কেভি লাইনের আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	১৪৯৩.৪৮	১৪৯৩.৪৮
৪৯ (৩টি লটে)	১১ কেভি লাইনের আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	৫০৭.৫০	৫০৭.৫০
৫০ (৩টি লটে)	১১/০.৪ কেভি আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	৩৩৭৮.২৬	৩৩৭৮.২৬
৫১ (২টি লটে)	১১/০.৪ কেভি আদার লাইন ফিটিংস (নতুন/ পুনর্বাসন)	ওটিএম	৭৫০.৭৩	৭৫০.৭৩
৫২ (৫টি লটে)	১১/০.৪ কেভি, এক্সেসরিস সহ ২৫০ ও ২০০ কেভিএ-এর বিতরণ ট্রান্সফর্মার, বিভিন্ন সাইজের পিভিসি কপার ক্যাবল, ট্রান্সফর্মার প্ল্যাটফর্ম, বিভিন্ন সাইজের টার্মিনাল লাগ, এমসিসিবি, লাইটনিং অ্যারেস্টর, ড্রপ আউট ফিউজ কানেক্টর, এইচ টাইপ কানেক্টর	ওটিএম	৪৪৮০.৫৮	৪৪৮০.৫৮
৫৩	যানবাহন (জিপ, ডবল কেবিন পিক আপ, মোটর সাইকেল) মোট ১২টি	ওটিএম	২৫২.৮০	২৫২.৮০
ক্রয়কৃত উপকেন্দ্র ব্যতীত পণ্যের মোট মূল্য			৪০০,৭০.১২	৪০০,৭০.১২

ইপিসি ঠিকাদারের বিলের বিপরীতে অর্থ পরিশোধঃ

(ক) স্থানীয় মুদ্রায়: ঠিকাদার কর্তৃক দাখিলকৃত স্থানীয় মুদ্রায় বিল এবং পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিল পরিশোধের ক্ষেত্রে একই প্রক্রিয়া অনুসৃত হয়েছে।

(খ) বৈদেশিক মুদ্রায়: ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামালের অনুকূলে এডভাইজিং ব্যাংকে দাখিলকৃত শিপিং ডকুমেন্টস এলসির শর্তাবলির আলোকে যাচাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে বিউবো ঠিকাদারের ব্যাংক একাউন্টে বিল বাবদ প্রাপ্য অর্থ স্থানান্তর করে থাকে।

৩.৬ প্রকল্পের ঝুঁকি সম্পর্কিত বিভিন্ন বিষয় বিশ্লেষণ

প্রকল্পের ঝুঁকি সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি, ইত্যাদি কারণ সহ অন্যান্য দিক এখানে বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হলো।

অর্থায়নে বিলম্ব

প্রকল্পের অর্থায়নের বছর ভিত্তিক সংস্থান, বরাদ্দ, অবমুক্তি ও আর্থিক ব্যয় পর্যালোচনা করে এবং প্রকল্প সংশ্লিষ্ট তথ্য যাচাই করে দেখা যায় যে, প্রকল্পের ক্রয় প্রক্রিয়ার বিভিন্ন ধাপে এখন পর্যন্ত অর্থায়নে কোন বিলম্ব ঘটে নাই।

বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব

প্রকল্পের মূল ডিপিপিতে প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি গত ২৭/০৯/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। পরবর্তীকালে প্রকল্পটি আরো বিলম্ব হলে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত মেয়াদ বর্ধিত করা হয়।

প্রকল্পের আওতায় ৩৩/১১ কেভি ৪৪টি উপকেন্দ্রের নির্মাণ, পুনর্বাসন ও ক্ষমতান্নোয়নের জন্য মূল ডিপিপির ৩৫টি প্যাকেজকে ৮টি প্যাকেজে রূপান্তর করে দরপত্র আহবান করা হয়। নিম্নলিখিত তারিখে এই ৮টি প্যাকেজের টার্ণ কী ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়ঃ

- GIS প্যাকেজের চুক্তি সম্পাদিত হয় ২৪/০১/২০১৮ তারিখে,
- AIS-1প্যাকেজের চুক্তি সম্পাদিত হয় ০৯/০১/২০১৮ তারিখে,
- AIS-2 (পুনঃটেন্ডার) এর চুক্তি স্বাক্ষরিত হয় ০৪/০৪/২০১৮ তারিখে,
- AIS-3এর চুক্তি স্বাক্ষরিত হয় ২৮/১২/২০১৭ তারিখে,
- AIS-4 (পুনঃটেন্ডার) এর চুক্তি স্বাক্ষরিত হয় ০১/০৩/২০১৮ তারিখে,
- AIS-5 এর চুক্তি স্বাক্ষরিত হয় ২৮/১২/২০১৭ তারিখে,
- AIS-6 (পুনঃটেন্ডার) এর চুক্তি স্বাক্ষরিত হয় ০৪/০৪/২০১৮ তারিখে, এবং
- AIS-7 (পুনঃটেন্ডার) এর চুক্তি স্বাক্ষরিত হয় ০১/০৩/২০১৮ তারিখে।

এছাড়া দলিলাদি পরীক্ষা করে দেখা যায় যে, ৩৬ নং থেকে ৫৩ নং পর্যন্ত প্যাকেজগুলির বিভিন্ন লটের চুক্তি ঠিকাদারের সাথে সাক্ষরিত হয়েছে পর্যায়ক্রমে ০২/০২/২০১৬ থেকে ০৯/০৫/২০১৭ তারিখের মধ্যে।

প্রকল্পের কার্যপরিধি এবং প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ নিচে সংক্ষেপে উল্লেখ করা হলঃ

(১) ৪টি প্যাকেজের পুনঃটেন্ডার জনিত সময় বৃদ্ধি;
(২) জেলা প্রশাসক, রাজশাহী ও বগুড়া কার্যালয় ও ভূমি মন্ত্রণালয় কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় ও হস্তান্তরে বিলম্ব;
(৩) বিপিডিবির কারখানা কর্তৃক প্রকল্পের বিভিন্ন মাপের বৈদ্যুতিক পোল সরবরাহে ধীরগতি; এবং
(৪) বিভিন্ন উপকেন্দ্রের ক্ষমতান্নোয়ন ও পুনর্বাসন কাজে যথাসময়ে প্রয়োজনীয় শাটডাউন না পাওয়া।

জমি অধিগ্রহণ প্রক্রিয়ার বিস্তারিত নিচে দেওয়া হলঃ

(১) বড়বন গ্রাম মৌজায় ৩৩/১১ কেভি বাইপাস উপকেন্দ্র নির্মাণের জন্য ০.৫ একর জমি অধিগ্রহণে ১৩/০৩/২০১৭ তারিখে ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন পাওয়া থেকে ২০/০৬/২০১৯ তারিখে জেলা প্রশাসক, রাজশাহী দপ্তর কর্তৃক প্রকল্প দপ্তরকে জমি হস্তান্তর পর্যন্ত পুরো প্রক্রিয়ায় সময় লেগেছে মোট ৮৩০ দিন বা প্রায় ২ বৎসর ৩ মাস।

(২) মেহেরচন্ডী মৌজায় ৩৩/১১ কেভি মেহেরচন্ডী উপকেন্দ্র নির্মাণের জন্য ০.১৫৭৫ একর জমি অধিগ্রহণে ১৬/০২/২০১৬ তারিখে ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন পাওয়া থেকে ১৪/১০/২০১৯ তারিখে জেলা প্রশাসক, রাজশাহী দপ্তর কর্তৃক প্রকল্প দপ্তরকে জমি হস্তান্তর পর্যন্ত পুরো প্রক্রিয়ায় সময় লেগেছে মোট ১,৩৩৭ দিন বা প্রায় ৩ বৎসর ৮ মাস।

(৩) গোল্লাপাড়া মৌজায় ৩৩/১১ কেভি তানোর গোল্লাপাড়া উপকেন্দ্র নির্মাণের জন্য ০.৫ একর জমি অধিগ্রহণে ১৬/০২/২০১৬ তারিখে ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন পাওয়া থেকে ০৭/০৩/২০১৮ তারিখে জেলা প্রশাসক, রাজশাহী দপ্তর কর্তৃক প্রকল্প দপ্তরকে জমি হস্তান্তর পর্যন্ত পুরো প্রক্রিয়ায় সময় লেগেছে ৭৫০ দিন বা ২ বৎসর ২০ দিন।

(৪) বগুড়ার শেখপাড়া মৌজায় ১.০ একর জমি অধিগ্রহণের একটি প্রস্তাব ০৩/০৫/২০১৬ তারিখে জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ করা হলে জমির মালিক ভূমিহীন হয়ে পড়বেন বিধায় প্রস্তাবটি নাকচ করা হয়। বিকল্প জমি প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে ০৯/০১/২০১৭ তারিখে পুনরায় জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রস্তাব পেশ করা হয়। উক্ত জমির মালিকগণ হাইকোর্টে রীট পিটিশন দায়ের করার ফলে উক্ত জমির ০.১ একর অধিগ্রহণ করা হবে না এই শর্তে রীট পিটিশন প্রত্যাহার করা হয়। ২০/০১/২০১৯ তারিখে জেলা প্রশাসক, বগুড়া দপ্তর প্রকল্প দপ্তরকে ০.৯ একর জমি হস্তান্তর করে। কিন্তু জমির মালিকগণের অভ্যন্তরীণ বিবাদের কারণে প্রকল্প দপ্তরকে বিবাদী করে মামলা করা হয়। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় সময় লেগেছে মোট ৯৯৩ দিন বা প্রায় ২ বৎসর ৯ মাস।

(৫) নেসকো লিঃ, বগুড়ার অধীনে শাখারিয়া মৌজায় ১.০ একর জমি অধিগ্রহণের জন্য ০৫/০৪/২০১৬ তারিখে জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রস্তাব পাঠানো হয়। ০৬/০৩/২০১৭ তারিখে ১.০ একর জমি হস্তান্তর করা হয়। জমির অবকাঠামো নির্মাণ কাজ শুরু হলে এই জমির আংশিক অংশের মালিকগণ অধিক ক্ষতিপূরণের জন্য মামলা করলে ০২/০৯/২০১৯ তারিখে অতিরিক্ত ক্ষতি পূরণ প্রদানের জন্য একতরফা রায় প্রদান করা হয়। প্রকল্প দপ্তর মামলাটি পুনরায় চালুর জন্য ছানি মামলা দায়ের করে যা এখনও চলমান আছে।

অধিগ্রহণ প্রক্রিয়ায় সময় লেগেছে ৩৩৬ দিন বা প্রায় ১১ মাস।

(৬) নেসকো লিঃ সান্তাহারে একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য পার্বতীপূর মৌজার আদমদিঘী উপজেলার ০.৩১ একর জমি অধিগ্রহণের জন্য ১৪/০৩/২০১৬ তারিখে জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ করে এবং সকল প্রক্রিয়া সম্পন্ন করে ২০/০২/২০১৭ তারিখে জমিটি প্রকল্প দপ্তরে হস্তান্তর করা হয়। অধিগ্রহণ প্রক্রিয়ায় মোট সময় লেগেছে ৩৪৪দিন বা ১১ মাস ১৪ দিন।

পরবর্তীতে অবকাঠামো নির্মাণের সময় একজন পূর্ব মালিক আপত্তি প্রদান করলে জেলা প্রশাসক দপ্তর থেকে জমিটি পরিমাপপূর্বক পিলার স্থাপন করার পর কাজ শুরু হয়। কাজ শুরুর ১০ মাস পর জমির পূর্বদিকের একজন পূর্ব মালিক কাজে বাধা প্রদান করে ও মামলা দায়েরের ফলে উক্ত অংশের কাজ বন্ধ হয়ে যায়।

(৭) পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন পিয়ালখালী মৌজায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য ০.৫ একর জমি অধিগ্রহণের জন্য ৩০/০৬/২০১৬ তারিখে জেলা প্রশাসক, পাবনা দপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে বর্ণিত জমিতে মামলা চলমান থাকায় বিকল্প জমি অধিগ্রহণের জন্য প্রস্তাব দাখিলের জন্য জেলা প্রশাসক, পাবনা কর্তৃক জানানো হয়। পরবর্তীতে বিকল্প জমি অধিগ্রহণের জন্য ০৯/০১/২০১৭ তারিখে ঈশ্বরদী

উপজেলার মাইজদিয়া মৌজায় একই পরিমাণ জমি অধিগ্রহণের জন্য পুনরায় জেলা প্রশাসক, পাবনা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়। সকল প্রক্রিয়া শেষে ১৩/০৯/২০১৮ তারিখে প্রকল্প দপ্তরকে জমিটি হস্তান্তর করা হয়। অধিগ্রহণ প্রক্রিয়ায় মোট সময় লেগেছে ৮৯৮ দিন বা প্রায় ২ বৎসর ৬ মাস।

(৮) বগুড়া জেলার দুপচাঁচিয়ার তালোরার দুবরা মৌজায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে ১.০ একর জমি অধিগ্রহণের জন্য ২৫/১১/২০১৫ তারিখে জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়। জমির মালিকের মামলার প্রেক্ষিতে হাইকোর্ট থেকে নিষেধাজ্ঞা আরোপের ফলে পরবর্তীতে তালোরার সাবলা মৌজায় বিকল্প ১.০ একর জমির অধিগ্রহণের জন্য পুনরায় ২১/০৫/২০১৭ তারিখে জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়। জমি অধিগ্রহণের সকল প্রক্রিয়া সম্পন্ন হবার পর ২৯/১০/২০১৮ তারিখে জমিটি প্রকল্প দপ্তরে হস্তান্তর করা হয়। অধিগ্রহণ প্রক্রিয়ায় মোট সময় লেগেছে ১,০৭০ দিন বা প্রায় ৩ বৎসর।

(৯) বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন মদনপুর (মির্জাপুর) এলাকায় ১টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য পানি উন্নয়ন বোর্ডের ০.৭ একর জমি নির্ধারণ করা হয় ও মাটি ভরাট কাজ শুরু করা হয়। কিন্তু পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ ২৩/০৪/২০১৮ তারিখে পত্র মারফত কাজটি বন্ধ রাখতে বলে। বিকল্প জমির বিষয়ে পাউবো প্রস্তাব প্রেরণ করলে স্থানটি উপকেন্দ্র নির্মাণের জন্য উপযোগী না হওয়ায় নেসকো লিঃ নিজস্ব অর্থায়নে মির্জাপুর এলাকায় ০.৬৬ একর জমি অধিগ্রহণপূর্বক ২৩/১১/২০১৯ তারিখে প্রকল্প দপ্তরে হস্তান্তর করে। এই সকল প্রক্রিয়ায় মোট সময় লেগেছিল ৫৮০ দিন বা প্রায় ১ বৎসর ৭ মাস।

উপরে বর্ণিত প্রকল্পের উপকেন্দ্রের জন্য যে সকল জমিতে অধিগ্রহণজনিত সমস্যা দেখা যায় সে সম্পর্কে একটি বিবরণ নিচের সারণিতে দেওয়া হলঃ

ক্রমিক নং	জমির বিবরণ	জমির পরিমাণ, একর	অধিগ্রহণ প্রক্রিয়ায় ব্যয়িত সময়
১	রাজশাহী জেলায় বড়বন গ্রাম মৌজায় ৩৩/১১ কেভি বাইপাস উপকেন্দ্র নির্মাণের জন্য	০.৫	প্রায় ২ বৎসর ৩ মাস
২	রাজশাহী জেলায় মেহেরচন্ডী মৌজায় ৩৩/১১ কেভি মেহেরচন্ডী উপকেন্দ্র নির্মাণের জন্য	০.১৫৭৫	প্রায় ৩ বৎসর ৮ মাস
৩	রাজশাহী জেলায় গোল্লাপাড়া মৌজায় ৩৩/১১ কেভি তানোর গোল্লাপাড়া উপকেন্দ্র নির্মাণের জন্য	০.৫	২ বৎসর ২০ দিন
৪	বগুড়া জেলায় শেখপাড়া মৌজায়	১.০	প্রায় ২ বৎসর ৯ মাস
৫	বগুড়া জেলার অধীনে শাখারিয়া মৌজায়	১.০	প্রায় ১১ মাস
৬	বগুড়া জেলার সান্তাহারে আদমদিঘী উপজেলার পার্বতীপূর মৌজায় একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য	০.৩১	১১ মাস ১৪ দিন
৭	পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন পিয়ালখালী মৌজায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য	০.৫	প্রায় ২ বৎসর ৬ মাস
৮	বগুড়া জেলার দুপচাঁচিয়ার তালোরার দুবরা মৌজায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে	১.০	প্রায় ৩ বৎসর
৯	বগুড়া জেলার শেরপুর উপজেলাধীন মদনপুর (মির্জাপুর) এলাকায় ১টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য পানি উন্নয়ন বোর্ডের জমি	০.৭ একর	প্রায় ১ বৎসর ৭ মাস

প্রকল্পের লাইন নির্মাণ ও পুনর্বাসন কাজ করার জন্য আরডিপিপির প্যাকেজ নং ৩৬, ৩৭ ও ৩৮ এর আওতায় ১৫ মিঃ পোল ৪,৬৮৩টি, ১২মিঃ পোল ২৬,৩৮৯টি ও ৯মিঃ পোল ১৯,৮৭৮টি সহ সর্বমোট ৫০,৯৫০টি পোল বিউবো এর আওতায় পিসি পোল নির্মাণ প্ল্যান্ট আরিচা/ চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়েছে। বিউবো থেকে মে, ২০২০ পর্যন্ত ১৫মিঃ পোল ৪,১৭৯টি পাওয়া গেছে এবং বাকি (৪,৬৮৩ – ৪১৭৯=) ৫০৪টি পোল আগামী ডিসেম্বর, ২০২০ এর মধ্যে পাওয়া যাবে। প্রকল্পের ১২মিঃ পোল মে, ২০২০ পর্যন্ত ২৩,৭৮৮টি পাওয়া গেছে এবং বাকি (২৬,৩৮৯ – ২৩,৭৮৮=) ২৬০১টি পোল বিউবো থেকে পাওয়া যাবে। বর্তমানে প্রতি মাসে ১২মিঃ পোল ১,২০০ থেকে ১,৫০০টি পাওয়া যাচ্ছে। প্রকল্পের প্রয়োজনীয় ৯মিঃ পোল ইতিমধ্যে পাওয়া গেছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে গত ২৫ মার্চ, ২০২০ থেকে অধিকাংশ কাজ বন্ধ ছিল, তাছাড়া প্রকল্পের কাজগুলো প্রধানত জেলা শহর ও উপজেলা শহরের কেন্দ্রে হওয়ায় শাটডাউন ও পোল ইরেকশন সমস্যার কারণে লাইন নির্মাণ ও পুনর্বাসন কাজে সময় লাগছে বলে জানা যায়। ইতিমধ্যে বিভিন্ন ধরনের লাইন পুনর্বাসন কাজ ৩০১৩ কিঃমিঃ এর মধ্যে ২৪০০ কিঃমিঃ সম্পন্ন হয়েছে। তাছাড়াও পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত পুরোদমে কাজ করা যাচ্ছে না বিধায় টার্গেট অনুযায়ী ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সমস্ত কাজ শেষ করা সম্ভব হবে না বলে ধারণা করা যায়।

উপরে বর্নিত তথ্য সমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, ৪টি প্যাকেজের পুনঃটেন্ডার সহ সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া, অনুমোদন প্রক্রিয়া, ইত্যাদি অনুসরণ করে ঠিকাদারের সাথে চুক্তি সইয়ের পর প্রকল্প শুরু পর্যন্ত সময় লেগেছে জুলাই, ২০১৫ থেকে এপ্রিল, ২০১৮ পর্যন্ত অর্থাৎ প্রায় ২ বৎসর ১০ মাস। প্রকল্পের জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় সর্বোচ্চ সময় লেগেছে প্রায় ৩ বৎসর ৮ মাস। পুনঃটেন্ডার জনিত সময় বৃদ্ধি, পোল সরবরাহে ধীরগতি ও প্রয়োজনীয় শাটডাউন না পাওয়ায় কিছুটা বিলম্বের কারণ হলেও, ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ার বিলম্ব প্রকল্পের বিলম্বের জন্য মূল কারণ হিসাবে বিবেচনা করা যায়।

ব্যবস্থাপনায় অদক্ষতা

প্রকল্পের মেয়াদ ও ব্যয়বৃদ্ধির কারণসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, যে সকল বিষয়ের কারণে প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধি পেয়েছে তার সাথে প্রকল্প ব্যবস্থাপনার অদক্ষতার প্রমাণ পাওয়া যায় না। দেশব্যাপী করোনা ভাইরাসের পরিস্থিতিতে প্রকল্পের কাজ ২ মাসাধিক কাল বন্ধ ছিল। এখন অফিস চালু হওয়ায় প্রকল্পটির বিভিন্ন কাজ সীমিত পরিসরে চালু হয়েছে। তবে দেশে করোনা সংক্রমণের পরিস্থিতির মধ্যে এর কাজ শেষ করতে ভবিষ্যতে প্রকল্প ব্যবস্থাপনায় আরো দক্ষতার প্রয়োজন হবে। এমতাবস্থায় ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধির জন্য সদস্যদের মধ্যে যোগাযোগ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি প্রয়োজন হবে। এছাড়া ঠিকাদার ও অন্যান্য স্টেকহোল্ডারদের অনুপ্রাণিত রাখতে নিয়মিত সামাজিক দূরত্ব বজায় রেখে গ্রুপ মিটিং করা যেতে পারে। প্রকল্প ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি ও কাজের অগ্রগতির প্রয়োজনে যথোপযুক্ত ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং একাউন্টিং সফটওয়্যার ব্যবহার করা যেতে পারে।

প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি

এখানে উল্লেখ্য যে, প্রকল্পের শুরু থেকে এখন পর্যন্ত প্রকল্পের কার্যপরিধির কোনও তাৎপর্যপূর্ণ পরিবর্তন করা হয় নাই। তবে প্রকল্পটি বাস্তবায়নে বিলম্ব ঘটেছে।

প্রকল্পটি ১ম সংশোধিত ডিপিপি ৯৬৪,১৬.০১ লক্ষ টাকা ব্যয়ে (জিওবি ৯২৫,৫৭.০৭ লক্ষ টাকা, বিউবো'র নিজস্ব ৩৮,৫৮.৯৪ লক্ষ টাকা) ২৭/০৯/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়। মূল ডিপিপিতে ব্যয় ধরা হয়েছিল ৯১৪,৯৮.৮৭ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপিতে প্রকল্পটির কিছু কিছু অঙ্গে ব্যয়বৃদ্ধি ও কিছু অঙ্গে ব্যয় হ্রাস করে প্রাক্কলিত ব্যয় সমন্বয় করা হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় সমন্বয়ের পর সংশোধিত ডিপিপিতে ব্যয়বৃদ্ধির কারণ হলঃ

১। বৈদ্যুতিক পোলের মূল্য বৃদ্ধি;
২। আন্তঃখাত সমন্বিত ডিপিপির ৩৭৬ কি.মি. ১১ কেভি লাইন রিনোভেশন কাজের টাকার প্রস্তাবটি ভুলক্রমে কম দেখানো হয়েছিল, যা সংশোধিত ডিপিপিতে সমন্বয় করা হয়েছে;
৩। আন্তঃখাত সমন্বিত ডিপিপির ৩৪৪ কি.মি. ১১/০.৪ কেভি লাইন রিনোভেশন কাজের টাকার প্রস্তাবটি ভুলক্রমে কম দেখানো হয়েছিল, যা সংশোধিত ডিপিপিতে সমন্বয় করা হয়েছে;
৪। ১৫টি অধিগৃহীতব্য জমির মধ্যে ৫টি জমি নতুন আইনের আওতায় অধিগ্রহণ করায় উক্ত অঙ্গে ব্যয় বৃদ্ধি পেয়েছে;
৫। অধিগ্রহণকৃত জমি ডোবা শ্রেণীর হওয়ায় ভূমি উন্নয়ন অঙ্গে ব্যয় বৃদ্ধি পেয়েছে;
৬। টার্ণ কী চুক্তি মূল্যের ভিত্তিতে সংশোধিত ডিপিপিতে ফাংশনাল বিল্ডিং-এর কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ফলে প্রাক্কলিত মূল্য বৃদ্ধি পেয়েছে;
৭। টার্ণ কী ঠিকাদারের উদ্ধৃত মূল্যের ভিত্তিতে সংশোধিত ডিপিপিতে সাব-স্টেশন বিল্ডিং-এর মূল্য বৃদ্ধি প্রস্তাব করা হয়েছে;
৮। চলমান প্রকল্পগুলোর ব্যয়ের প্রবণতার উপর ভিত্তি করে সংশোধিত ডিপিপিতে সিডি ভ্যাট এবং ট্যাক্স অঙ্গে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে;
৯। নতুন পে-স্কেলে কর্মকর্তা/ কর্মচারীগণের বকেয়া সহ বার্ষিক বর্ধিত বেতন পরিশোধ এবং প্রকল্প মেয়াদ বৃদ্ধির কারণে সংশোধিত ডিপিপিতে এই খাতে বেশি টাকা ধরা হয়েছে;
১০। পরিবহন খাতে ব্যয় বৃদ্ধি হওয়ায় সংশোধিত ডিপিপিতে ব্যয় বৃদ্ধি ধরা হয়েছে; এবং
১১। সংশোধিত ডিপিপিতে ইন্সটলেশন অঙ্গে বিদ্যুৎ বিভাগের ২০১৪ সালের দর তালিকার উপর ভিত্তি করে ব্যয় বৃদ্ধি প্রস্তাব করা হয়েছে।

উপরে বর্ণিত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে PIC এবং PSC সভার কার্যবিবরণী পর্যালোচনা করে দেখা যায় যে, যেসকল কারণে প্রকল্পটির চলমান কাজে বিঘ্ন ঘটেছে, সেগুলো বিস্তারিতভাবে সেই সকল সভায় আলোচিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, উপরে বর্ণিত ব্যয় বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করার পর সংশোধিত ডিপিপি হিসাবে অনুমোদিত হয়েছিল।

প্রকল্পের কার্যক্রম দেশব্যাপী করোনা ভাইরাসের প্রকোপের কারণে ২ মাসাধিক কাল বন্ধ ছিল। অন্য সকল প্যাকেজের আওতায় বিদেশ থেকে ক্রয়কৃত মালামাল সাইটে এসে পৌঁছালেও GIS প্যাকেজের অধীনে বিদেশ থেকে ক্রয়কৃত মালামাল এখনো সাইটে এসে পৌঁছায় নাই। মালামাল সরবরাহকারী দেশে ও বাংলাদেশে করোনা পরিস্থিতি এখনো অনিশ্চিত বিধায় সাইটে মালামাল পৌঁছানোর বিষয়টি অনিশ্চিত থেকে যাচ্ছে। এখন সীমিত আকারে কাজ শুরু হলেও করোনা পরিস্থিতি উন্নতি না হওয়ায় কাজে গতি আসতে সময় লাগবে বলে ধারণা করা যায়।

বিশ্বব্যাপী ও বাংলাদেশে করোনা ভাইরাসের সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় প্রকল্পের বিদেশী ঠিকাদারদের বিদেশী কর্মীদের প্রকল্পের কাজে যুক্ত হচ্ছেন না। করোনা পরিস্থিতিতে তারা নিজ নিজ দেশের বিধি বিধানের কারণে এখন বাংলাদেশে আসতে পারবেন না বলে জানিয়েছেন। পরিস্থিতি কখন উন্নতি হবে সেই বিষয়টিও অনিশ্চিত হওয়ায় তাদের এদেশে আসার বিষয়টিও অনিশ্চিত। এছাড়া GIS প্যাকেজের মালামাল এখনো সাইটে আসে নাই। এমতাবস্থায় প্রকল্পের বন্ধ হয়ে যাওয়া কাজের গতি স্বাভাবিক হতে অনেক সময় লাগবে বলে অনুমিত হয়। এই রকম পরিস্থিতিতে বাকি কাজ ডিসেম্বর, ২০২০ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব নয় বলে প্রতীয়মান হচ্ছে। সেক্ষেত্রে প্রকল্পের সময় সীমা বৃদ্ধি করা প্রয়োজন ।

বর্তমানে প্রকল্পের কাজ চলমান রাখার জন্য উপযুক্ত পিপিই ব্যবহার করে প্রকল্পে কর্মরত কর্মীরা কাজ চালিয়ে যেতে পারে। এ বিষয়ে একটি সমন্বিত পরিকল্পনা নেওয়া যেতে পারে।

প্রকল্পের বাকি কাজ বাস্তবায়নে সমস্যা, অর্থ বরাদ্দ, ইত্যাদিঃ

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে কাজের উপযুক্ত পরিবেশ সৃষ্টি না হওয়ায় প্রকল্পের বাকি কাজ বাস্তবায়নে সমস্যা দেখা দিয়েছে। প্রকল্পের স্থানীয় ঠিকাদাররা কাজ শুরু করলেও কাজের গতি এখনও স্বাভাবিক পর্যায়ে যায় নাই। এছাড়া করোনা পরিস্থিতিতে বিদেশ থেকে মালামাল সাইটে পৌঁছাতে বিলম্ব হচ্ছে। বিদেশী ঠিকাদারদের কর্মীদের তাদের স্ব স্ব দেশের করোনা পরিস্থিতিতে নিয়মের কারণে সাইটে আসার সুনির্দিষ্ট সময় জানা যাচ্ছে না। এই সব কারণ বিবেচনায় প্রকল্পের কাজ বাস্তবায়নে সমস্যা দেখা দিয়েছে। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রয়োজন বলে প্রতীয়মান হচ্ছে। তবে প্রকল্পে এখন পর্যন্ত অর্থ বরাদ্দে কোনো সমস্যা দেখা দেয় নাই।

৩.৭ প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতি এবং ভৌত কাজের বিষয়ে মতামত

স্থাপিত যন্ত্রপাতি বিষয়ে মতামত

প্রাপ্ত দলিলাদি পরীক্ষা করে দেখা যায় যে, ১টি GIS প্যাকেজ ও ৭টি AIS প্যাকেজের অধীনে ক্রয়কৃত উপকেন্দ্র ও বিতরণ লাইনের মালামালের মধ্যে Power Transformer, Station Auxiliary Transformer, Distribution Transformer, VCB, CT, PT, XLPE Cu Cable, ACSR Grosbeak Conductor, ইত্যাদি যন্ত্রপাতি বিউবো কর্তৃক নির্ধারিত বিস্তারিত ডিজাইন ও ড্রয়ইং, মালামালের তালিকা (Bill of quantities), কারিগরী স্পেসিফিকেশন এবং ইপিসি চুক্তির অধীনে গ্যারান্টীকৃত বিষয়াদি রক্ষা করেছে। কারিগরী তথ্যসহ যন্ত্রপাতির ক্যাটালগ, যন্ত্রপাতির Factory Acceptance Test Certificates এবং অন্যান্য সার্টিফিকেট সমূহ যন্ত্রপাতি ক্রয়ের পর্যায়ে যথাযথ কারিগরী টিম কর্তৃক যাচাই করা হয়েছে। এছাড়া যন্ত্রপাতি স্থাপনে ও কমিশনিং এর সময় জাতীয় ও আন্তর্জাতিক কোড, মূল যন্ত্রপাতি উৎপাদকের (OEM) গাইডলাইন, Engineering best practices ও নিরাপত্তার বিধি প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে বলে প্রতীয়মান হয়।

ভৌত কাজের বিষয়ে মতামত

প্রকল্পটির ভৌত কাজ ইতিমধ্যে ৮৩.৫%এর চেয়েও বেশি অর্জিত হয়েছে। মোট ১৭টি ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্রের মধ্যে ১টির কাজ সম্পন্ন হয়েছে ও সেটি চালু হয়েছে। ৯টির মালামাল সাইটে আছে, কিন্তু ইন্সটলেশন সম্পন্ন হয় নাই। ৫টি বিল্ডিংএর নির্মাণ ও ফিনিসিং কাজ চলছে। মোট পূর্ত কাজের ৭০% সম্পন্ন হয়েছে। ২টি উপকেন্দ্রের লেআউট প্ল্যান অনুমোদন হয়েছে ও এগুলোর বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ চলছে। এই সকল উপকেন্দ্রের মালামাল সাইটে আসে নাই।

২৭টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের মধ্যে ১১টি উপকেন্দ্র আপগ্রেডশন কাজের অন্তর্ভুক্ত। এই ১১টির মধ্যে ৫টির কাজ সম্পন্ন হয়েছে। বাকি ৬টির কাজ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের পরিস্থিতি শুরু হওয়ার পূর্বে চলমান ছিল। এগুলোর মালামাল বর্তমানে সাইটে আছে।

১৬টি উপকেন্দ্রের রিনোভেশন কাজের মধ্যে ১০টির কাজ সম্পন্ন হয়েছে ও হস্তান্তর সম্পন্ন হয়েছে। বাকি ৬টির ট্রান্সফর্মার বসানো হয়েছে এবং অন্যান্য কাজও সম্পন্ন হয়েছে। এগুলোর কমিশনিং কাজ শুরু করা যায় নাই।

উপরে বর্ণিত উপকেন্দ্রের কাজসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, মোট ৪৪টি উপকেন্দ্রের মধ্যে ১৫টির ভৌত কাজ সম্পন্ন হয়েছে। বাকি উপকেন্দ্রের কাজ করোনা পরিস্থিতির ফলে বন্ধ রয়েছে।

৩০১৩ কিঃমিঃ নতুন বিতরণ লাইনের মধ্যে ৮০% ভাগ লাইনের ভৌত কাজ সম্পন্ন হয়েছে।

দেশে ও সরবরাহকারী দেশে করোনা পরিস্থিতির কারণে প্রকল্পের GIS প্যাকেজের আওতায় স্থাপিতব্য উপকেন্দ্রসমূহের মালামাল সাইটে পৌঁছাতে বিলম্ব হচ্ছে। বর্তমান পরিস্থিতিতে বিদেশী কর্মীদের সাইটে আসতেও দেরী হবে বলে অনুমান করা যায়। এছাড়াও দেশী ঠিকাদাররাও কাজ শুরু করতে ও তাদের কাজের গতি স্বাভাবিক হতে কিছু সময় নিবে বলে অনুমান করা যায়। এর ফলে প্রকল্পের বাকি ভৌত কাজ ডিসেম্বর, ২০২০-এর মধ্যে শেষ হওয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে না।

৩.৮ আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনসমূহের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা

আইএমইডি'র সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/মতামতের উপর বিউবো কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	সুপারিশ/ মতামত	বিউবো কর্তৃক গৃহীত কার্যক্রম
১	প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ৪ বছর ৬ মাস। ইতিমধ্যে প্রকল্পের মোট মেয়াদের ৪ বছর অতিবাহিত হয়েছে, অথচ প্রকল্পের আর্থিক অগ্রগতি মাত্র ৬২% এবং বাস্তব অগ্রগতি মাত্র ৪০%। প্রকল্পের অবশিষ্ট ৬ মাসে সব কাজ অনুমোদিত ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী শেষ করার জন্য প্রকল্প পরিচালককে জরুরী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।	জুন, ২০১৯ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৫.৫% এবং বাস্তব অগ্রগতি ৭৫%। প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের লাইন নির্মাণ/ রিনোভেশনের জন্য প্রয়োজনীয় ১৫ মিঃ ও ১২ মিঃ পোল বিউবোর নিজস্ব পোল ফ্যাক্টরী হতে ক্রয়ের নিমিত্ত চুক্তি করা হয়। আলোচ্য প্রকল্পটি সহ বর্তমানে বিউবোর আওতায় মোট ৮টি বিতরণ প্রকল্প চলমান রয়েছে। বিউবোর আওতায় চলমান অন্যান্য বিতরণ প্রকল্প সমূহও বিউবোর নিজস্ব পোল ফ্যাক্টরী হতে পোল সংগ্রহ করার কারণে বিউবোর পোল ফ্যাক্টরী সমূহ কর্তৃক তাদের উৎপাদন

ক্রমিক নং	সুপারিশ/ মতামত	বিউবো কর্তৃক গৃহীত কার্যক্রম
		ক্ষমতার আওতায় চলমান বিতরণ প্রকল্প সমূহের চাহিদা মোতাবেক পোল সরবরাহ করতে সমর্থ হয় নাই। বর্ণিত প্রকল্পটির আওতায় রাজশাহী শহরে সিটি হার্ট বাইপাসে একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের নিমিত্ত প্রয়োজনীয় জমি অধিগ্রহণান্তে গত ২৪/০৬/২০১৯ তারিখে বুঝে পাওয়া যায়। জমি বুঝে পেতে বিলম্ব হওয়ার কারণে উপকেন্দ্র নির্মাণের জন্য প্রযোজনীয় জমি ঠিকাদারকে হস্তান্তরেও বিলম্বিত হয়। প্রয়োজনীয় সংখ্যক পোল সংগ্রহ করতঃ বিভিন্ন ধরনের নতুন লাইন নির্মাণ ও বিদ্যমান লাইনের রিনোভেশনের কাজ এবং ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ ও রিনোভেশন কাজ শেষ করে প্রকল্পের কাজ সমাপ্ত করতে আগামী ডিসেম্বর, ২০২০ পর্যন্ত সময়ের প্রয়োজন হবে বলে বিউবো জানায়। প্রকল্পের ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত সময় বৃদ্ধির প্রক্রিয়া চলমান।
২	প্রকল্পের ক্রয় সংক্রান্ত কাজের বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় যে, কাজের ক্ষেত্রে ঠিকাদারের সহযোগিতার জন্য কাজের আগ্রগতির হার কম হয়েছে, এক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক শুধু তাগাদা দেওয়া হয়েছে অথচ ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। প্রকল্প পরিচালককে পিপিআর ২০০৯ এর বিধান অনুযায়ী ঠিকাদারের বিরুদ্ধে জরুরী ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে।	প্রকল্পের কাজ ঠিকাদারকে দ্রুত শেষ করতে তাগাদা দেওয়া হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে ঠিকাদার কার্য সম্পাদনে ব্যার্থ হলে পিপিআর ২০০৯ এর বিধান অনুযায়ী ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়।
৩	প্রকল্পের বেশিরভাগ কাজের ক্ষেত্রে সময় মতো শাটডাউন না পাওয়ায় যথাসময়ে কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না মর্মে প্রকল্প পরিচালক জানান। যেহেতু রাজশাহী অঞ্চলে তাপমাত্রা সব সময়ই বেশি থাকে তাই শাটডাউন করা হলে তা জনঅসন্তোষের জন্ম দিতে পারে। এক্ষত্রে স্থনীয় প্রশাসন ও জন প্রতিনিধিদের সহায়তায় স্থানীয় জনগণকে সাথে নিয়ে জরুরী ভিত্তিতে প্রকল্পের অবশিষ্ট সময়ের মধ্যে বাকি কাজগুলো শেষ করার উদ্যোগ গ্রহণ করার জন্য বলা হয়েছে।	স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিগণের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে স্থানীয় জনগনকে সাথে নিয়ে লোড শেডিং সহনীয় পর্যায়ে রেখে শাটডাউন গ্রহণ করে লাইন নির্মাণ ও পুনর্বাসন কাজ ত্বরান্বিত করা হচ্ছে বলে জানানো হয়।
৪	বিদ্যুৎ বিভাগের কাজ সমূহ বেশিরভাগই আউটডোর ওয়ার্ক হওয়ায় এবং এই কাজগুলো করার জন্য শুষ্ক আবহাওয়া জরুরী; তাই প্রকল্পের এই ধরনের কাজগুলো প্রকল্পের ডিপিপিতে সেই অনুয়ায়ী ওয়ার্ক প্ল্যান তৈরী করতে হবে। বিষয়টি মন্ত্রণালয়কে নিশ্চিত করার জন্য বলা হয়েছে।	প্রকল্পের আউটডোর ওয়ার্ক সমূহ যাতে শুষ্ক মৌসুমে এগিয়ে রাখা যায় সেই বিষয়টি বিবেচনায় রেখে ওয়ার্ক প্ল্যান তৈরী করা হবে জানানো হয়।
৫	এই প্রকল্পের প্রকল্প এলাকা রাজশাহী বিভাগের মোট ৮টি জেলা। প্রকল্পের বিশাল এলাকার	প্রকল্প এলাকা রাজশাহী বিভাগের ৮জেলা ও ১০টি উপজেলা নিয়ে গঠিত। প্রকল্পের অনুমোদিত ডিপিপি

ক্রমিক নং	সুপারিশ/ মতামত	বিউবো কর্তৃক গৃহীত কার্যক্রম
	তুলনায় প্রয়োজনীয় লোকবলের সংস্থান না থাকায় প্রকল্পের মেয়াদকাল অনুযায়ী কাজের কাঙ্খিত অগ্রগতি কম হয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান। প্রকল্পের অনুমোদনের সময় প্রকল্পের কার্যপরিধি অনুযায়ী যাতে প্রয়োজনীয় লোকবলের সংস্থান থাকে এই বিষয়টি মন্ত্রণালয় লক্ষ্য রাখবে ও নিশ্চিত করবে বলে বলা হয়েছে।	অনুযায়ী মোট জনবলের সংখ্যা ২৬ জন যাদের মধ্যে প্রকল্প পরিচালক সহ কারিগরী জনবল ১০ জন যা গত ০৬/০৮/২০১৪ তারিখে অর্থ বিভাগের নতুন উন্নয়ন প্রকল্পের পদ/ জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। ভবিষ্যতে অর্থ বিভাগের নতুন উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি সভায় উন্নয়ন প্রকল্প সমূহে প্রয়োজনীয় লোকবলের সংস্থানের বিষয়ে জোর প্রচেষ্টা চালানো হবে বলে জানানো হয়।
৬	প্রকল্পের কোন সাইটেই প্রকল্পের তথ্য সম্বলিত কোন সাইনবোর্ড লাগানো হয় নাই। প্রকল্প পরিচালককে জরুরী ভিত্তিতে সকল প্রকল্প সাইটে প্রকল্পের তথ্য সম্বলিত সাইন বোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।	নির্দেশনা মোতাবেক প্রকল্প এলাকার সব সাইটেই তথ্য সম্বলিত সাইনবোর্ড ইতিমধ্যে লাগানো হয়েছে বলে জানানো হয়।
৭	Project Management InfromationSystem (PMIS) এ নিয়মিত প্রকল্পের তথ্য আপলোড করার জন্য বলা হয়েছে।	PMIS এ প্রকল্পের তথ্য নিয়মিত আপলোড করা হবে বলে জানানো হয়।

৩.৯ মাঠ পর্যায়ের জরিপ, দলভিত্তিক আলোচনা ও কেআইআই -এর মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা

৩.৯.১ বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকদের খানা জরিপ

বৃহত্তর রাজশাহী অঞ্চলের মোট ৮টি জেলা যথাক্রমে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁতে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত ৪০০ গ্রাহকের খানা জরিপ পরিচালনা করা হয়। প্রতিটি জেলা হতে সমান ভাগে ৫০ টি খানা দৈব চয়ন পদ্ধতিতে (Random Sampling) বাছাই করা হয় যেখানে উত্তরদাতা ছিলেন খানা প্রধান অথবা খানা প্রধানের স্ত্রী।

৩.৯.১.১ এলাকা-ভিত্তিক লিঙ্গের বণ্টন



জরিপে অংশগ্রহণকারী মোট ৪০০ জন উত্তরদাতার মধ্যে প্রায় সমান হারে পুরুষ ৪৯% ও মহিলা ৫১% ছিল। দেখা যায় পাবনা ও জয়পুরহাট জেলায় (যথাক্রমে ৭৪% ও ৭২%)। অন্যদিকে রাজশাহী জেলায় সর্বোচ্চ পুরুষ উত্তরদাতার অংশগ্রহণ লক্ষ্য করা যায় যার শতকরা হার ছিল

৯২%। পাবনা জেলায় সর্বনিম্ন পুরুষ উত্তরদাতা ২৬% এবং রাজশাহী জেলায় ৮% মহিলা উত্তরদাতার অংশগ্রহণ ছিল। (পরিশিষ্ট-৪, সারণি a5)

৩.৯.১.২ উত্তরদাতার বয়সের বণ্টন



প্রকল্প এলাকায় জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ বয়সসীমা ছিল ৩১-৪০ বছরের মধ্যে (২৯%) যার কাছাকাছি ছিল ১৯-৩০ বছর (২৭.৩%)। গ্রাফ চিত্র থেকে দেখা যায় যে, ৬১+ বয়সী উত্তরদাতার শতকরা হার ছিল সব চেয়ে কম (৭.৩%)। সর্বনিম্ন উত্তরদাতার বয়স ছিল ১৯ বছর এবং সর্বোচ্চ ছিল ৭৬ যেখানে গড় বয়স ছিল ৪০.১। (পরিশিষ্ট-৪, সারণি a6, a6_1)

৩.৯.১.৩ উত্তরদাতার শিক্ষাগত যোগ্যতা



জরিপে অংশগ্রহণকারীর মধ্যে কখনো স্কুলে যান নাই এমন উত্তরদাতার শতকরা হার ছিল সব চেয়ে বেশি (২৩.৫%), যার কাছাকাছি হার ছিল মাধ্যমিকের পূর্ব পর্যন্ত (২১.৮%) এবং প্রাথমিক শিক্ষিত (২১.৩%)। শতকরা হার সব চেয়ে কম ছিল গ্রাজুয়েশন ও তদূর্ধ্ব (৪%) এবং তার নিকটবর্তী ছিল উচ্চ মাধ্যমিক (৭.৮%)

প্রকল্প অন্তর্ভুক্ত সকল অঞ্চলের মধ্যে বগুড়া এবং নওগাঁ জেলায় অধিক শিক্ষিতের হার লক্ষ্যণীয়। (পরিশিষ্ট-৪, সারণি a8)

৩.৯.১.৪ উত্তরদাতার মূল-পেশা

জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের মধ্যে বেশ কয়েকটি শ্রেণী পেশার মানুষ ছিল। গ্রাহকদের মধ্যে সর্বোচ্চ ছিলেন গৃহিনী যার শতকরা হার ৪৫.৩ শতাংশ। ছোট ব্যবসা এমন পেশার শতকরা হার ছিল ১৮.৫ শতাংশ, কৃষি পেশার শতকরা হার ছিল ১০.৫ শতাংশ এবং মাঝারি ব্যবসার হার ছিল ৯.৫ শতাংশ। অন্যদিকে জরিপে অংশগ্রহণকারী বেসরকারি চাকুরী পেশার শতকরা হার ছিল ৮.৮। অন্যান্য শ্রেণী পেশার সংখ্যা ছিল নগণ্য। (পরিশিষ্ট-৪, সারণি a9)

৩.৯.১.৫ উত্তরদাতার খানার মাসিক আয় ও ব্যয়

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার খানার মাসিক আয় সব চেয়ে বেশি লক্ষ্য করা যায় ১০,০০১ - ১৫,০০০ টাকা যার শতকরা হার ছিল ২৯.৮%। এই আয় সব চেয়ে বেশি ছিল নাটোর ও পাবনা জেলায় যথাক্রমে ৫৬% ও ৫২%। এই আয়ের সব চেয়ে নিকটবর্তী ছিল ১০,০০০ টাকা (২৭.৩%)। সকল অংশগ্রহণকারীর মাঝে মাসিক সর্বনিম্ন আয় ছিল ১,২০০ টাকা এবং সর্বোচ্চ ছিল ১২০,০০০ টাকা যেখানে গড় আয় ছিল ১৭,৫২৩ টাকা। অন্যদিকে মাসিক সর্বনিম্ন ব্যয় ছিল ২,০০০ টাকা এবং সর্বোচ্চ ছিল ৫০,০০০ টাকা যেখানে গড় ব্যয় ছিল ১২,৩৩৬.৫ টাকা। শতকরা ৪৮ শতাংশ খানার ব্যয় ছিল ১০,০০০ টাকা পর্যন্ত এবং এর নিকটবর্তী মাসিক ব্যয় লক্ষ্য করা যায় ১০,০০১-১৫,০০০ টাকা, যার শতকরা হার ছিল ৩১.৫। (পরিশিষ্ট-৪, সারণি a10, a10_1, a11, a11_1)

৩.৯.১.৬ উত্তরদাতার বাসগৃহের অবস্থা ও ধরন

জরিপে অংশগ্রহণকারী বেশিরভাগ উত্তরদাতা (৮৬.০%) নিজস্ব বাড়িতে বসবাস করেন। ১২.৮% বসবাস করেন সরকারি জমিতে বাড়ি স্থাপন করে এবং ভাড়া বাড়ি, অন্যের জমিতে বাড়ি ও আত্মীয়ের বাড়িতে সামান্য কিছু উত্তরদাতা বসবাস করে থাকেন। ৩৪.৫ শতাংশ বাড়ির ধরন আধাপাকা যার নিকটবর্তী ধরন হলো টিন-কাঠ/ খড়-ছনের মজবুত (৩১.৫%) এবং পাকা (২৫.৩%)। সামান্য কিছু বাড়ির ধরন টিন-কাঠ/ খড়-ছনের খড়/ছনের পুরানো ও ছাপড়া লক্ষ্য করা যায় (যথাক্রমে ৫.৩% ও ৩.৫%)। (পরিশিষ্ট-৪, সারণি a12, a13)

৩.৯.১.৭ প্রকল্প এলাকাতে বিদ্যুৎ সংযোগ উপস্থিতি নিশ্চিতকরণ



জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের খানায় বিদ্যুৎ সংযোগ রয়েছে কি না, সংযোগ থাকলে তা সচল আছে কি না, এমন প্রশ্নের জবাবে ৪০০ জন উত্তরদাতা তথা শতভাগ হ্যাঁ সূচক জবাব দিয়েছেন। প্রকল্প অন্তর্ভুক্ত সকল জেলায় বর্তমানে বিদ্যুৎ সংযোগ বিদ্যমান রয়েছে এবং শতভাগ বিদ্যুতায়নের কাজ চলমান রয়েছে। ৯৭ শতাংশ অংশগ্রহণকারী ১টি মিটার ব্যবহার করেন এবং সামান্য কিছু গ্রাহক ২টি থেকে ৪টি মিটার ব্যবহার করে থাকেন। (পরিশিষ্ট-৪, সারণি a, b2, b4)

৩.৯.১.৮ বিদ্যুৎ সংযোগ প্রাপ্তিকাল

কোন সালে বিদ্যুৎ সংযোগ পেয়েছিলেন এমন প্রশ্নে ২৬৩ জন বলেছেন তারা ২০১৯ সাল থেকে বিদ্যুৎ সংযোগ পেয়েছেন, ৭৮ জন বলেছেন ২০১৮ সাল এবং ৪৮ জন বলেছেন ২০২০ সাল। বাকি ১১ জন গ্রাহক ১৯৯৮ থেকে ২০১৭ সালের মধ্যে বিভিন্ন সময় বিদ্যুৎ সংযোগ পেয়েছেন বলে জানান। আবেদনের কতদিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ পেয়েছিলেন এই প্রশ্নের উত্তরে সর্বনিম্ন ১দিন এবং সর্বোচ্চ ১৮০ দিন লক্ষ্য করা যায় তবে গড় ছিল ৩৪.৩ দিন।

৩.৯.১.৯ বিদ্যুৎ সংযোগ পেতে অতিরিক্ত খরচ

বিদ্যুৎ সংযোগ পেতে অতিরিক্ত কত টাকা খরচ হয়েছে?									
	জেলা								
	রাজশাহী	চাঁপাইনবাবগঞ্জ	নাটোর	পাবনা	সিরাজগঞ্জ	বগুড়া	জয়পুরহাট	নওগাঁ	**মোট**
সর্বনিম্ন	১০০.০	১০০.০	১২০.০	৩০০.০	৫০০.০	১০০.০	৫০০.০	৩০০.০	**১০০.০**
সর্বোচ্চ	২৫০০.০	২০০০.০	৩৫০০.০	৬৫০০.০	৩০০০.০	৬০০.০	৫০০০.০	৪৬০০.০	**৬৫০০.০**
গড়	১১৯৫.৫	১২১২.৫	১৬৭৯.৪	১৩৬৮.২	১৪০০.০	২১৮.৮	২৫০০.০	৩২৩৭.০	**১৬১৪.৫**
N=	৩৩	২৪	১৬	২২	৫	১৭	১০	২৭	**১৫৪**

মোট অংশগ্রহণকারীর মধ্যে ১৫৪ জন উত্তরদাতা বলেছেন যে বিদ্যুৎ সংযোগ পেতে তাদের অতিরিক্ত খরচ করতে হয়েছে। অতিরিক্ত খরচ সর্বনিম্ন ছিল ১০০ টাকা এবং সর্বোচ্চ ছিল ৬,৫০০ টাকা যার গড় ছিল ১,৬১৪.৫ টাকা। পাবনা, জয়পুরহাট এবং নওগাঁ জেলায় অতিরিক্ত খরচ বেশি হয়েছে বলে ধারণা করা যায়।

৩.৯.১.১০ বিদ্যুৎ ব্যবহারের সুবিধাসমূহ

প্রায় শতভাগ উত্তরদাতা বিদ্যুৎ সংযোগের মাধ্যমে লাইট ও ফ্যান ব্যবহার করে থাকেন। এছাড়া মোবাইল চার্জ, টেলিভিশন ও রেফ্রিজারেটর ব্যবহারের শতকরা হার ছিল যথাক্রমে ৯৪.৩, ৭৪.৫ ও ৪০.০। রাইস কুকার, কম্পিউটার, এসি/ এয়ার কন্ডিশনার, হিটার, ওভেন, আইপিএস, ইলেকট্রিক চুলা, সাউন্ড বক্স, প্রিন্টার, ওয়াশিং মেশিন, বৈদ্যুতিক ইস্ত্রি, পানির ফিল্টার, ইন্টারনেট ব্যবহার, পানির মটর ও রিক্সা/ ভ্যানের ব্যাটারী চার্জ, ইত্যাদিতে কিছু ব্যবহার দেখা যায়। নিচের গ্রাফ লক্ষ্য করলে দেখা যায় যে, বিদ্যুৎ সংযোগের ফলে অংশগ্রহণকারীদের নানা সুবিধা হয়েছে। মোবাইল ব্যবহারের ফলে যোগাযোগ সহজ হয়েছে বলেছেন ৮২.৮% এবং নিকটবর্তী সুবিধা বলেছেন জ্বালানি খরচ কমেছে ৭৩.৮% ও শীত বা গরমের সমস্যা কমেছে বলেছেন ৭২.৮%। এছাড়া বলেছেন, পরিবেশ ভালো হয়েছে/ মহিলা-শিশুদের নিরাপত্তা বেড়েছে ৫৬.৩%, বিনোদনের ব্যবস্থা বেড়েছে ৫৬%, পড়াশোনার সামগ্রিক মান বৃদ্ধি পেয়েছে ৪৫%, জীবন যাত্রার মান বেড়েছে ৪২.৩%, রেফ্রিজারেটর ব্যবহারের ফলে খাদ্য অপচয় কমেছে ৩৮% ও খানার নিরাপত্তা বেড়েছে ৩৪.৫% ।



৩.৯.১.১১ বিদ্যুৎ সংযোগে আর্থিক সাশ্রয়

৪৭.৩% অংশগ্রহণকারী বলেছেন যে বিদ্যুৎ সংযোগের ফলে তাদের আর্থিক সাশ্রয় হয়েছে। তন্মধ্যে গড়ে ৮৯৯ টাকা সাশ্রয় হয়েছে বলে তারা জানান যেখানে সর্বনিম্ন ছিল ৩০ টাকা এবং সর্বোচ্চ ছিল ৬,০০০ টাকা। রাজশাহী জেলায় গড় সর্বোচ্চ সাশ্রয় ছিল ২,০৯৭.৮ টাকা এবং গড় সর্বনিম্ন ছিল জয়পুরহাট জেলায় যা ১৬৭.১ টাকা। (পরিশিষ্ট-৪, সারণি a, b10_1, b10_2)

৩.৯.১.১২ বিদ্যুৎ সংযোগে এলাকার উন্নয়ন

বিদ্যুৎ সংযোগ পাওয়ার ফলে আপনার এলাকার বা এলাকার মানুষের কী কী লাভ হয়েছে?									
	জেলা								
	রাজশাহী	চাঁপাইনবাবগঞ্জ	নাটোর	পাবনা	সিরাজগঞ্জ	বগুড়া	জয়পুরহাট	নওগাঁ	**মোট**
অর্থনৈতিক কর্মকান্ড / ব্যবসা-বাণিজ্য বেড়েছে	১০০.০	৩৬.০	২৮.০	৩৮.০	১০.০	৩৮.০	৮৮.০	৪৪.০	**৪৭.৮**
অনেক ছোট-বড় শিল্প কারখানা গড়ে উঠেছে	৯৮.০	৪০.০	০.০	৫২.০	৫০.০	১২.০	১৬.০	২৬.০	**৩৬.৮**
এলাকায় কর্মসংস্থান বেড়েছে	৮০.০	৮০.০	৮.০	৫৪.০	২৪.০	৮.০	৯৬.০	২৪.০	**৪৬.৮**
জমির দাম বেড়েছে / বাড়ি ভাড়া বেড়েছে	৮৮.০	৯০.০	৭৬.০	৯৪.০	৭০.০	৩০.০	৪৬.০	৫৪.০	**৬৮.৫**
ভালো বাড়িঘর / দালান তৈরি হয়েছে	৯২.০	৯০.০	৭৪.০	১০০.০	৫৬.০	১৪.০	৫০.০	৫৬.০	**৬৬.৫**
পরিবেশ ভালো হয়েছে	৮৪.০	৭৪.০	৯৮.০	৮২.০	৮২.০	৯০.০	১০০.০	৮৮.০	**৮৭.৩**
*Multiple response									

জরিপে অংশগ্রহণকারীর মাঝে ৮৭.৩ শতাংশ উত্তরদাতা বলেছেন এলাকার পরিবেশ ভালো হয়েছে। এছাড়াও জমির দাম বেড়েছে / বাড়ি ভাড়া বেড়েছে বলেছেন ৬৮.৫%, ভালো বাড়িঘর / দালান তৈরি হয়েছে বলেছেন ৬৬.৫%, অর্থনৈতিক কর্মকান্ড / ব্যবসা-বাণিজ্য বেড়েছে বলেছেন ৮৭.৮%, এলাকায় কর্মসংস্থান বেড়েছে বলেছেন ৪৬.৮% এবং অনেক ছোট-বড় শিল্প কারখানা গড়ে উঠেছে বলেছেন ৩৬.৮%।

৩.৯.১.১৩ মাসিক বিল সংক্রান্ত তথ্য

বর্তমানে বিদ্যুতের জন্য মাসে কত টাকা খরচ হয় বা বিল দিতে হয়?									
	জেলা								
	রাজশাহী	চাঁপাইনবাবগঞ্জ	নাটোর	পাবনা	সিরাজগঞ্জ	বগুড়া	জয়পুরহাট	নওগাঁ	**মোট**
সর্বোনিম্ন	১২০.০	১১০.০	১২০.০	১১৫.০	১২০.০	২০০.০	১২০.০	১২০.০	**১১০.০**
সর্বোচ্চ	৩৫০০.০	৪৫০০.০	৬০০.০	৫০৫৮.০	১৩০০.০	১৮০০.০	১২০০.০	১৩০০০.০	**১৩০০০.০**
গড়	৬৮৮.০	৫২২.৬	২৮৮.০	৬৩৪.৪	৪৪৩.৪	৭২৭.৮	২৭০.০	১০২১.৪	**৫৭৪.৫**
N=	৫০	৫০	৫০	৫০	৫০	৫০	৫০	৫০	**৪০০**

বর্তমানে বিদ্যুৎ ব্যবহারের জন্য মাসে গড়ে কত টাকা ব্যয় হয় এমন প্রশ্নের জবাবে গ্রাহকদের সর্বনিম্ন খরচ দেখা যায় ১১০ টাকা ও সর্বোচ্চ ১৩,০০০ টাকা এবং গড় লক্ষ্য করা যায় ৫৭৪.৫ টাকা। সর্বোচ্চ খরচ লক্ষ্য করা যায় সিরাজগঞ্জ ও নওগাঁ জেলায় এবং অন্যদিকে সর্বনিম্ন খরচ চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা জেলায়।

বিদ্যুতের বিল পরিশোধে কি কোন সমস্যার সম্মুখীন হন এমন প্রশ্নের উত্তরে ১৮.৮% অংশগ্রহণকারী বলেছেন তারা কিছু সমস্যার সম্মুখীন হয়ে থাকেন। তন্মধ্যে বিদ্যুৎ খরচের চেয়ে বিল বেশি আসে মনে করেন ৯৬%, বিলের কাগজ ঠিকমতো বুঝতে পারেন না বলেছেন ২৬.৭%, ব্যাংকে দীর্ঘ লাইনে দাঁড়াতে হয় বলেছেন ১০.৭% এবং কাজের সময় নষ্ট হয় বলে মনে করেন ৫.৩%। (পরিশিষ্ট-৪, সারণি b6, b13_1, b13_2)

৩.৯.১.১৪ গ্রাহকদের পছন্দের বিল ব্যবস্থা

জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের ডিজিটাল পেমেন্ট সুবিধা আছে কি না এই প্রশ্নের উত্তরে ৮৯% উত্তরদাতা বলেছেন সুবিধা আছে এবং ১১% বলেছেন সুবিধা নাই। প্রিপেইড মিটার স্থাপিত হলে ৩২.৩ শতাংশ গ্রাহক মনে করেন সুবিধা হবে, তবে ৬৭.৮ শতাংশ মনে করেন যে প্রিপেইড মিটারে সুবিধা হবে না। মাত্র ০.৬ শতাংশ পোস্টপেইড বিল ব্যবস্থা পছন্দ এমন মতামত প্রদান করেন। (পরিশিষ্ট-৪, সারণি b14, b15)

৩.৯.১.১৫ বিদ্যুৎ সেবায় সমস্যা

জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের কাছে বিদ্যুৎ ব্যবহারের সুবিধাগুলো জানতে চাওয়ার পাশাপাশি অসুবিধা কী কী জানতে চাইলে গ্রাহকদের শতকরা ৯৭.৫ ভাগ বলেছেন তেমন কোনো সমস্যা তাদের নাই। সামান্য ২.৫ শতাংশ বলেছেন কিছু সমস্যা আছে। তন্মধ্যে বিদ্যুতের ভোল্টেজ কম বলেছেন

৬০%, মাঝে মাঝে বিদ্যুৎ থাকে না বলেছেন ২০% এবং দিনের অল্প সময় বিদ্যুৎ থাকে না বলেছেন ৩০%। (পরিশিষ্ট-৪, সারণি b7, b8)

৩.৯.১.১৬ বিদ্যুৎ মিটার সম্পর্কিত সমস্যা

মাত্র ১.৮ শতাংশ অংশগ্রহণকারী গ্রাহকের মিটার নষ্ট হয়েছিল। চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ ও নওগাঁ জেলায় মিটার নষ্ট হওয়ার ঘটনা লক্ষ্য করা যায়। যারা সকলেই বিদ্যুৎ অফিসে যোগাযোগের মাধ্যমে মিটার মেরামত করিয়েছেন বলে জানিয়েছেন। (পরিশিষ্ট-৪, সারণি b12_1, b12_2)

৩.৯.১.১৭ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন ও লোড শেডিং সম্পর্কিত

মাত্র ০.৫ শতাংশ অংশগ্রহণকারী গ্রাহকের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়েছিল যা রাজশাহী এবং জয়পুরহাট জেলায়। বকেয়া বিলের জন্য এই সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছিল বলে উত্তরদাতা জানিয়েছেন। ৫৩ শতাংশ গ্রাহক জানিয়েছেন যে লোড শেডিং হয়ে থাকে। তন্মধ্যে চাঁপাইনবাবগঞ্জ, পাবনা ও জয়পুরহাট জেলার শতভাগ গ্রাহক জানিয়েছেন যে লোড শেডিং হয়। সর্বনিম্ন ০.৫ ঘন্টা হতে সর্বোচ্চ ৬ ঘন্টা এই লোড শেডিং হয়ে থাকে যার গড় ছিল ১.৮ ঘন্টা । (পরিশিষ্ট-৪, সারণি b16_1, b16_2, b17_1, b17_2)

৩.৯.১.১৮। বিদ্যুৎ উন্নয়নে গ্রাহকদের পরামর্শ:

বিদ্যুৎ উন্নয়ন সম্পর্কে কোন পরামর্শ আছে কি না এমন প্রশ্নে ৭৮.০ শতাংশ গ্রাহক বলেছেন কোন পরামর্শ নাই। তবে ব্যবহারের তুলনায় বিদ্যুৎ বিল বেশি আসে এমন বলেছেন ৪.৩% গ্রাহক, মিটার রিডিং কর্মী মিটার না দেখে বিল করেন এমন বলেছেন ১.৮%, সেবার মান বাড়াতে হবে এমন বলেছেন ১.৩% এবং লোড শেডিং কমানো উচিৎ এমন বলেছেন ০.৮% গ্রাহক।

৩.৯.২ দলভিত্তিক আলোচনা (এফজিডি) থেকে প্রাপ্ত তথ্য উপস্থাপন

প্রকল্প এলাকার নমুনা ১৭ টি এলাকার মধ্যে ১৬ টি এলাকায় ১৬ টি এবং রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ৪টি এফজিডি করা হয়েছে। অর্থাৎ মোট ২০ টি এফজিডি করা হয়েছে। এফজিডিতে খানা পর্যায়ের গ্রাহকদের আমন্ত্রণ জানানো হয়েছিল। প্রতি এফজিডিতে ৮-১০ জন মহিলা/ পুরুষ অংশগ্রহণ করেছিল।

প্রতিটি এফজিডি সমীক্ষা অঞ্চলের সুবিধাজনক জায়গায় করা হয়েছে। এর ফলে সকল অংশগ্রহণকারী উক্ত স্থানে সহজে আসতে এবং অবাধে মতামত প্রদান করতে পেরেছেন। দলভিত্তিক আলোচনা সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত হয়েছে, যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে কথা বলার জন্য উৎসাহিত করেছেন।

এই অধ্যায়ে উল্লেখিত এফজিডিগুলো এফজিডি গাইডলাইন অনুসারে পরিচালিত হয়েছে এবং গাইডলাইনে উল্লেখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে এই প্রকল্পের উপরে মোট ১৭টি এলাকার অর্থাৎ বিভিন্ন নমুনা এলাকা থেকে করা ২০টি এফজিডি থেকে প্রাপ্ত তথ্যের সারসংক্ষেপ উপস্থাপন করা হলো।

প্রকল্প এলাকার ১৭টি এলাকায় বিদ্যুৎ লাইন স্থাপন করা হচ্ছে এই বিষয়ে শুধুমাত্র সিরাজগঞ্জের দলীয় আলোচনায় উপস্থিত উপকারভোগী ব্যতীত সকলেই অবগত আছেন বলে জানা যায়। এলাকায় যে বিদ্যুৎ লাইন স্থাপন করা হচ্ছে, সে বিষয়ে বিদ্যুৎ অফিস থেকে পূর্ব হতে কোন সচেতনতা/ ব্যবহার উপযোগিতা সম্পর্কে অবহিত করা হয়েছে কিনা এই আলোচনায় বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর এবং রাজশাহী জেলা ব্যতীত অন্য কোনো এলাকায় সচেতনতা/ ব্যবহার উপযোগিতা সম্পর্কে অবহিত করা হয় নাই।

সকল এলাকা থেকে দলীয় আলোচনায় অংশগ্রহণকারীরা জানিয়েছেন যে, বিদ্যুৎ ব্যবহারে অনেক সুবিধা পাওয়া যায়। যেমন, সময় মতো চাষাবাদ করা যায়, সেচ দেওয়া যায়, গরমে বাতাস পাওয়া যায়, মোবাইল ফোন চার্জ ও ইন্টারনেট চালানো যায়, বিভিন্ন তথ্য সহজে পাওয়া যায়, উৎপাদিত পণ্য সংরক্ষণ সুবিধা পাওয়া যায়, অফিস-আদালতের কাজ দ্রুত হয়, বিভিন্ন যন্ত্রপাতি মেরামত করা যায়, সময়মতো চিকিৎসা সুবিধা পাওয়া যায়, আয়ের সুযোগ তৈরি হয়েছে, কৃষি উৎপাদনে সুবিধা হয়, কৃষি উৎপাদন বেশি হয়, পরীক্ষার ফলাফল ঘরে বসে পাওয়া যায়, এলাকায় থেকে বিভিন্ন কলেজে ভর্তির জন্য আবেদন করা যায়, ছেলেমেয়েদের লেখাপড়ায় সুবিধা হয়েছে, বিভিন্ন ধরনের তথ্য পেতে সুবিধা হয়েছে, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি ব্যবহার করা যায়, সহজে চাকরির আবেদন করা যায়, ইত্যাদি। এছাড়াও মহিলারা অনেকেই বলেছেন জ্বালানী খরচ কমেছে ও পাশাপাশি পরিবেশ ভালো হয়েছে। রাজশাহী এলাকার আলোচনায় উপস্থিত মোঃ আলমগীর মিয়া বলেছেন, এলাকায় বিদ্যুৎ আসার কারণে এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরো উন্নত হয়েছে। এছাড়া বিদ্যুৎ সংযোগের ফলে কৃষি ও ব্যবসা-বাণিজ্যের পরিধি বেড়েছে।

পাশাপাশি প্রায় সকল দলীয় আলোচনায় অংশগ্রহণকারীরা বলেছেন ঘন ঘন বিদ্যুৎ আসা যাওয়ার কারণে ইলেকট্রনিক্স যন্ত্রপাতি নষ্ট হয়ে যায় এবং লোডশেডিং হলে কৃষি উৎপাদন কমে যায়। এছাড়াও তারা বলেন যে, তাদের ব্যবহার করা বিদ্যুতের তুলনায় বিদ্যুৎ বিল বেশি আসে যার ফলে তাদের অনেক ভোগান্তি হয়। বিদ্যুৎ সরবরাহ ঠিক মতো না হলে বিদ্যুতের উপর নির্ভরশীল কাজে অসুবিধা হয়, স্কুল-কলেজে লেখাপড়ায় সমস্যা হয়, উৎপাদিত পণ্য নষ্ট হয়ে যায়, অফিস-আদালতের কাজ ধীরগতিতে হয় এবং চিকিৎসার কাজে অনেক অসুবিধা হয়ে থাকে।

প্রায় সকল অঞ্চলেই বিদ্যুতের লাইন পেতে অসুবিধা হয়েছে বলে সকলে জানিয়েছেন। বিদ্যুতের লাইন পেতে বারবার বিদ্যুৎ অফিসে যোগাযোগ করতে হয় এবং প্রয়োজনের তুলনায় অতিরিক্ত সময় এবং সরকারি খরচের তুলনায় বেশি খরচ করতে হয় বলে সকলেই অভিমত প্রকাশ করেন।

দলীয় আলোচনায় অংশগ্রহণকারীরা প্রায় সকলেই জানিয়েছেন, বিদ্যুৎ ব্যবহারের ফলে জ্বালানি খরচ সীমিত পর্যায়ে হ্রাস পেয়েছে। তবে কেউ কেউ মন্তব্য করেছেন যে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির কারণে এবং সরকার বারবার বিদ্যুতের দাম বৃদ্ধি করার কারণে জ্বালানি খরচ পূর্ব থেকে বৃদ্ধি পেয়েছে।

প্রায় সকল অঞ্চলের দলীয় আলোচনায় অংশগ্রহণকারীরা বলেছেন বিদ্যুৎ মিটার বা বিলে তারা অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন। তারা মনে করেন তাদের ব্যবহারের তুলনায় বিদ্যুৎ বিল বেশি আসে। কোন কোন অঞ্চলে মিটার রিডিং কর্মী অফিস থেকে মিটার রিডিং এর কাজ করার ফলে অতিরিক্ত বিল আসে বলে অনেকে মন্তব্য করেন।

বাসা বাড়িতে বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারে বিদ্যুতের ব্যবহার বেশি হয়ে থাকে। এছাড়া কৃষি জমিতে সেচ কাজে, কলকারখানায়, অটোরিক্সার ব্যাটারী চার্জ দেওয়া, ব্যবসা-বাণিজ্যে এবং সরকারি অফিসে বিদ্যুতের ব্যবহার বেশি হয়ে থাকে বলে সকল অঞ্চলের অংশগ্রহণকারীরা মন্তব্য করেন।

আলোচনায় উপস্থিত প্রায় সকল অঞ্চলের অংশগ্রহণকারী মনে করেন এলাকায় বিদ্যুতের লাইন স্থাপন করার ফলে এলাকায় অনেক উন্নয়ন হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ জেলার সাগর মিয়া মনে করেন লেখাপড়ার ক্ষেত্রে সবচেয়ে বেশি উন্নতি হয়েছে। কারণ হিসেবে তিনি বলেন যে, এর ফলে ছেলেমেয়েদের লেখাপড়ার প্রতি আগ্রহ বেড়েছে। এছাড়াও সকল অঞ্চলের অংশগ্রহণকারীরা মনে করেন এলাকায় বিদ্যুৎ সংযোগের ফলে জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে, ব্যবসা বাণিজ্যের পরিধি বেড়েছে, পরিবেশ ভালো হয়েছে এবং মহিলা ও শিশুদের জীবনযাত্রায় নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বিনোদনের ব্যবস্থা বেড়েছে বলে অনেকে মন্তব্য করেছেন।

বিদ্যুতের সংযোগ হওয়াতে কৃষি ক্ষেত্রে কোনো উন্নতি হয়েছে কিনা এমন প্রশ্নের আলোচনায় প্রায় সকল অঞ্চলের লোকজন মন্তব্য করেছেন যে, তারা বিদ্যুৎ সংযোগের মাধ্যমে সময়মতো চাষাবাদ করতে পারছেন, ফসলের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে, যার ফলে আয় বৃদ্ধি পেয়েছে, এক ফসলের পরিবর্তে দুই থেকে তিন ফসল চাষাবাদ করতে পারছেন এবং উৎপাদিত পণ্য হিমায়িত করণের মাধ্যমে নষ্ট কম হচ্ছে বলে অনেকে মন্তব্য করেন।

বিদ্যুৎ সংযোগ পাওয়ার ফলে বিভিন্ন এলাকায় নতুন নতুন কলকারখানা তৈরি হয়েছে ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এবং সেই সকল কলকারখানায় নারীদের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বিদ্যুৎ সংযোগের ফলে ব্যক্তিগতভাবে অনেকেই লাভবান হয়েছেন। বাসাবাড়িতে বিদ্যুতের সংযোগ পাওয়ার ফলে তাদের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। আধুনিক জীবনযাপন করতে পারছেন বলে প্রায় সকল অঞ্চলের অংশগ্রহণকারীরা অভিমত প্রকাশ করেন।

সামান্য কিছু অংশগ্রহণকারী বলেছেন বিদ্যুৎ সংযোগ করার ফলে তাদের ফল ও কাঠের গাছ কেটে ফেলতে হয়েছে। তবে বেশিরভাগ অংশগ্রহণকারী বলেছেন যে, তাদের তেমন কোনো ক্ষতি হয় নাই। বিদ্যুৎ বিল নিয়ে কোনো অভিযোগ থাকলে তা কীভাবে মিটিয়ে থাকেন এই প্রশ্নের উত্তরে প্রায় সকল অঞ্চলের অংশগ্রহণকারীরা বলেছেন যে, বিদ্যুৎ বিলের ফটোকপি বিদ্যুৎ অফিসে জমা দিয়ে দরখাস্ত করে সমস্যার সমাধান করার চেষ্টা করে থাকেন, তবে বেশিরভাগ ক্ষেত্রে সমাধানে অনেক বেশি সময় ব্যয় হয়।

বাণিজ্যিক ব্যতীত নতুন বিদ্যুৎ সংযোগের প্রাক্কালে সৌর প্যানেল স্থাপন করতে হয় না। যেসব এলাকায় জাতীয় গ্রিডের সংযোগ এখনো পৌঁছায় নাই সেখানে সৌর বিদ্যুৎ ব্যবহারের প্রচলন আছে তবে তা খুব সীমিত পর্যায়ে।

প্রায় সকল অঞ্চলের অংশগ্রহণকারীরা পরামর্শ হিসেবে মন্তব্য করেছেন যে, কোনো এলাকায় লোডশেডিং হওয়ার পূর্বে এলাকায় মাইকিং করে গ্রাহকদের জানিয়ে দেওয়া হলে খুব ভালো হয়। এছাড়া ভোল্টেজ আপডাউন এর বিষয়টি বিদ্যুৎ অফিস নিরবিচ্ছিন্ন ভাবে পর্যবেক্ষণ করলে গ্রাহকরা খুব উপকৃত হবেন।

৩.৯.৩ বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত বাণিজ্যিক গ্রাহকদের জরিপ

বৃহত্তর রাজশাহী অঞ্চলের মোট ৮টি জেলা যথাক্রমে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁতে বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত ৫৪ জন গ্রাহকের জরিপ পরিচালনা করা হয়। প্রতিটি জেলা হতে দৈব চয়ন পদ্ধতিতে ৫-১০ টি বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ গ্রাহক বাছাই করা হয় যেখানে উত্তরদাতা ছিলেন প্রতিষ্ঠানের মালিক বা ব্যবস্থাপক।

৩.৯.৩.১ বাণিজ্যিক বিদ্যুৎ সংযোগ প্রতিষ্ঠান অবকাঠামো



জরিপে অংশগ্রহণকারী মোট ৫৪টি প্রতিষ্ঠানের মধ্যে ২৫টি শিল্প প্রতিষ্ঠান এবং অন্যান্য ২৯টি সাধারণ ব্যবসা প্রতিষ্ঠান। ২৫টি শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত সামগ্রীর ৪৪% কাঠের আসবাবপত্র এবং অন্যান্য সামগ্রী যথাক্রমে চাল কল ১২%, মোটর রিপেয়ারিং ৮% এবং দরজা, জানালা, গ্রীল, ইত্যাদি ৩৬%। সকল প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত জনবল সর্বনিম্ন ১জন, সর্বোচ্চ ১০ জন এবং গড়ে ২.৫ জন। শিল্প প্রতিষ্ঠান এবং উচ্চ আয়ের প্রতিষ্ঠানে জনবলের সংখ্যা বেশি লক্ষ্য করা যায়। (পরিশিষ্ট-৫, সারণি a4, a6)

৩.৯.৩.২ বাণিজ্যিক সংযোগে ব্যবসায়ের মাসিক আয়

ব্যবসা প্রতিষ্ঠান থেকে মাসিক আয়

	প্রতিষ্ঠানের ধরন				প্রতিষ্ঠানের আয়					
	শিল্প		সাধারণ ব্যবসা		নিম্ন		উচ্চ		মোট	
	#	%	#	%	#	%	#	%	#	%
৭৫০০-১৫০০০ টাকা	১	৪.০	১৬	৫৫.২	১৭	৭০.৮	০	০.০	১৭	৩১.৫
১৫০০১-৩০০০০ টাকা	৩	১২.০	৫	১৭.২	৭	২৯.২	১	৩.৩	৮	১৪.৮
৩০০০১-৪৫০০০ টাকা	৬	২৪.০	৪	১৩.৮	০	০.০	১০	৩৩.৩	১০	১৮.৫
৪৫০০১-৬০০০০ টাকা	৮	৩২.০	২	৬.৯	০	০.০	১০	৩৩.৩	১০	১৮.৫
৬০০০০+ টাকা	৭	২৮.০	২	৬.৯	০	০.০	৯	৩০.০	৯	১৬.৭
মোট	২৫	১০০.০	২৯	১০০.০	২৪	১০০.০	৩০	১০০.০	৫৪	১০০.০

জরিপে অংশগ্রহণকারী বাণিজ্যিক গ্রাহকের ব্যবসা থেকে মাসিক আয় সব চেয়ে বেশি দেখা যায় ৭,৫০০-১৫,০০০ টাকা, যার শতকরা হার ছিল ৩১.৫% এবং এর নিকটবর্তী ছিল ৩০,০০১ - ৪৫,০০০ এবং ৪৫,০০০ - ৬০,০০০ টাকা, যার শতকরা হার ছিল একই (১৮.৫%)। সব চেয়ে বেশি লক্ষ্য করা যায় সাধারণ ব্যবসার ধরন থেকে। অন্যদিকে শিল্প প্রতিষ্ঠানে সব চেয়ে বেশি আয় দেখা যায় ৪৫,০০০ - ৬০,০০০ টাকা। সকল অংশগ্রহণকারীর মাঝে মাসিক সর্বনিম্ন আয় ছিল ৭,৫০০ টাকা এবং সর্বোচ্চ ছিল ২০০,০০০ টাকা যেখানে গড় আয় ছিল ৪০,২১৩ টাকা। (পরিশিষ্ট-৫, সারণি a10, a10_1,)

৩.৯.৩.৩। বিদ্যুৎ সংযোগ উপস্থিতি নিশ্চিতকরণ



জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের ব্যবসা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ রয়েছে কি না, সংযোগ থাকলে তা সচল আছে কি না, এমন প্রশ্নের জবাবে ৫৪ জন উত্তরদাতা তথা শতভাগ হ্যাঁ সূচক জবাব দিয়েছেন। শতভাগ অংশগ্রহণকারী গ্রাহক এই সংযোগ দিয়ে ১টি মিটার ব্যবহার করেন। (পরিশিষ্ট-৫, সারণি a, b2, b3_1)

৩.৯.৩.৪। বিদ্যুৎ ব্যবহারের সুবিধাসমূহ



বিদ্যুৎ সংযোগের ফলে বাণিজ্যিক সংযোগ প্রাপ্ত সকল গ্রাহকই সুবিধার কথা জানিয়েছেন। ৭০% গ্রাহক বলেছেন তাদের উৎপাদন বৃদ্ধি পেয়েছে, এবং নিকটবর্তী সুবিধা বলেছেন, ব্যবসার বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে ৬৯%। এছাড়া কর্মচারীদের কর্ম ক্ষমতা বেড়েছে এমন বলেছেন ৬৩%, পরিবেশ ভালো হয়েছে বলেছেন ৫৬% এবং জ্বালানী খরচ কমেছে বলেছেন ৪৪%। শিল্প প্রতিষ্ঠানে 'উৎপাদন বৃদ্ধি পেয়েছে' এমন মন্তব্য বেশি লক্ষ্য করা যায় অন্যদিকে সাধারণ 'ব্যবসার বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে' এমন মন্তব্যও বেশি লক্ষ্য করা যায়। ৮৫.২% গ্রাহক বলেছেন উৎপাদন মোটামুটি বৃদ্ধি পেয়েছে বাকি ১৪.৮% বলেছেন অনেক বেশি বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ সংযোগ পাওয়ার ফলে ৭৯.৬% গ্রাহকের প্রতিষ্ঠান মাঝে মাঝে লাভজনকভাবে চলছে বাকি ২০.৪% গ্রাহকের প্রতিষ্ঠান সব সময় লাভজনকভাবে চলছে বলে মন্তব্য করেন। ৮১.৫% গ্রাহক বলেছেন বিদ্যুৎ সংযোগ পাওয়ার ফলে তাদের প্রতিষ্ঠানে পূর্বের তুলনায় মোটামুটি আয় বেড়েছে এবং ১১.১% বলেছেন অনেক বেশি আয় বেড়েছে অন্যদিকে মাত্র ৭.৪% বলেছেন যে তাদের অল্প আয় বেড়েছে। (পরিশিষ্ট-৫, সারণি b8, b9, b10, b11)

৩.৯.৩.৫। বিদ্যুৎ সংযোগে এলাকার উন্নয়ন



জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৯৩% শতাংশ গ্রাহক বলেছেন অর্থনৈতিক কর্মকান্ড/ ব্যবসা-বাণিজ্য বেড়েছে। এছাড়াও এলাকায় কর্মসংস্থান বেড়েছে বলেছেন ৫৯%, ভালো বাড়িঘর/

দালান তৈরি হয়েছে বলেছেন ৫৭%, জমির দাম বেড়েছে/ বাড়ি ভাড়া বেড়েছে বলেছেন ৫০%, এলাকার পরিবেশ ভালো হয়েছে বলেছেন ৪৬%, এবং অনেক ছোট-বড় শিল্প কারখানা গড়ে উঠেছে বলেছেন ৪৬%।

৩.৯.৩.৬। মাসিক বিল সংক্রান্ত তথ্য

বিদ্যুতের বিল পরিশোধে কোন সমস্যার সম্মুখীন হন কিনা এমন প্রশ্নের উত্তরে ৯৮.১% অংশগ্রহণকারী বলেছেন তারা কোন সমস্যার সম্মুখীন হয়ে থাকেন না; তবে শুধুমাত্র ১ জন বলেছেন যে তিনি সমস্যার সম্মুখীন হয়ে থাকেন। তিনি যে সকল সমস্যার কথা বলেছেন তা হলো, বিদ্যুৎ খরচের চেয়ে বিল বেশি আসে বলে মনে করেন, বিলের কাগজ ঠিকমতো বুঝতে পারেন না এবং বিদ্যুতের বিল দেরি করে আসে । জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের ডিজিটাল পেমেন্ট সুবিধা আছে কিনা এই প্রশ্নের উত্তরে ৭৯.৬% উত্তরদাতা বলেছেন সুবিধা আছে এবং ২০.৪% বলেছেন সুবিধা নাই। প্রিপেইড মিটার স্থাপিত হলে ২৪.১ শতাংশ গ্রাহক মনে করেন সুবিধা হবে, তবে ৭৫.৯ শতাংশ মনে করেন যে প্রিপেইড মিটারে সুবিধা হবে না। (পরিশিষ্ট-৫, সারণি b13_1, b13_2, b14, b15)

৩.৯.৩.৭। বিদ্যুৎ সেবায় সমস্যা



জরিপে অংশগ্রহণকারী গ্রাহকদের কাছে বিদ্যুৎ ব্যবহারের সুবিধাগুলো জানতে চাওয়ার পাশাপাশি অসুবিধা কী কী জানতে চাইলে গ্রাহকদের শতভাগ বলেছেন কোনো সমস্যা নাই। দিনে সর্বনিম্ন ১৬ ঘন্টা এবং সর্বোচ্চ ২৪ ঘন্টা বিদ্যুৎ থাকে অন্যদিকে গড়ে ২১ ঘন্টা বিদ্যুৎ থাকে। বকেয়া বিলের জন্য শুধুমাত্র ১ জনের বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন হয়েছিল বলে মন্তব্য করেন। ৮৩.৩% গ্রাহক বলেছেন যে লোড শেডিং হয়ে থাকে যা সর্বনিম্ন ১ ঘন্টা থেকে সর্বোচ্চ ৮ ঘন্টা থাকে এবং গড়ে ৩ ঘন্টা হয়ে থাকে। (পরিশিষ্ট -৫, সারণি b5, b7, b16_1, b16_2, b17_1, b17_2)

৩.৯.৩.৮। বিদ্যুৎ উন্নয়নে গ্রাহকদের পরামর্শ

বিদ্যুৎ উন্নয়নে গ্রাহকদের পরামর্শ										
	প্রতিষ্ঠানের ধরন				প্রতিষ্ঠানের আয়					
	শিল্প		সাধারণ ব্যবসা		নিম্ন		উচ্চ		মোট	
	#	%	#	%	#	%	#	%	#	%
মন্তব্য নাই	২৩	৯২.০	২৪	৮২.৮	২১	৮৭.৫	২৬	৮৬.৭	৪৭	৮৭.০
সব সময় যেনো বিদ্যুৎ থাকে	১	৪.০	০	০.০	০	০.০	১	৩.৩	১	১.৯
ইউনিট প্রতি বিলের চার্জ কমাতে হবে	০	০.০	৫	১৭.২	২	৮.৩	৩	১০.০	৫	৯.৩
বিদ্যুতের ভোল্টেজ বাড়ানো দরকার	১	৪.০	০	০.০	১	৪.২	০	০.০	১	১.৯
মোট	২৫	১০০.০	২৯	১০০.০	২৪	১০০.০	৩০	১০০.০	৫৪	১০০.০

বিদ্যুৎ উন্নয়ন সম্পর্কে কোন পরামর্শ আছে কিনা এমন প্রশ্নে ৮৭.০ শতাংশ গ্রাহক বলেছেন কোনো পরামর্শ নাই। তবে ইউনিট প্রতি বিলের চার্জ কমাতে হবে এমন বলেছেন ৯.৩% গ্রাহক, সব সময় যেন বিদ্যুৎ থাকে এমন বলেছেন ১.৯% এবং বিদ্যুতের ভোল্টেজ বাড়ানো দরকার বলেছেন বাকি ১.৯% গ্রাহক।

৩.৯.৪ স্থানীয় পর্যায়ে কর্মশালা থেকে প্রাপ্ত তথ্য উপস্থাপন

গত ১৪ জুন, ২০২০ তারিখে স্থানীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করা হয়। স্থানীয় পর্যায়ে কর্মশালায় স্থানীয় বিম্যুৎ ব্যবহারকারী জনসাধারণ ও তাদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। নিচে সংক্ষেপে জনসাধারণের মতামত উল্লেখ করা হলঃ

- সবাই বলেছেন, সার্বিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নতি হয়েছে, যার মধ্যে রয়েছে - লোড শেডিং কমেছে, মিটার ঠিক মতো দেখে বিল করা হয়, বিলের কাগজ ঠিক মতো পৌঁছে দেওয়া হচ্ছে, বিল সহজে দেওয়া যাচ্ছে, সমস্যার জন্য বিদ্যুৎ অফিস থেকে আগের চেয়ে ভালো সাড়া পাওয়া যায়।
- একজন বলেছেন, প্রতিটা মিটারে আর্থিং নাই।

- কেউ কেউ বলেছেন পোলের দূরত্বে অবস্থানের কারণে দূর থেকে বাসায় বেশি তার দিয়ে বিদ্যুতের সংযোগ নিতে হয়েছে।
- ঝড়, বৃষ্টি বা বেশি বাতাস হলে বিদ্যুৎ চলে যায় বলে প্রায় সবাই জানিয়েছেন।
- কখনো কখনো বিদ্যুৎ বিল বেশি আসে বলে কেউ কেউ জানিয়েছেন।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা

৪.১ প্রকল্পের SWOT ANALYSIS

কর্ম-পরিকল্পনায় যে সকল তথ্য উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে, সে সকল তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল (Strength) ও দুর্বল (Weakness) দিক, সুযোগ (Opportunity) ও ঝুঁকি (Threat) সমূহ সনাক্ত করে বর্তমানে তার সমাধানের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

সবল (Strength) দিক	**দুর্বল (Weakness) দিক**
➢ প্রকল্পের অর্থ ছাড় যথাসময়ে হয়েছে; ➢ প্রকল্পের জন্য বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল; ➢ প্রয়োজনীয় অর্থের সংস্থান ছিল; ➢ খাতওয়ারী বাজেট চাহিদা ও বরাদ্দ ছিল; ➢ কারিগরি স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সংগ্রহ করা হয়েছে; ➢ নিজস্ব জনবলের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের কারণে বিউবো-র অর্থ সাশ্রয় হয়েছে; ➢ প্রকল্প বাস্তবায়নকালীন বেশির ভাগ সময় একই প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করছেন; ➢ প্রকল্পটি বিদ্যুৎ বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রণালয় পর্যায়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে; এবং ➢ এখন পর্যন্ত বিদ্যুতের আওতায় আসা আবাসিক গ্রাহকগণ অনেকটা সন্তুষ্ট বিধায় প্রকল্পের উদ্দেশ্য বহুলাংশে অর্জিত হচ্ছে।	➢ সংশোধিত ডিপিপিতে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয় নাই। জমি অধিগ্রহণে বিলম্ব, পোল সংগ্রহে বিলম্ব ও ঠিকাদারদের কাজের ধীরগতির কারণে প্রকল্পের অগ্রগতি বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী হয় নাই। ফলে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করতে হয়েছে; ➢ এই প্রকল্পটির কার্যপরিধি অনেক বিস্তৃত। শুরু থেকে প্রকল্প পরিচালক সীমিত জনবল নিয়ে দায়িত্ব পালন করেছেন। এটি প্রকল্পের অগ্রগতির ক্ষেত্রে সহায়ক হয় নাই; ➢ প্রকল্পের ঠিকাদার সমূহের কর্ম-পরিকল্পনায় এবং কাজের ব্যবস্থাপনায় দুর্বলতা পরিলক্ষিত হয়; ➢ ঠিকাদারদের বাস্তব কাজে ধীরগতি ছিল; ➢ প্রকল্পের পোল সংগ্রহের ক্ষেত্রে বিকল্প রাখা হয় নাই, ফলে পোল সরবরাহের বিলম্বের কারণে প্রকল্পটি বাস্তবায়নে সময় বেশি নিয়েছে; ➢ প্রকল্পের ডিপিপিতে Exit Plan রাখা হয় নাই; এবং ➢ প্রকল্পের বিলম্বের ফলে ২০২১ সালে ৫০০,০০০ গ্রাহককে সংযোগের আওতায় আনার লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব নয়।
সুযোগ (Opportunity)	**ঝুঁকি (Threat)**
➢ আলোচ্য প্রকল্পটিতে অনেক ক্রয় প্যাকেজ হওয়াতে বহুসংখ্যক ইপিসি ঠিকাদার কাজ করছে। এর ফলে অনেকের কর্মসংস্থান হচ্ছে; ➢ আলোচ্য প্রকল্পের আওতায় বিউবোর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ	➢ দেখা যাচ্ছে যে, প্রকল্পটির বেশিরভাগ টার্ণ কী ঠিকাদার তাদের কাজের শিডিউল থেকে পিছিয়ে আছে। ফলে প্রকল্প কার্যক্রম ও অগ্রগতি ঝুঁকির মুখে পড়েছে; ➢ বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপের ফলে

করলে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি পাবে; ➢ আলোচ্য প্রকল্পের মাধ্যমে আবাসিক ও বাণিজ্যিক খাতের প্রায় দুই লক্ষ গ্রাহক বিদ্যুতের আওতাধীন হবেন। এর ফলে এই গ্রাহকগণ তাদের জীবন ও জীবিকার উন্নয়ন ঘটাতে পারবেন; ➢ গ্রাহক বৃদ্ধি পাওয়ার ফলে আলোচ্য প্রকল্পের মাধ্যমে বিউবো-র রাজস্ব আদায়ের সুযোগ সৃষ্টি হবে; ➢ এই প্রকল্পে অনেক বৈদ্যুতিক যন্ত্র ও সরঞ্জাম ব্যবহারের কারণে এগুলোর মেরামত, রক্ষণাবেক্ষণ ও প্রতিস্থাপনের প্রয়োজনে অনেক সহযোগী শিল্প গড়ে উঠবে এবং দক্ষ জনশক্তি তৈরী হবে; এবং ➢ সামগ্রিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নের ফলে এই অঞ্চলে অনেক শিল্প কারখানা গড়ে উঠবে এবং শিল্পে ও ব্যবসায় দেশী-বিদেশী বিনিয়োগের পথ প্রশস্ত হবে।	দেশব্যাপী ২ মাসাধিক কাল সাধারণ ছুটি থাকায় প্রকল্প যথাসময়ে শেষ হবার বিষয়ে ঝুঁকি থেকে যায়; এবং ➢ বর্তমানে পৃথিবীব্যাপী করোনা ভাইরাসের প্রকোপের ফলে বিদেশ থেকে প্রকল্পের যন্ত্র ও সরঞ্জাম আমদানীতে বিলম্ব ঘটছে। ফলে এটি আলোচ্য প্রকল্পের অন্যতম একটি ঝুঁকি।

পঞ্চম অধ্যায়

পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

৫.১ প্রকল্পের সার্বিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ

এই প্রকল্পের প্রধান লক্ষ্য হচ্ছে রাজশাহী বিদ্যুৎ বিতরণ জোনের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা। এই প্রকল্পের সাহায্যে বৃহত্তর রাজশাহী, বৃহত্তর পাবনা ও বৃহত্তর বগুড়া অঞ্চলের জেলা সমূহে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা শক্তিশালী ও উন্নত করে এখানকার অধিবাসীদের আর্থসামাজিক অবস্থার উন্নতি সাধন করা। প্রকল্পটির মূল ডিপিপিতে প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৮ পর্যন্ত নির্ধারিত থাকলেও ঠিক সময়ে প্রকল্প বাস্তবায়ন না হওয়ায় প্রকল্পের ডিপিপি সংশোধন করা হয় এবং সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটির বাস্তবায়নে পুনরায় বিলম্ব হলে এটির মেয়াদ ডিসেম্বর ২০২০ পর্যন্ত বাড়ানো হয়। প্রকল্পটি বাস্তবায়নে দেরী হবার জন্য যে সকল কারণ চিহ্নিত করা হয়েছে, দেখা গেছে যে সেগুলো প্রকল্প পরিচালকের নিয়ন্ত্রণের বাইরে ছিল। প্রকল্পটির ক্রয় প্রক্রিয়ায় সকল বিধিবিধান পালন করা হয়েছে বলে দেখা গেছে। ক্রয় প্রক্রিয়ার প্রতিটি ধাপে যথাযথভাবে যাচাই বাছাই ও পরীক্ষা করার ফলে প্রকল্পের মালামাল ক্রয়ে গুণগত মান ও সংখ্যাগত মান উভয়ই বজায় ছিল বলে প্রতীয়মান হয়। অন্যান্য কারণের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নে জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় বিলম্বকে বিলম্বের প্রধান কারণ হিসাবে চিহ্নিত করা হয়েছে । সামগ্রিক বিবেচনায় প্রকল্পটির বর্তমান মূল চ্যালেঞ্জ হলো প্রকল্পের ধীরগতি, যা টার্ণ কী ঠিকাদারের কারণে এবং কিছুটা পোল প্রাপ্তির দেরীর কারণে ঘটছে বলে প্রতীয়মান হয়। করোনা ভাইরাসের প্রকোপের কারণে প্রায় ২ মাসাধিক কাল সাধারণ ছুটি থাকায় প্রকল্পের কাজ বন্ধ থাকাতে এবং বিদেশ থেকে মালামাল ও বিদেশী সহ সকল ঠিকাদারসমূহের কর্মীদের যথাসময়ে কাজ শুরু করতে না পারার ফলে প্রকল্পের অগ্রগতি ব্যহত হচ্ছে। এমতাবস্থায় প্রকল্পটি আরো বিলম্বের মুখে পড়তে যাচ্ছে বলে ধারণা করা যায়। প্রকল্পটি যখন প্রথম গ্রহণ করা হয় তখন জুন, ২০১৮ সালে ২০০,০০০ নতুন গ্রাহককে সংযোগ দিবার লক্ষ্যমাত্রা ধরা হয়। প্রকল্পটি পিছিয়ে সমাপ্তি কাল ডিসেম্বর, ২০২০ ধরার ফলে বর্তমানে বহু গ্রাহক বিদ্যুৎ সংযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। এছাড়াও প্রকল্পটি বাস্তবায়নে দেরী হবার ফলে ২০২১ সালে সরকারের 'সবার জন্য বিদ্যুৎ' লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে না। ফলে বৃহত্তর রাজশাহী অঞ্চলে ২০২১ সালে ৫০০,০০০ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দিবার লক্ষ্যমাত্রা সংশোধন করার প্রয়োজন হবে।

সার্বিক পর্যালোচনায় প্রকল্পটির সাফল্যের পরিমাণ উল্লেখযোগ্য। ইতিমধ্যে মে, ২০২০ পর্যন্ত প্রকল্পটির কাজ ৮৮.৫% সম্পন্ন হয়েছে। মোট ৪৪টি উপকেন্দ্রের নতুন, ক্ষমতান্নোয়ন ও পুনর্বাসন কাজের মধ্যে সর্বমোট ২৫টির কাজ সম্পন্ন হয়েছে এবং মোট ৩০১৩ কিঃমিঃ বিতরণ লাইনের মধ্যে ৮০% সম্পন্ন হয়েছে। নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতান্নোয়নের ফলে বিভিন্ন এলাকায় পূর্বের চেয়ে অধিক পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছে। এছাড়া নতুন বিতরণ লাইন নির্মাণ ও বিতরণ লাইন পুনর্বাসনের ফলে নতুন এলাকা বিদ্যুৎ সংযোগের আওতায় আনা গেছে। সামগ্রিকভাবে উপকেন্দ্র ও লাইনের ক্যাপাসিটি বৃদ্ধির ফলে এলাকায় তুলনামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ স্থিতিশীল হয়েছে ও লেড শেডিং কমেছে।

ষষ্ঠ অধ্যায়

সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ সমূহ

প্রকল্পের বর্তমান অবস্থা বিবেচনা করে সুপারিশসমূহ নিচে পেশ করা হলো। উল্লেখ্য যে, প্রকল্পটি বর্তমানে শেষ পর্যায়ে বলে কিছু সুপারিশ বাস্তবায়ন করা এই প্রকল্পের বাকি সময়ের জন্য প্রযোজ্য হবে না। তবে ভবিষ্যতে একই ধরনের প্রকল্প বাস্তবায়নের জন্য এই সুপরিশসমূহ একটি গাইডলাইন হিসাবে কাজ করতে পারে।

৬.১.১) বিশ্বব্যাপী ও বাংলাদেশে করোনা ভাইরাসের সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় প্রকল্পের বিদেশী ঠিকাদাররা তাদের কর্মীদের প্রকল্পের কাজে পাঠাচ্ছে না। এছাড়া GIS প্যাকেজের মালামাল সাইটে আসে নাই। এমতাবস্থায় প্রকল্পের বন্ধ হয়ে যাওয়া কাজের গতি স্বাভাবিক হতে অনেক সময় লাগবে বলে অনুমিত হয়। এছাড়া প্রকল্পের অন্যান্য কাজও দীর্ঘ সময় বন্ধ ছিল। এই পরিস্থিতিতে প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য প্রকল্পটির মেয়াদ আরো ১ (এক) বৎসর বৃদ্ধি করে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অনুমোদনের জন্য সুপারিশ করা যেতে পারে।

৬.১.২) ডিপিপিতে সুপারিশকৃত মোট ২৬ জন লোকবল প্রকল্পটিতে নিয়োজিত আছে। প্রকল্পের সময়সীমা বৃদ্ধি করা হলে প্রকল্প পরিচালকের অধীনে জনবল বৃদ্ধি আশু প্রয়োজন হবে বলে ধারণা করা যায়। প্রকল্প পরিচালকের অধীনে কত জনবল নিয়োগ করা প্রয়োজন তা কতটুকু কাজ বাকি আছে সে বিষয়টি চিহ্নিত করে এবং প্রকল্প পরিচালকের মতামত নিয়ে নির্ধারণ করা যেতে পারে।

৬.১.৩) দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রকল্পের কাজ প্রায় ২ মাসাধিক কাল বন্ধ ছিল। বর্তমান পরিস্থিতিতে প্রকল্পের কাজ চালিয়ে যাবার জন্য উপযুক্ত পিপিই ব্যবহার করে প্রকল্পে কর্মরত কর্মীরা কাজ চালিয়ে যেতে পারে। এ বিষয়ে একটি সমন্বিত পরিকল্পনা নেওয়া যেতে পারে। এছাড়া ঠিকাদার ও অন্যান্য স্টেকহোল্ডারদের অনুপ্রাণিত রাখতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে ও অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করে নিয়মিত গ্রুপ মিটিং করা যেতে পারে।

৬.১.৪) করোনা ভাইরাসের প্রাদুর্ভাব পরিস্থিতিতে প্রকল্পের সদস্যদের নিজেদের মধ্যে যোগাযোগ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্যোগ নেওয়া যেতে পারে।

৬.১.৫) প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হলেও আর্থিক ব্যয় টাকার ইনফ্লেশন রেট অনুসারে সমানুপাতিক হারে বাড়ে নাই, যাকে প্রকল্প পরিচালনার ক্ষেত্রে প্রশংসনীয় দিক বলা যেতে পারে। প্রকল্পের বাকি অংশেও এটি বজায় রাখার চেষ্টা করতে হবে।

৬.১.৬) দেখা গেছে যে, বিউবোর ফ্যাক্টরী থেকে যথাসময়ে বৈদ্যুতিক পোল না পাওয়ায় বিভিন্ন সময় প্রকল্পের অগ্রগতি ক্ষতিগ্রস্ত হয়েছিল। প্রকল্পের বর্তমান পরিস্থিতিতে প্রযোজ্য না হলেও ভবিষ্যতে একই ধরনের প্রকল্পের ক্ষেত্রে যথা সময়ে প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক পোল প্রাপ্তি নিশ্চিত করার জন্য বিকল্প উৎস থেকে পোল প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রাখা যেতে পারে।

৬.১.৭) সংশোধিত ডিপিপিতে প্রকল্পটির লজিক্যাল ফ্রেমওয়ার্কের যে সকল ইন্ডিকেটর দেওয়া আছে, প্রকল্পটির সময়সীমা বৃদ্ধি পাওয়াতে প্রকল্পটির মূল্যায়নের জন্য ঐ সকল ইন্ডিকেটর কার্যকর নয়। এই জন্য প্রকল্পটির লজিক্যাল ফ্রেমওয়ার্ক সংশোধন করা প্রয়োজন।

৬.১.৮) প্রকল্পটি সম্পন্ন হবার পর এটি সম্পদ ও দায় সহ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি সংস্থা নেসকো লিঃ-এর অধীনে হস্তান্তরিত হবে। মূল অথবা সংশোধিত ডিপিপিতে প্রকল্পটির Exit Plan বিষয়ে কিছু উল্লেখ করা হয় নাই। প্রকল্পটির একটি কার্যকরী Exit Plan তৈরী করা যেতে পারে।

৬.১.৯) প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি পরীক্ষা করে দেখা যাচ্ছে যে, কয়েকটি উপকেন্দ্র স্থাপন কাজের অগ্রগতি তুলনামূলকভাবে কম। ধারণা করা যায় যে, বিদেশ থেকে মালামাল সাইটে পৌঁছাতে দেরী হওয়া এই অঙ্গে অগ্রগতির হার কম হওয়ার একটি বড় কারণ। সাইটে মালামালের উপস্থিতি ছাড়াও অন্য কোন কারণে অগ্রগতি বাধাগ্রস্থ হয়েছে কিনা তা নির্ধারণ করার জন্য এইসব কাজের ক্ষুদ্র ক্ষুদ্র অংশের বিস্তারিত বিশ্লেষণ (Detail Work Breakdown) করে, সমস্যার অংশগুলো (Bottleneck) চিহ্নিত করে সেগুলোর সমাধানে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

৬.১.১০) প্রকল্পটি বিলম্ব হবার প্রধান কারণ জমি অধিগ্রহণ প্রক্রিয়ায় বিলম্ব হওয়া। ইতিমধ্যে এই প্রকল্পের জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। ভবিষ্যতে এই ধরনের প্রকল্পে ভূমি অধিগ্রহণের জটিলতার বিষয়টি বিবেচনা করে যে কর্তৃপক্ষ বা যাকে যেভাবে সংযুক্ত করলে কাজটি সুচারু, দ্রুত ও সহজ হয় সেটি দেখা এবং এই বিষয়টি দেখার জন্য কোনো কর্মকর্তাকে নিয়োগ দেওয়া যেতে পারে।

৬.১.১১) ডিপিপিতে সুনির্দিষ্ট ম্যাটেরিয়ালের জন্য প্যাকেজের আওতায় লটে বিভক্ত না করে প্যাকেজ অনুসারে বিভক্ত করাটাই শ্রেয়। তাহলে প্রতি বৎসরের লক্ষ্যমাত্রা অনুসারে মালামাল ক্রয় সহ ভৌত নির্মাণও এগিয়ে নেওয়া সম্ভব। ডিপিপি প্রস্তুতের সময় এই বিষয়টি বিবেচনায় নিয়ে ডিপিপি অনুমোদন করলে নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ শেষ করা সম্ভব।

৬.১.১২) দেখা গেছে যে, লাইন নির্মাণের ক্ষেত্রে কোনো একটি আইটেমের ঘাটতি থাকলে লাইন নির্মাণ কাজ শুরু করা যায় না। লাইন নির্মাণের ম্যাটেরিয়ালসমূহ প্যাকেজওয়ারী বিভক্ত থাকলে প্রয়োজনীয় ম্যাটেরিয়ালসমূহ ক্রয় সাপেক্ষে লাইন নির্মাণ কাজে হাত দেওয়া যায়।

৬.১.১৩) প্রকল্পের কাজের অগ্রগতির স্বার্থে যথোপযুক্ত ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং অ্যাকাউন্টিং সফটওয়্যার ব্যবহার করা যেতে পারে।

৬.১.১৪) কিছু কিছু এলাকার সার্ভে রিপোর্টে দেখা যায় যে প্রকল্প বাস্তবায়নের ফলে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি, কর্মসংস্থান বৃদ্ধি, ইত্যাদি প্রশ্নের উত্তরে গ্রাহক কর্তৃক প্রদত্ত অনুকূল মন্তব্যের শতকরা পরিমাণ ৩০ ভাগ এমন কি কোথায়ও ১০ ভাগের কম। উক্ত এলাকাগুলোর প্রকল্পসমূহের অগ্রগতি বিশ্লেষণ করা যেতে পারে। এছাড়াও এলাকার সামগ্রিক উন্নয়ন এবং প্রকল্পের বাস্তবিক উপযোগিতা বৃদ্ধির স্বার্থে বর্তমানে অনুমোদিত/বাস্তবায়িত অংশের সাথে কোনো পরিবর্ধন কিংবা পরিমার্জন সমীচিন কিনা সেটি পর্যালোচনা করা যেতে পারে।

৬.১.১৫) ২০১৫ সালে প্রকল্পটি যখন গ্রহণ করা হয় তখন প্রকল্প শেষ হওয়ার লক্ষ্যমাত্রা ছিল জুন, ২০১৮। ভিশন-২০২১ অনুযায়ী ২০২১ সালে ৫০০,০০০ গ্রাহককে সংযোগ দিবার লক্ষ্য ধরে সেই সময় অর্থাৎ জুন, ২০১৮ পর্যন্ত ২০০,০০০ গ্রাহককে সংযোগ দিবার লক্ষ্যমাত্রা ধরা হয়। পরে প্রকল্পটি

বিলম্বের কারণে শেষ হওয়ার সময় ধরা হয়েছে ডিসেম্বর, ২০২০। এখন এত অল্প সময়ে বাকি ৩০০,০০০ সংযোগ দেওয়া সম্ভব না বিধায়, ২০২১ সালে ৫০০,০০০ গ্রাহককে সংযোগ দিবার লক্ষ্যমাত্রা সংশোধন করা প্রয়োজন।

৬.১.১৬) প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (Feasibility Study Report) পরীক্ষা করে দেখা যায় যে, সমীক্ষাটিতে কারিগরী দিক বিস্তারিতভাবে থাকলেও এর আর্থিক পরিকল্পনার দিক বিস্তারিতভাবে নাই। সমীক্ষা প্রতিবেদনটিতে একটি বছরভিত্তিক আর্থিক পরিকল্পনা থাকলে ডিপিপি তৈরীর সময়ে এটি যাচাই করা যেত এবং প্রকল্পের আর্থিক পরিকল্পনা তৈরীতে এই সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনটি থেকে সাহায্য পাওয়া যেত। ভবিষ্যতে এই ধরনের প্রকল্পে বছর ভিত্তিক আর্থিক পরিকল্পনা অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৬.২ উপসংহার

বৃহত্তর রাজশাহী বিভাগের জেলা সমূহের মানুষের বিদ্যুতের আবাসিক ও বাণিজ্যিক চাহিদা পূরণ ও আর্থসামাজিক উন্নয়নের জন্য প্রকল্পটির বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্পটি বাস্তবায়িত হলে রাজশাহী বিভাগের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও ক্ষমতা বৃদ্ধি পাবে, ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ হয়ে সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ হবে, সিস্টেম লস কমবে এবং লোড শেডিং কমবে। ইতিমধ্যেই জরিপ পরিচালনা করে বেশ কিছু সংখ্যক আবাসিক গ্রাহকের তুলনামূলক সন্তুষ্টির প্রমাণ পাওয়া গেছে। সুতরাং প্রকল্পটি বাস্তবায়িত হলে পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়বে, গ্রাহক সেবার মান উন্নয়ন হবে এবং সর্বোপরি জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	১) রাজশাহী বিবিবি-২ এর অধীনে কাশিয়াডাঙ্গা তে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	১৭৬৮.৯১	০১/০৭/২০১৫	২৪/০১/২০১৮	২৪/০১/২০২০
	২) রাজশাহী বিবিবি-৩ এর অধীনে (সিটি বাইপাসে) একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ন কি বেসিস)	সংখ্যা	১				১৭৫৯.৮০			
	৩) রাজশাহী বিবিবি-৫ এর অধীনে মেহেরচন্ডীতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৭৫৯.৮০			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
GIS	৪) চাঁপাইনবাবগঞ্জ বিবিবি এর অধীনে নয়াগোলা তে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	১৭৬৮.৯১	০১/০৭/২০১৫	২৪/০১/২০১৮	২৪/০১/২০২০
	৫) বগুড়া বিবিবি-২ এর অধীনে রহমান নগর (শাঁখারিয়া) তে নতুন ৩৩/১১ কেভি, ১X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১১৬৩.৩৭			
	৬) বগুড়া বিবিবি-১ এর অধীনে বনানীতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৭৫৯.৮০			
	৭) বগুড়া বিবিবি-৩ এর অধীনে গোদারপাড়া তে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ জিআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৭৬৮.৯১			
	৮) প্রশিক্ষণ	সংখ্যা	১				১২২.৯৮			
	প্যাকেজ GIS মোট						১১৮৭২.৪৯			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-১	১) রাজশাহী বিবিবি-১ এর অধীনে তালাইমারী তে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর খমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	১৩৭০.৯৩	০১/০৭/২০১৫	০৯/০১/২০১৮	০৯/০১/২০২০
	২) রাজশাহী বিবিবি-৫ এর অধীনে কাটাখালিতে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর খমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৫৫১.৮০			
	৩) রাজশাহী বিবিবি-৩ এর অধীনে শালবাগানে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর খমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৯৪৩.৫৬			
	৪) রাজশাহী বিবিবি-৪ এর অধীনে এয়ারপোর্টে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর খমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৩৮৮.৬৭			
	৫) রাজশাহী বিবিবি-৪ এর অধীনে সিটি সেন্টারে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর খমতান্নোয়ন কাজ (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৩৭৮.২১			
	প্যাকেজ AIS-১ মোট						৩৬৩৩.১৭			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-২	১) রাজশাহী বিবিবি-৩ এর অধীনে তানোর বিদ্যুৎ সরবরাহে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৭ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৬১৩.০৭	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯
	২) নওগাঁ বিবিবি এর অধীনে পলিটেকনিক (চকদৌলত) এ একটি নতুন ৩৩/১১ কেভি, ১X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৭১০.৯২			
	৩) রাজশাহী বিবিবি-২ এর অধীনে হরগ্রামে ৩৩/১১ কেভি, ২X২০/২৬ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				২২৩.৬৪			
	৪) নাটোর বিবিবি এর অধীনে হরিশপুর ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৪৬.২৬			
	৫) নাটোর বিবিবি এর অধীনে আলাইপুরে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৮৩.৯৯			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-২	৬) গোদাগাড়ি বিবিবি এর অধীনে গোদাগাড়ি ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ক্ষমতাপ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিজ্ঞাখস মন্ত্রণালয়	জিওবি	৯৪৮.৫৬	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯
	৭) গোমস্তাপুর বিবিবি এর অধীনে গোমস্তাপুর ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ক্ষমতাপ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১০৬৯.১৪			
	৮) শিবগঞ্জ বিদ্যুৎ সরবরাহের অধীনে শিবগঞ্জ ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৯৪১.০৪			
	প্যাকেজ AIS-২ মোট						৪৮৩৬.৬২			
	১) বিবিবি দুপচাচিয়ার অধীনে তালোরাতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৪৪৪.৯৭	০১/০৭/২০১৫	২৮/১২/২০১৭	২৮/১২/২০১৮
	২) সাপ্তাহার বিবিবি এর অধীনে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১১৩.৯৫			
	৩) সাপ্তাহার বিবিবি এর অধীনে আদমদিঘীতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ রুরাল সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)						১১০১.৫১			
	প্যাকেজ AIS-৩ মোট						২৬৬০.৪৩			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-২	৬) গোদাগাড়ি বিবিবি এর অধীনে গোদাগাড়ি ৩৩/১১ কেভি, ২x৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ক্ষমতাগ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিজ্বাখস মন্ত্রণালয়	জিওবি	৯৪৮.৫৬	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯
	৭) গোমস্তাপুর বিবিবি এর অধীনে গোমস্তাপুর ৩৩/১১ কেভি, ২x৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ক্ষমতাগ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১০৬৯.১৪			
	৮) শিবগঞ্জ বিদ্যুৎ সরবরাহের অধীনে শিবগঞ্জ ৩৩/১১ কেভি, ২x৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৯৪১.০৪			
	প্যাকেজ AIS-২ মোট						৪৮৩৬.৬২			
	১) বিবিবি দুপচাচিয়ার অধীনে তালোরাতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২x৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৪৪৪.৯৭	০১/০৭/২০১৫	২৮/১২/২০১৭	২৮/১২/২০১৮
	২) সাপ্তাহার বিবিবি এর অধীনে একটি নতুন ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ রুরাল সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১১৩.৯৫			
	৩) সাপ্তাহার বিবিবি এর অধীনে আদমদিঘীতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ রুরাল সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)						১১০১.৫১			
	প্যাকেজ AIS-৩ মোট						২৬৬০.৪৩			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-৪	১) ঈশ্বরদী বিবিবি এর অধীনে বাবুপাড়ায় একটি নতুন ৩৩/১১ কেভি, ১X১০/১৩.৩৩ এমভিএ রুরাল সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিপিডিবি	জিওবি	৭২৮.৩১	১৫/০৬/২০১৭	০১/০৩/২০১৮	০১/০৩/২০১৯
	২) পাবনা বিবিবি-১ এর অধীনে লস্করপুরে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৩৮৬.৬৮			
	৩) সিরাজগঞ্জ বিবিবি এর অধীনে বাহিরগোলাতে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৩১৬.৬৮			
	৪) সিরাজগঞ্জ বিবিবি এর অধীনে বাহিরগোলাতে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিপিডিবি	জিওবি	২৫৫.১২			
	৫) জয়পুরহাট বিবিবি এর অধীনে আলাইপুরে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				২৩৯.৭৫	১৫/০৬/২০১৭	০১/০৩/২০১৮	০১/০৩/২০১৯
	প্যাকেজ AIS-৪ মোট						১৯২৬.৫০			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-৫	১) শেরপুর বিবিবি এর অধীনে মির্জাপুরে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১৬/২০ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	১৫৭৯.৭২	০১/০৭/২০১৫	২৮/১২/২০১৭	২৮/১২/২০১৮
	২) বগুড়া বিবিবি-২ এর অধীনে শিববাটিতে ৩৩/১১ কেভি, ৩X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ক্ষমতাগ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৫০৫.৩৫			
	৩) বগুড়া বিবিবি-৩ এর অধীনে পুরাতন বগুড়াতে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ক্ষমতাগ্লোয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	৫০৮.৬০	০১/০৭/২০১৫	২৮/১২/২০১৭	২৮/১২/২০১৮
	৪) দুপচাচিয়ার বিবিবি এর অধীনে দুপচাচিয়াতে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১০৭২.৮৫			
	প্যাকেজ AIS-৫ মোট						৩৬৬৬.৫২			
AIS-৬	১)জয়পুরহাট বিবিবি এর অধীনে একটি নতুনহাটে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	সিসিজিপি	জিওবি	৮৮৪.৩৩	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-৬	২) বিবিবি-৩ বগুড়ার অধীনে শিবগঞ্জ বিদ্যুৎ সরবরাহে একটি নতুন ৩৩/১১ কেভি, ২X৫/৬.৬৬ এমভিএ রুরাল সাবস্টেশন ইন্সটলেশন টেস্টিং এবং কমিশনিং (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৪৫৩.৪৫			
	৩) বগুড়া বিবিবি-১ এর অধীনে রহমাননগরে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ আইএএস সাবস্টেশনের পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিপিডিবি	জিওবি	১১৭.৩৭	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯
	৪) শেরপুর বিবিবি এর অধীনে শেরপুরে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ক্ষমতানোন্নয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৬৮৪.২০			
	৫) নওগাঁ বিবিবি এর অধীনে কাঁঠালতলী ৩৩/১১ কেভি, ৩X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৮৭.৫৮			
	৬)নওগাঁ বিবিবি এর অধীনে বালুডাঙ্গা ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৭৭.০৭			
	প্যাকেজ AIS-৬ মোট						২৫০৪.৩০			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-৭	১) চাঁপাইনবাবগঞ্জ বিবিবি এর অধীনে হজরাপুর ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিপিডিবি	জিওবি	২৪৫.২০	১৫/০৬/২০১৭	০৪/০৪/২০১৮	০৪/০৪/২০১৯
	২) চাঁপাইনবাবগঞ্জ বিবিবি এর অধীনে বটতলার হাট ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				২০৬.৬০			
	৩) পাবনা বিবিবি-২ এর অধীনে নুরপুর ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ক্ষমতানোন্নয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				৪৬৫.৯৭			
	৪) পাবনা বিবিবি-২ এর অধীনে ছাতিয়ানিতে ৩৩/১১ কেভি, ২X১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১৯৮.৯২			

উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/বিভাগ	:	বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ।
সংস্থা	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
ক্রয়কারী এনটিটির নাম ও কোড	:	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
প্রকল্প/কার্যক্রমের নাম ও কোড	:	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, রাজশাহী জোন (১ম সংশোধন)

প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

মোট	৯৬৪১৬.০১
জিওবি	৯২৫৫৭.০৭
নিজস্ব অর্থ	৩৮৫৮.৯৪

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি সাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
AIS-৭	৫) ঈশ্বরদী বিবিবি এর অধীনে পাতিলাখালীতে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর পুনর্বাসন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১	আইসিটি	বিপিডিবি	জিওবি	৩০৭.২৯	১৫/০৬/২০১৭	০১/০৩/২০১৮	০১/০৩/২০১৯
	২) ঈশ্বরদী বিবিবি এর অধীনে জয়নগরে ৩৩/১১ কেভি, ২x১০/১৩.৩৩ এমভিএ এআইএস সাবস্টেশন এর ক্ষমতানোন্নয়ন (টার্ণ কী বেসিস)	সংখ্যা	১				১০৪৫.৬২			
	প্যাকেজ AIS-৭ মোট						২৪৬৯.৬০			
